দাস! হা! মম প্রাণসম! হা মূর্খেণ কিমশ্রাব্যং শ্রাবিতোঽসি, অবাচ্যমুক্তোঽসি” ইতি প্রসুপ্ত ইব গ্রহগ্রস্ত ইব মায়াবিধ্বস্ত ইব পপাত। ততঃ প্রিয়াকরকমলসিক্তজলসঞ্জাতসংজ্ঞঃ কথমপি তামেব প্রিয়াং বীক্ষ্য স্বাত্মনিন্দাপরঃ পরমতিষ্ঠৎ। ততো নিশানাথহীনেব নিশা, দিনকরহীনেব দিনশ্রীঃ, বিয়োগিনীব যোষিৎ, শক্ররহিতেব সুধর্ম্মা ন ভাতি ভোজভূপালসভা রহিতা কালিদাসেন। তদা প্রভৃতি ন কস্যচিন্মুখে কাব্যম্। ন কোঽপি বিনোদসুন্দরং বচো বক্তি ॥২॥

দাক্ষিণ্যং কুশলতা সর্ব্বস্মিন্ কর্ম্মণি পাণ্ডিত্যং কিম্? অপিতু কিমপি পাণ্ডিত্যং নাস্তি। অনাস্থার্থালঙ্কঃ কিংশব্দঃ। হাহেতি খেদে। প্রসুপ্ত ইব হৃতসংজ্ঞঃ পপাত ভূমৌ। সুধর্ম্মা দেবসভা। কাব্যং প্রচরতি ॥ ২ ॥

হইতে রাজা নিদ্রা জান না, ভোজন করেন না, কাহার সহিত কথাও বলেন না। কেবল উদ্বিগ্ন মনে বসিয়া থাকিয়া দিবারাত্র বিলাপ করেন, হায় আমার কি লজ্জাই না হইয়াছে? আমার কিবা দাক্ষিণ্য আছে? আমার সে গাম্ভীর্য্য কোথায়? হায় কবি! তুমি যে কোটি কোটি কবির মুকুটের মণিস্বরূপ! হায় আমার প্রাণের সমান প্রিয় কালিদাস! হায় তুমি এ মূর্খের নিকট কি না অবাচ্য বাক্য শ্রবণ করিয়াছ, কি না অশ্রাব্য বাক্য তোমায় এই মূর্খ বলিয়াছে! এইরূপ বিলাপ করিতে করিতে নিদ্রিত ব্যক্তির ন্যায় হতজ্ঞান হইয়া, গ্রহগ্রস্ত ব্যক্তির ন্যায় উন্মাদভাবে, মায়াবিধ্বস্ত ব্যক্তির ন্যায় অবশ হইয়া ভূমিতলে পতিত হইয়াছিলেন। রাজার এইরূপ অবস্থা দেখিয়া মহিষী লীলাবতী নিজকরকমলে জল সেক করিলে, তদ্দ্বারা রাজা সংজ্ঞালাভ করিয়া সর্ব্বদাই আত্মনিন্দা করিয়া আর সেই নির্ম্মলচরিত্রা প্রিয়াকে দেখিয়া অতিকষ্টে অবস্থান করিয়াছিলেন। সেই

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

तदा गतेषु केषुचिद्दिनेषु कदाचिद्राकापूर्णेन्दुमण्डलं पश्यन् पुरस्थ लीलादेवीमुखेन्दुं वीक्ष्य प्राह,—

तुलणं अणु अणुसरइ ग्लोसो मुहचन्दस्स क्खु एदाये।

कुत्र च पूर्णेऽपि चन्द्रमसि नेत्रविलासाः, कदा वाचो विलसितम् ? प्रातश्चोत्थितः प्रातर्विधीन् विधाय सभां प्राप्य राजा विद्वद्वरान् प्राह, भो कवयः ! इयं समस्या पूर्य्यताम् । ततः पठति—

"तुलणं अणु अणुसरइ ग्लोसो मुहचन्दस्स क्खु एदाये"

ततः कालिदासनिर्व्वासनानन्तरं, राकायाः पौर्णमास्याः पूर्णम् इन्दुमण्डलं चन्द्रं पश्यन् प्राहेत्यन्वयः। नेत्रविलासा दर्शनसुखोपभोगः, विलसितं विलासः वाग्व्यवहारजनितसुखोपभोगश्च कदा कस्मिन् काले ; अपितु कालिदासविरहात् सर्व्व एवासम्भवः। समस्या गूढार्था गीतिः। पूर्य्यतां गूढार्थविस्तारः क्रियताम।

অবধি ভোজরাজের সভা কালিদাসের বিরহে যেমন নিশানাথ চন্দ্রের বিরহে যামিনী, যেমন দিনপতির বিয়োগে দিনের শোভা, যেমন সাধ্বী স্ত্রী পতিবিয়োগে কাতরা, যেমন দেবসভা ইন্দ্রের অভাবে শোভা পায় না, সেইরূপ বিশ্রী হইয়াছিল। সেই অবধি আর কাহারও মুখে কাব্যকথা শুনিতে পাওয়া যাইত না, বা কেহই আর সরস বাক্যও বলিত না ॥ ৬ ॥

তারপর কিছুদিন অতিবাহিত হইলে কোনও এক পূর্ণিমার দিন পূর্ণচন্দ্র ও সম্মুখে অবস্থিত লীলাদেবীর মুখচন্দ্র দেখিয়া বলিয়াছিলেন, ইঁহার মুখচন্দ্রের তুলনা সে চন্দ্র অল্পই প্রাপ্ত হয়। হায় ! কোথায় বা আমার পূর্ণচন্দ্রদর্শনে নয়নের সুখ ? আর কোন্ কালেই বা কথা বলিয়া সুখভোগ ? ইহার পর প্রাতঃকালে উঠিয়া প্রাতঃকৃত্যাদিসমাপনের পর সভায় আসিয়াই রাজা সেই সকল শ্রেষ্ঠ শ্রেষ্ঠ পণ্ডিত-

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

पुनराह, "इयच्चेत् समस्या न पूर्य्यते भवद्भिः, मद्देशे न स्थातव्यम्" इति। ततो भीतास्ते कवयः स्वानि गृहाणि जग्मुः। चिरं विचारितेऽप्यर्थे कस्यापि नार्थसङ्गतिः स्फुरति। ततः सर्वैर्मिलित्वा बाणः प्रेषितः। ततः सभां प्राप्याह राजानम् "देव! सर्वैर्विद्वद्भिरहं प्रेषितः अष्ट-वासरानवधिमभिधेहि, नवमेऽह्नि पूरयिष्यन्ति ते। न चेद्देशान्निर्गच्छन्ति"। ततो राजा "अस्तु" इत्याह। ततो बाणः तेषां विज्ञाप्य राजसन्देशं, स्वगृहमगात्। ततोऽष्टौ दिवसा अतीताः। अष्टमदिनस्य रात्रौ मिलितेषु तेषु कविषु बाणः प्राह, "अहो! तारुण्यमदेन राजसम्मानमदेन किञ्चिद्विद्यामदेन च कालि-

अर्थसङ्गतिरभिप्रायानुकूलोऽर्थसम्बन्धः स्फुरति वाचा आविर्भवति। गूढार्थाविस्कारकं वाक्यं न कस्यापि मुखादुच्चार्य्यते। अष्ट वासरान् अवधिं सीमां अभिधेहि कथय—अष्टौ वासराः समस्यापूरणकालः कथ्यताम्। राजसन्देशं राजवार्त्तां अन्तिमिति राज्ञ आदेशम्। तारुण्यमदेन यौवनगर्व्वेण कवीनां युवानो वयमपि इत्येवं गर्व्वेण। अमी सर्व्वे एव महाकवय इत्येवं कथयन् राजा सर्व्वान् समं सम्मानयतीति प्राप्तराजसम्मानस्याहङ्कारेण वयमपि महाकवय इति। वस्तुतस्तु

দিগকে বলিয়াছিলেন, ওহে কবিগণ! এই সমস্যা পূরণ করিতে হইবে। এই কথা বলিয়া পাঠ করিলেন, 'সে চন্দ্র ইহাঁর মুখচন্দ্রের তুলনা অতি অল্পই পাইতে পারে।' আরও বলিয়াছিলেন, আপনারা যদি এ সমস্যা পূরণ করিতে না পারেন, আমার দেশে থাকিতে পারিবেন না। রাজার এই কথা শুনিয়া কবিগণ ভীত হইয়া নিজ নিজ গৃহে গমন করিয়াছিলেন। বহু সময় ধরিয়া ইহার অর্থের বিচার করিলেও কাহারও মুখ দিয়া রাজার অভিপ্রায়ের অনুকূল অর্থ প্রকাশকর বাক্য

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

দাসো নিঃসারিতোঽভবৎ। সমে ভবন্তঃ সর্ব্বে এব কবয়ঃ, বিষমে স্থানে তু স এক এব কবিঃ। তং নিঃসার্য্য ইদানীং কিং নাম মহত্ত্বমিবাসীৎ। স্থিতে তস্মিন্ কথমিয়মবস্থাঽস্মাকং ভবেৎ? তন্নিঃসারে যা যা বুদ্ধিঃ কৃতা, সা ভবদ্ভিরেব অনুভূয়তে।

সামান্যবিপ্রবিদ্বেষে কুলনাশো ভবেৎ কিল।
উমারূপস্য বিদ্বেষে নাশঃ কবিকুলস্য হি" ॥

কিঞ্চিদ্বিদ্যামদেন কিঞ্চিৎ স্বল্পায়া বিদ্যায়া মদেনাহঙ্কারেণ চ। অতএব স্মরন্তি লৌকিকাঃ—'স্বল্পা বিদ্যা ভয়ঙ্করী'তি। সমে স্থানে। সামান্যবিপ্রবিদ্বেষে নাম্না ব্রাহ্মণস্য দ্বেষে কৃতে সতি কুলনাশো বংশলোপো ভবতীতি কিল স্মৃতিপুরাণাদিপ্রসিদ্ধমেতৎ। উমারূপস্য উমায়া দুর্গায়া রূপমিব মহাসরস্বতী-রূপমিব রূপং যস্য, স তথা, তস্য সরস্বতীস্বরূপস্য, উক্তং হি 'সরস্বত্যাঃ পুরুষাবতার,

বহির্গত হয় নাই। তারপর সকলে মিলিয়া বাণকবিকে পাঠাইয়াছিলেন। বাণকবি সভায় আসিয়া রাজাকে বলিলেন, সকল কবি মিলিয়া আমাকে পাঠাইয়াছেন যে, আট দিন সময় থাকিল, আপনি এইকথা বলুন। নবম দিনে তাঁহারা সমস্যার পূরণ করিবেন। যদি না পারেন, ত' আপনার দেশ ছাড়িয়া চলিয়া যাইবেন। বাণকবির এই আবেদন শুনিয়া রাজা বলিয়াছিলেন, আচ্ছা তা'ই হউক। রাজার আজ্ঞা পাইয়া বাণকবি তাঁহাদিগের নিকটে রাজার আদেশ জানাইয়া নিজের গৃহে আসিয়াছিলেন। তারপর আট দিন ত কাটিয়া গেল। সেই অষ্টম দিনের রাত্রে তাঁহারা সকলে মিলিত হইলে বাণকবি বলিলেন, আমরাও যুবককবি, এইরূপ অহঙ্কারে; রাজাও আমাদিগকে মহাকবি বলিয়া বিশেষ সম্মান করেন, এইরূপ অহঙ্কারে; তারপর কিছু বিদ্যার গর্ব্বেও বটে, আপনাদিগদ্বারা কলিদাস নির্ব্বাসিত হইয়াছে। সম স্থানে আপনারা সকলেই

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततः सर्वे गाढं कलहायन्ते स्म मयूरादयश्च ॥ ४ ॥

ततस्ते सर्वान् कलहान्निवार्य्य सद्यः प्राहुः, "अद्यैतावधिः पूर्णः । कालिदासमन्तरेण न कस्यचित् सामर्थ्यमस्ति समस्यापूरणे ।

संग्रामेषु भटेन्द्राणां कवीनां कविमण्डले ।
दीप्तिर्वा दीप्तिहानिर्वा मुहूर्त्तेनैव जायते ॥

यदि रोचते ततोऽद्यैव मध्यरात्रे प्रमुदितचन्द्रमसि निगूढ़-

इति । स्मर्य्यते च—"ललिता भारती काली एकैव भगवत्युमा" इति चण्डीरहस्यवचः । कश्चिदाह 'उमारूपस्य पार्व्वतीस्वरूपस्य—'शब्दजातमशेषन्तु धत्ते सर्व्वस्य वल्लभा । इति स्मरणात् कवेः कालिदासस्य साक्षात् उमास्वरूपत्वम् । तन्न, शब्दस्वरूपत्वेऽपि अवतारस्वरूपस्याप्राप्तेः । किञ्च शब्दस्वरूपत्वे विशेषग्रहणं, तन्न विघ्नः । तस्मात् चण्डीरहस्योक्तमेव श्रेयः । तस्य सरस्वतीरूपस्य कालिदासस्य विद्वेषे जाते कविकुलस्य सर्व्वेषां कवीनां नाशो भवतीति हि प्रसिद्धं जातमिदानीमेवेति ॥ ४ ॥

সমান কবি; কিন্তু বিষম স্থানে সে একমাত্র শ্রেষ্ঠ কবি। তাহাকে নির্ব্বাসিত করিয়া এখন কি মহত্ত্ব প্রকাশ হইল। সে থাকিলে কি আমাদিগের এইরূপ অবস্থা হয়? তাহার নির্ব্বাসনে আপনারা যে যে বুদ্ধি অবলম্বন করিয়াছেন, এখন আপনারা তাহা বিশেষ ভাবে অনুভব করিতে পারিতেছেন। সামান্য একজন ব্রাহ্মণের উপর বিদ্বেষ করিলে নিশ্চয় কুলনাশ হয়; কিন্তু উমার মূর্ত্তিবিশেষ মহাসরস্বতীর অবতারের উপর বিদ্বেষ করিলে সকল কবিরই নাশ নিশ্চয়—এই কথা শুনিয়া ময়ূরপ্রভৃতি সকলে গাঢ়ভাবে পরস্পর কলহ আরম্ভ করিয়া দিয়াছিলেন। ৪।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

सेव गच्छामः सम्पत्तिसम्भारमादाय। यदि न गम्यते, श्वो राजसेवका अस्मान् बलान्निःसारयन्ति, तदा देहमात्रेणैवास्माभिर्गन्तव्यं, तदद्य मध्यरात्रे गमिष्यामः" इति सर्वे निश्चित्य गृहमागत्य बलीवर्दव्यूढेषु शकटेषु सम्पद्भारमारोप्य रात्रावेव निष्क्रान्ताः। ततः कालिदासः तत्रैव रात्रौ विलासवतीसदनोद्याने वसन् पथि गच्छतां तेषां गिरं श्रुत्वा वेश्याचेटीं प्रेषितवान्, "भद्रे! पश्य, क एते गच्छन्ति ब्राह्मणा इव"। ततः सा समेत्य सर्वानपश्यत्, उपेत्य च कालिदासं प्राह,—

ময়ূরাদি সকলে পরস্পর কলহ করিতে থাকিলে, তাঁহারা সকলেই আবার সকলকে কলহ করিতে নিবারণ করিয়া তৎক্ষণাৎ বলিয়াছিলেন, অদ্যই সমস্যাপূরণের শেষ সময় পূর্ণ হইয়া গেল। কালিদাসব্যতিরেকে সমস্যা পূরণ করিতে কাহারও সামর্থ্য নাই, সৈনিকশ্রেষ্ঠ ব্যক্তিদিগের যুদ্ধকালে, এবং কবিসমূহে সুশোভিত সভার মধ্যে কবিদিগের এক মুহূর্ত্তেই প্রভাব প্রকাশ হয়, বা যায়। যদি আপনাদিগের অভিপ্রায়ে হয়, তবে অদ্যই মধ্য রাত্রে চন্দ্র অস্ত গেলে পরে, আমরা সম্পত্তিসম্ভার লইয়া লুকাইয়া চলিয়া যাই। যদি না যাওয়া হয়, তবে কাল রাজার সেবকেরা আসিয়া আমাদিগকে বলপূর্ব্বক বাহির করিয়া দিবে। তখন কেবল দেহটি লইয়াই যাইতে হইবে। সেইজন্য (আইস) অদ্য মধ্যরাত্রেই বাহির হই গিয়া। এইরূপ নিশ্চয় করিয়া সকলে বাটীতে আসিয়া বলীবর্দ্দবাহিত অনেক শকটে সম্পস্তার চাপাইয়া রাত্রেই বাহির হইয়াছিলেন। পণ্ডিতেরা বাহির হইলে কালিদাসও সেই রাত্রে বিলাসবতীর বাটীর উদ্যানে থাকিয়া গমনকারী সেই সকল পণ্ডিতের কথা শুনিয়া একটি বেশ্যাচেটী (দাসীকে) পাঠাইয়াছিলেন, এবং বলিয়া দিয়াছিলেন, দেখ ত প্রিয়ে! এ কাঁহারা যাইতেছেন; যেন ব্রাহ্মণের ন্যায় মনে হইতেছে। তার পর সেই বিলাসবতী আসিয়া সকলকে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"एकेन राजहंसेन या शोभा सरसोऽभवत् ।
न सा बकसहस्रेण परितस्तीरवासिना ॥

सर्वे च बाणमयूरप्रमुखाः पलायन्ते नात्र संशयः" इति । कालिदासः—"प्रिये ! वेगेन वासांसि भवनादानय, यथा पलायमानान् विप्रान् रक्षामि ।

किं पौरुषं रक्षति यो न वाऽऽर्त्तान्,
किं वा धनं नार्थिजनाय यत् स्यात् ।
सा किं क्रिया या न हितानुबद्धा,
किं जीवितं साधुविरोधि यद्वै" ॥

किं पौरुषमिति । यो वा च न आर्त्तान् पीड़ितान् रक्षति, तस्य किं पौरुषं पुरुषकारः ? यत् धनं अर्थिजनाय प्रार्थिजनप्रीतये न स्याद् भवेत्, तत् धनं वा किम्भूतम् ? या क्रिया न हिते उपकारे अनुबद्धा संबद्धा, सा क्रिया किं कीदृशी ? यत् जीवनं साधूनां विरोधि विरोधेऽनुबद्धं, तत् किं जीवनं ? अपि तु भस्त्राश्वास-

দেখিয়াছিল। ফিরিয়া যাইয়া কালিদাসকে বলিয়াছিলও—এক রাজহংসদ্বারা সরোবরের যে শোভা হইয়াছিল, বেষ্টন করিয়া তীরে বাসকারী সহস্র বক দ্বারা সে শোভাটি আর হয় নাই। বাণ ও ময়ূর প্রভৃতি কবি সকল পলাইতেছেন, ইহাতে আর সংশয় নাই। কালিদাস বলিলেন, প্রিয়ে! ছুটিয়া যাও; গৃহ হইতে কাপড়গুলি আন; পলায়মান ব্রাহ্মণসকলকে রক্ষা করিব। কারণ, পীড়িত ব্যক্তিদিগকে যে রক্ষা না করে, তাহার আর পুরুষকার কি? যে ধনে ভিক্ষুকের আনন্দ না হয়, সে কি ধন? উপকারের সহিত যাহার সম্বন্ধ নাই, সে কি ক্রিয়া? আর যে জীবন সাধুদিগের বিরোধ লইয়াই অতিবাহিত হয়, সে কি জীবন? সে ত ভস্ত্রাবস্ত্রের (হাপোরের) শ্বাসসদৃশ নিষ্ফল। অতএব 'ছুটিয়া যাও, ঘর হইতে 'কাপড়-

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततः स कालिदासश्चारणवेषं विधाय खड्गमुद्वहन्, क्रोशार्द्धमुत्तरं गत्वा तेषामभिमुखमागत्य सर्वान्निरूप्य "जय" इत्याशीर्वचनमुदीर्य्य पप्रच्छ चारणभाषया, "अहो विद्यावारिधयः! भोजसभायां सम्प्राप्तमहत्त्वातिशयाः, बृहस्पतय इव सम्भूय कुत्र जिगमिषवो भवन्तः. कच्चित् कुशलं वः? राजा च कुशली? अस्माभिः काशीदेशादागम्यते भोजदर्शनाय वित्तस्पृहया च"। ततः परिहासं कुर्वन्तः सर्वे निष्क्रान्ताः। ततस्तेषु कश्चित्तद्गिरमाकर्ण्य तञ्च चारणं मन्यमानः कुतूहलेन विपश्चित् प्राह, "अहो चारण! शृणु, त्वया पश्चादपि श्रोष्यत एव; अतो मया

बहेवेति इदनीं साधूनां परित्राणमेव मे समुचितमिति भावः। कच्चिदिति कामि प्रश्ने। वित्तस्पृहया धनप्राप्तीच्छया। तद्गिरं तस्य वाक्यम्। विपश्चित् पण्डितः।

চোপড় গুলা' লইয়া আইস।' কালিদাসের কথায় বিলাসবতী ছুটিয়া যাইয়া 'কাপড়' আনিয়া দিল। কালিদাস চারণের বেশ ধারণ করিয়া একখানি খড়্গ লইয়া অর্দ্ধক্রোশ পরিমাণে অগ্রসর হইলেন এবং ফিরিয়া আবার তাঁহাদিগের অভিমুখে আসিয়া সকলকে দেখিয়া জয়শব্দে আশীর্ব্বাদ করিলেন এবং চারণভাষায় জিজ্ঞাসা করিলেন, হোঃ হো! আপনারা বিদ্যার সাগর; ভোজের সভায় থাকিয়া অতিশয় মহত্ত্ব লাভ করিয়াছেন; আপনারা যে বৃহস্পতির ন্যায় দেখিতেছি; আপনারা সকলে মিলিয়া কোথায় যাইতে ইচ্ছা করিয়াছেন? আচ্ছা, আপনাদের মঙ্গল ত? রাজাও বেশ কুশলে আছেন? কিছু ধন পাইবার আশায় ভোজের দর্শনের জন্য আমি কাশীদেশ হইতে আসিতেছি। এই কথা শুনিয়া সকলে পরিহাস করিতে করিতে চলিয়া গেলেন। তাহাদিগের মধ্যে কোন পণ্ডিত তাহার কথা শুনিয়া তাহাকে চারণ মনে করিয়া কুতূহলবশতঃ বলিলেন, ওহে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

द्यैवोच्यते, राज्ञा किलैभ्यो विद्वद्भ्यः पूरणाय समस्योक्ता, तत्पूरणाशक्ताः कुपितस्य राज्ञो भयात् देशान्तरे क्वचिन्निग-मिषव एते निष्क्रान्ताः"। चारणः प्राह—"राज्ञा का वा समस्या प्रोक्ता?" ततः पठति स विपश्चित्—

"तुलणं अणु अणुसरइ ग्लोसो मुहचन्दस्स क्खु एदाये।"

चारणः प्राह, "एतत्साध्वेव गूढार्थम्। एतत् पूर्णेन्दुमण्डलं वीक्ष्य राज्ञाऽपाठि। एतस्योत्तरार्द्धमिदं भवितुमर्हति,—

"अणुहुदि वस्सयदि कहं अणुकिदि दस्स प्पडिपदि चन्दस्स।"

सर्वे श्रुत्वा चमत्कृताः। ततः चारणः सर्वान् प्रणिपत्य निर्ययौ। ततः सर्वे विचारयन्ति स्म, "अहो! इयं साक्षात् सरस्वती

চারণ! শোন। তুমি পরেও শুনিতে পাইবে, এইজন্য আমি আজই বলিতেছি, পূরণ করিবার জন্য একটি সমস্যা রাজা এই সকল পণ্ডিতকে বলিয়াছিলেন। ইঁহারা তাহার পূরণে অশক্ত হইয়া কুপিত-রাজার ভয়ে অন্য কোন দেশান্তরে যাইবার ইচ্ছায় বাহির হইয়াছেন। চারণ বলিল, কিবা সমস্যা রাজা বলিয়াছিলেন? তারপর সেই পণ্ডিত পাঠ করিলেন, 'সেই চন্দ্র ইহার মুখচন্দ্রের তুলনা অল্পই পাইতে পারে।' চারণ বলিল,—এটা অতি উত্তম গূঢ়ার্থ। পূর্ণচন্দ্র-মণ্ডল দেখিয়া এটি রাজা পাঠ করিয়াছিলেন। ইহার উত্তরার্দ্ধ এ-ই হইতে পারে— 'তুলনা অল্পই পাইতে পারে, এরূপ বর্ণনা করিতেছি কেন? না, সে চন্দ্রের যে প্রতিপৎ তিথিতে ক্ষুদ্র আকার দেখা যায়; এ মুখচন্দ্রের ত কখনই ক্ষুদ্র আকার নাই।' ইহা শুনিয়া সকলে চমৎকৃত হইয়াছিলেন। তারপর চারণ সকলকে প্রণাম করিয়া বাহির হইয়া চলিয়া গিয়াছিল। চারণ চলিয়া গেলে সকলে বিচার

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

पुंरूपेण सर्वेषाम् अस्माकं परित्राणायागता, नायं भवितुमर्हति मनुष्यः। अद्यापि किमपि केनापि न ज्ञायते। ततः शीघ्रमेव गृहमासाद्य शकटेभ्यो भारमुत्तार्य्य प्रातः सर्वैरपि राजभवनमागन्तव्यं, न चेत्कारण एव निवेदयिष्यति। ततः झटिति गच्छामः'' इति योजयित्वा तथा चक्रुः। ततो राजसभां गत्वा राजानमालोक्य "स्वस्ति" इत्युक्त्वा विविशुः। ततो बाणः प्राह, "देव! सर्वज्ञेन यत्त्वया पठ्यते, तदीश्वर एव वेद, केऽमी वराका उदरम्भरयो द्विजाः? तथाप्युच्यते—

तुलयं अणु अणुसरइ ग्लोसो मुहचन्दस्स क्खु एदाये।
अणु द्दिदि वसयदि कहं अणुक्किदि दस्स प्पडिपदि चन्दस्स॥"

तुलयं इति।

तुलनामणुनुसरति ग्लौः स मुखचन्द्रस्य खल्वेतस्याः।
अन्विति वर्त्तते कथमनुकृतिस्तस्य प्रतिपदि चन्द्रस्य॥ इति छाया।

स ग्लौः राकायाः पूर्णचन्द्रः एतस्या लीलावत्या मुखचन्द्रस्य मुखमेव चन्द्रः, तस्य तुलनां साद्दश्यमणु अल्पमेव यथा स्यात्, तथा अनुसरति प्राप्नोति; राकाचन्द्रो हि एतन्मुखचन्द्रस्य साद्दश्यमल्पमेव प्राप्नोति, इत्यत्र अणु इति अल्पमिति कथं वर्त्तते? यतः तस्य राकाचन्द्रस्य प्रतिपदि तिथौ, पदं पदं तिथिं तिथिं प्रति प्रतिपदादिसर्व्वासु तिथिष्वेव वा अणुकृति क्षुद्राकारो दृश्यत एव, नास्य मुखचन्द्रस्य तथाऽणुकृति-

করিয়াছিলেন, ওহো! এ সাক্ষাৎ সরস্বতীই আমাদিগের সকলের পরিত্রাণের জন্য পুরুষরূপে আসিয়াছিলেন। এ মানুষ হইতে পারে না। এখনও কেহ কিছু জানিতে পারে নাই। অতএব শীঘ্রই গৃহে যাইয়া শকট হইতে ভারসকল নামাইয়া প্রাতঃকালেই রাজবাটীতে সকলকার যাইতে হইবে। তা নতুবা

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

राजा च यथाव्यवसितस्याभिप्रायं विदित्वा 'सर्वथा कालि-दासः दिवसप्राप्यस्थाने निवसति। उपायैश्च सर्वं साध्यम्।' इत्याह। ततो बाणाय रुक्माणां पञ्चदशलक्षाणि प्रादात्। सन्तोषमिषेणैव विद्वद्वृन्दं स्वं स्वं सदनं प्रति प्रेषितम् ॥ ५ ॥

गते च विद्वन्मण्डले शनैर्द्वारपालायादिष्टं राज्ञा, "यदि केचित् द्विजन्मान आयास्यन्ति, तदा गृहमध्यमानेतव्याः"। ततः सर्वमपि वित्तमादाय स्वगृहं गते बाणे केचित् पण्डिता आहुः, "अहो ! बाणेनानुचितं व्यवधायि, यदसावपि अस्माभिः सह

हंस्यत इति तुल्यतामस्य नानुसरति राकाचन्द्र इति वर्णित इत्युपमानादाधिक्यमुप-मेयस्य दर्शितम्। तस्मान्निरुपम एष मुखचन्द्र इति भावः ॥ ५ ॥

চারণই বলিয়া ফেলিবে। অতএব চল শীঘ্র যাই।' ইহা বলিয়া শকট ফিরাইয়া সেইরূপ করিয়াছিলেন। প্রাতঃকালে রাজসভায় যাইয়া রাজাকে দেখিয়া স্বস্তিবাক্যে আশীর্ব্বাদ করিয়া সভায় প্রবেশ করিলেন। তারপর বাণ বলিলেন, মহারাজ! আপনি যে সমস্যা পাঠ করিয়াছেন, তাহার অর্থ একমাত্র ঈশ্বরই জানেন। আমরা কে? আমরা ত অতি তুচ্ছ উদরপরায়ণ ব্রাহ্মণমাত্র। তথাপি কিছু বলি; 'সে চন্দ্র, ইঁহার মুখচন্দ্রের তুলনা অল্পই পাইতে পারে। অল্পই পাইতে পারে, এরূপ বর্ণনা করিতেছি কেন? না, সে চন্দ্রের যে প্রতিপৎ তিথিতে ক্ষুদ্র আকার দেখিতে পাওয়া যায়।' রাজা ভোজ নিজের গূঢ় অভিপ্রায় বুঝিতে পারিয়া মনে মনে বলিলেন, একদিনে পাওয়া যাইতে পারে, এরূপ স্থানে নিশ্চয় কালিদাস বাস করিতেছেন। উপায় দ্বারা সকলই সিদ্ধ করা যায়। রাজা সেই পূরণ শুনিয়া বাণকবিকে পঞ্চদশ লক্ষ সুবর্ণমুদ্রা দিয়াছিলেন, এবং সন্তোষের ছলে সকল পণ্ডিতকেই নিজ নিজ বাটীতে পাঠাইয়া দিয়াছিলেন ॥ ৫ ॥

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

নগরান্নিষ্ক্রান্তোঽপি সর্ব্বমেব ধনং গৃহীতবান্। সর্ব্বথা ভোজস্য বাণস্বরূপং জ্ঞাপয়িষ্যামঃ, যথা কোঽপি নান্যায়ং বিধত্তে বিদ্বান্"। ততস্তে রাজানমাসাদ্য দদৃশুঃ। রাজা তান্ প্রাহ, "এতৎস্বরূপং জ্ঞাতমেব। ভবদ্ভির্যথার্থতয়া বাচ্যম্।" ততঃ তৈঃ সর্ব্বমেব নিবেদিতম্। ততঃ রাজা বিচারিতবান্, "সর্ব্বথা কালিদাসশ্চারণবেষেণ মদ্ভয়ান্মদীয়নগরমধ্যাস্তে"। তত-শ্চাশ্বরক্ষকানাদিদেশ, "অহো! পলায্যন্তাং তুরগাঃ"। ততঃ

দ্বিজন্মানো ব্রাহ্মণাঃ। ততঃ রাজ্ঞো গৃহমধ্যগমনানন্তরম্। ব্যবধায়ি বিহিত-মনুষ্ঠিতমিতি যাবৎ। ভোজস্য সমীপমিতি শেষঃ। জ্ঞাতমেব ভবদ্ভিরিতি শেষঃ। অধ্যাস্তে অধিবসতি। পলায্যন্তাং তুরগাঃ অশ্বপালৈঃ পশ্যত তিষ্ঠন্ত্বিত্যর্থঃ।

পণ্ডিতেরা সকলে চলিয়া গেলে, রাজা দ্বারপালকে ধীরে (আস্তে আস্তে) আদেশ করিলেন, যদি কোন ব্রাহ্মণেরা আসেন, তবে গৃহমধ্যে আনিবে। রাজা এইরূপ আদেশ করিয়া গৃহমধ্যে চলিয়া গেলে, এবং বাণকবি সমস্ত ধনগুলি লইয়া নিজের বাটীতে গেলে কোন কোন পণ্ডিতেরা বলিলেন, ওঃ! বাণ এটা অনুচিত করিয়াছেন; কারণ, উনিও ত আমাদিগের সহিত নগর হইতে বাহির হইয়াছিলেন। যাইয়াও সমস্ত ধনই আত্মসাৎ করিলেন। যে কোন উপায়েই হউক, ভোজের নিকট বাণের ব্যবহার আমরা জানাইয়া দিব, যাহা হইলে আর পণ্ডিতদিগের নিকটে কেহই অন্যায় ব্যবহার করিতে পারিবে না। এইরূপ পরস্পর বলাবলি করিয়া রাজার নিকট যাইয়া রাজদর্শন পাইলেন। রাজা তাঁহাদিগকে বলিলেন, এ ব্যাপারটার সমস্তই আপনারা জানেন; সুতরাং যথার্থ কি, তাহা আপনারা বলুন। রাজার কথা শুনিয়া তাঁহারা সমস্তই বলিয়াছিলেন। তাঁহাদিগের নিকট শুনিয়া রাজা মনে মনে বিচার করিয়া স্থির করিলেন, যে কোন উপায়ে হউক, নিশ্চয় কালিদাস আমার ভয়ে চারণের বেশ ধরিয়া আমার নগরেই বাস করিতেছে।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ক্রীড়োদ্যানপ্রয়াণে পটহধ্বনিরভবৎ, “অহো! ইদানীং রাজা দেবপূজাব্যগ্র ইতি শুশ্রুমঃ, পুনরিদানীং ক্রীড়োদ্যানং গমিষ্যতি” ইতি ব্যাকুলাঃ সর্ব্বে ভটাঃ সম্ভূয় পশ্চাদ্ যান্তি। ততো রাজা তৈর্ব্বিদ্বদ্ভিঃ সহ অশ্বমারুহ্য রাত্রৌ যত্র চারণপ্রসঙ্গঃ সমজনি, তৎপ্রদেশং প্রাপ। ততো রাজা চরতাং চৌরাণাং পদজ্ঞান-নিপুণানাহূয় প্রাহ, “অনেন বর্ত্মনা যঃ কোঽপি রাত্রৌ নির্গতঃ, তস্য পদানি অদ্যাপি দৃশ্যন্তে, তানি পশ্যন্তু’ ইতি। ততো রাজা প্রতিপণ্ডিতং লক্ষং দত্ত্বা তান্ প্রেষয়িত্বা চ স্বভবন-মগাৎ। তে চ পদজ্ঞা রাজাজ্ঞয়া সর্ব্বতশ্চরন্তোঽপি তমন-বিন্দমানা বিমূঢ়া ইবাসন্। ততস্তু লম্বমানে সবিতরি

এইরূপ স্থির করিয়া অঙ্গরক্ষকদিগকে আদেশ করিলেন, ওহে (দেখ ত) ঘোটক গুলি (বুঝি লইয়া) পলাইল। এইরূপ আদেশ করিয়া ক্রীড়োদ্যানে যাইবার অভিপ্রায় প্রকাশ করিলে ‘রাজা ক্রীড়োদ্যানে যাইতেছেন’ এইরূপ সঙ্কেত করিয়া পটহশব্দ হইল। ‘ওঃ হো এখনই শুনিলাম, রাজা দেবপূজায় ব্যগ্র হইয়াছেন। আবার এখনই ক্রীড়োদ্যানে যাইবেন’ এই কথা বলিয়া সৈনিকসকল ব্যাকুলভাবে মিলিত হইয়া পশ্চাৎ পশ্চাৎ যাইতে থাকিল। তারপর রাজা অশ্বে আরোহণ করিয়া সেই সকল পণ্ডিতের সহিত, রাত্রে যেখানে চারণের সহিত ‘দেখাসাক্ষাৎ কথাবার্ত্তা’ হইয়াছিল, সেস্থলে উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া বহু পদচিহ্ন দেখিয়া, বিচরণকারী চোরের পদচিহ্ন দেখিয়া অবস্থিতিস্থান জানিতে দক্ষ ব্যক্তি সকলকে ডাকিয়া বলিলেন, এই পথ দিয়া যে কেহ রাত্রে বাহির হইয়া গিয়াছে, তাহার পদচিহ্নসকল এখনও দেখা যাইতেছে। চিহ্নসকল (কোথায় গিয়াছে) দেখ ত। রাজা তাহাদিগকে এই আজ্ঞা দিয়া প্রতি পণ্ডিতকে লক্ষ লক্ষ মুদ্রা দিয়া বাটীতে পাঠাইয়া দিয়া নিজেও বাটীতে আসিয়াছিলেন। সেই সকল পদজ্ঞেরা

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

कामपि दासीमेकं पदत्राणं त्रुटितमादाय चर्म्मकारवेश्म गच्छन्तीं दृष्ट्वा तुष्टा इवासन्। ततस्तत् पदत्राणं तया चर्म्मकारकरे न्यस्तं वीक्ष्य, तैश्च तस्याः करान्मिषेणादाय, रेणुपूर्णे पथि मुक्त्वा, तदेव पदं तस्येति ज्ञात्वा, ताञ्च दासीं क्रमेण वेश्याभवनं विशन्तीं वीक्ष्य, तस्याः मन्दिरं परितो वेष्टयामासुः। ततश्च तैः क्षणेन भोजश्रवणपथविषयम् अभिज्ञानवार्त्ता प्रापिता। ततो राजा सपौरः सामात्यः पद्भ्यामेव विलासवतीभवनमगात्। ततस्तच्छ्रुत्वा विलासवतीं प्राह कालिदासः, "प्रिये! मत्कृते किं कष्टं ते पश्य"। विलासवती प्राह ;—"सुकवे!

রাজার আজ্ঞায় চারিদিক ঘুরিয়াও তাহাকে দেখিতে না পাইয়া চিত্তবিকারগ্রস্তের ন্যায় হইয়াছিল। এইরূপে অনেক সময় কাটিয়া গেলে, সূর্য্য অস্ত যাইবার কালে কোনও একটি দাসীকে একখানি ছিন্ন পাদুকা লইয়া চর্ম্মকারের বাটীতে যাইতে দেখিয়া যেন তুষ্টের ন্যায় হইয়াছিল। দাসী সেস্থান হইতে যাইয়া সেই ছিন্ন পাদুকা খানি কর্ম্মকারের হস্তে দিল দেখিয়া তাহারা তাহার হস্ত হইতে ছলপূর্ব্বক লইয়া ধূলিপূর্ণ পথে সেখানি চাপিয়া দেখিল সে পদচিহ্নও তাহারই। ক্রমে সেই দাসীকে বেশ্যাবাটীতে প্রবেশ করিতে দেখিয়া তাহারা বেশ্যার বাটীর চারিদিক বেষ্টন (ঘেরাও) করিয়াছিল। ঘেরাও করিয়াই তাহারা তৎক্ষণাৎ অভিজ্ঞান-সংবাদ ভোজের কর্ণে পৌঁছাইয়া দিল। রাজা সেই সংবাদ পাইয়া পৌরবর্গ ও অমাত্যগণের সহিত পদে হাঁটিয়াই বিলাসবতীর বাটীতে আসিয়াছিলেন। এই সকল ঘটিবার পর রাজা স্বয়ং আসিয়াছেন শ্রবণ করিয়া কালিদাস বিলাসবতীকে বলিলেন, প্রিয়ে! আমার জন্য কি কষ্ট তোমার দেখ। বিলাসবতী বলিল, হে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

उपस्थिते विप्लव एव पुंसां,
समस्तभावः परिमीयतेऽतः।
अवाति वायौ न हि तूलराशे-
र्गिरेश्च कश्चित् प्रतिभाति भेदः॥

मित्रस्वजनबन्धूनां बुद्धेर्धैर्य्यस्य चात्मनः।
आपन्निकषपाषाणे जनो जानाति सारताम्॥

अप्रार्थितानि दुःखानि यथैवायान्ति देहिनः।
सुखानि च तथा मन्ये दैन्यमत्रातिरिच्यते॥

उपस्थित इति। पुंसां विप्लवेऽवस्थाविपर्य्ययदुःखे उपस्थिते सति समस्तभावः बन्धुभावादिः सर्व्व एव भावः अतः अस्मिन्नेव जीवने परिमीयते परिमाणविषयीक्रियते दुःखेन वस्तुना। हि- तथाहि वायौ अवाति सति झटिकायामप्रवहन्त्यां सत्यां तूलराशेर्गिरेश्च कश्चिद्भेदो न प्रतिभाति स्थिरतयैव उभयोरवस्थानात् समो भावः प्रतीयते इति भावः। जन आत्मनो बुद्धेर्धैर्य्यस्य, तथा मित्रस्वजनबन्धूनां बुद्धेर्धैर्य्यस्य च सारतां बलवत्तां आपन्निकषपाषाणे आपदेव निकषपाषाणं स्वर्णपरीक्षकः प्रस्तरः, तस्मिन् निकष्य जानाति। समदुःखित्वमेव हि बन्धुत्वमिति भावः। अप्रार्थितानि अयाचितानि दुःखानि यथा येन प्रकारेणायान्ति देहिनः शरीरिणस्तथैव तेनैव प्रकारेणायान्ति सुखानि च; न हि सुखदुःखप्राप्तौ

পুরুষদিগের দুঃখের অবস্থা উপস্থিত হইলেই বন্ধুবান্ধবের সহিত কিরূপ ভাব, তাহা ইহজীবনেই পরিমাণ করিয়া লইতে পারা যায়। অবশ্য ঝড় না বহিলে তূলরাশি এবং পর্ব্বতের কিছুই ত ভেদ পরিলক্ষিত হয় না। আপদরূপ নিকষপাষাণে (কষ্টিপাথরে) মিত্র, স্বজন, ও বন্ধুর বুদ্ধির ধৈর্য্য, এবং আপনার নিজের বুদ্ধির ধৈর্য্যেরও বল মানব জানিতে সক্ষম হয়। দেহধারী ব্যক্তির দুঃখও যেরূপ অপ্রার্থিত ভাবে আসিয়া থাকে, সুখও সেইরূপেই আসিয়া থাকে। এই

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

सुकवे! राज्ञा त्वयि मनाङ् निराकृते वचसापि, मया सहेदं दासीवृन्दं प्रदीप्तवह्नौ पतिष्यति"। कालिदासः प्राह, "प्रिये! नैवं मन्तव्यं, मां दृष्ट्वा विकासीकृतास्यो भोजः पादयोः पतिष्यति" इति। ततो वेश्यागृहं प्रविश्य भोजः कालिदासं दृष्ट्वा ससम्भ्रमम् समाश्लिष्य पादयोः पतति। स राजा पठति च—

"गच्छतस्तिष्ठतो वापि जाग्रतः स्वपतोऽपि वा।
मा भून्मनः कदाचिन्मे त्वया विरहितं कवे!"॥

कालिदासस्तच्छ्रुत्वा व्रीड़ावनताननस्तिष्ठति। राजा च कालिदासमुखमुन्नमय्याह,—

दृष्टं किञ्चित् कारणं पश्यामि। अदृष्टन्तु कारणम्। अत्र अनयोरागमनयोर्मध्ये दुःखागमने दैन्यं दीनता कथमिदमागतं दुःखमिति दुःखमतिरिच्यते भाग्यकृताद्दुःखादतिरिक्तं दुःखमिदं मन्ये मम मतम्। मूढ़ेनैव स्वेच्छया दुःखमतिरिक्तमर्ज्जयतीति दुःखकरणमनुचितमिति भावः। मे मम मनश्चित्तं कदाचित् त्वया विरहितं माभूत् त्वदीयस्मृतिशून्यं न भूतं, अभीक्ष्णमेव स्मरामि इति भावः।

দুইটির আসিবার প্রতি দৃষ্টকারণ কিছুই নাই, অদৃষ্টই কারণ; সুতরাং দুঃখ কেন আমার আসিল বলিয়া দুঃখ করাটা অতিরিক্ত দুঃখ বলিয়া আমি মনে করি। অতএব হে সুকবে! রাজা কথাদ্বারাও তোমাকে একটু মাত্রও অপমান প্রকাশ করিলে, আমার সহিত এই দাসীবৃন্দ প্রজ্বলিত বহ্নিকুণ্ডে পড়িয়া মরিবে। কালিদাস বলিলেন, প্রিয়ে! তা তুমি মনে করিও না। আমাকে দেখিয়া একগাল হাসিয়া ভোজ দুই পায়ে পড়িবেন। কালিদাস এই কথা বলিতেছেন, এমন সময়ে বেশ্যাগৃহে প্রবেশ করিয়া ভোজ কালিদাসকে দেখিয়া সম্ভ্রমের সহিত আলিঙ্গন করিয়া পদদ্বয়ে পড়িলেন। রাজা এই শ্লোক পাঠও করিলেন, হে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"कालिदास ! कलावास ! दासवच्चालितो यदि ।
राजमार्गे व्रजन्नत्र परेषां तव का त्रपा ? ॥
धन्यां विलासिनीं मन्ये कालिदासो यदेतया ।
निबद्धः स्वगुणैरेष शकुन्त इव पञ्जरे" ॥

राजा नेत्रयोः हर्षाश्रु मार्जयति कराभ्यां कालिदासस्य ।

कलावास कला चतुःषष्टिकला, तासामावास आवासभूमे ! यदि अहं परेषां पौरादीनां समीपत एव अत्र विलासवतीवेश्याभवने दासवत् दास इव राजमार्गे व्रजन् पर्यटन्, न तु यानेन चरन्, त्वया चालितोऽहं नापत्रपे, तर्हि तव अन्तःपुरमध्ये स्थितेन मया निर्वासितस्य तव निर्वासनविषये त्रपा लज्जा का ? अपितु कापि लज्जा ते भवितुं नार्हत्येव इति भावः। स्वगुणैः प्रेमिकतागुणै रज्जुभिरिव। निबद्धः

রবে ! যাইতে বা বসিতে, জাগিয়া থাকিতে বা নিদ্রা যাইতে আমার মন তোমা ছাড়া কখন হয় নাই। কালিদাস তাহা শুনিয়া লজ্জায় মুখ অবনত করিয়া দাঁড়াইলেন। রাজাও কালিদাসের মুখ উচ্চ করিয়া তুলিয়া বলিলেন, গীতবাদ্যাদি চতুঃষষ্টিকলার আবাসভূমি হে কালিদাস! যদি আমি পর এই পৌরাদি সকলের সম্মুখে ভৃত্যের ন্যায় রাজমার্গে পায়ে হাঁটিয়া এই বেশ্যার বাটীতে উপস্থিত হইয়াও লজ্জা না পাইয়া থাকি, তবে সেই অন্তঃপুরের মধ্যে আমাকর্ত্তৃক বিহিত নির্ব্বাসনে তোমার আর লজ্জা কি ? আমি এই বিলাসিনীকে ধন্য বলিয়া মনে করি যে, পিঞ্জরমধ্যে পক্ষীর ন্যায় ইহাদ্বারা, ইহার নিজগুণদ্বারা এই রত্ন স্থিরভাবে বদ্ধ হইয়া রহিয়াছে। এই কথা বলিয়া রাজা নিজ কর দ্বারা কালিদাসের দুই চক্ষুতে আনন্দাশ্রু মার্জ্জন করিয়া দিলেন। তারপর রাজা কালিদাসকে পাইয়া সন্ন হইয়া ব্রাহ্মণদিগের প্রত্যেককে লক্ষমুদ্রা করিয়া দান করিয়াছিলেন।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततः तत्प्राप्तिप्रसन्नो राजा ब्राह्मणेभ्यः प्रत्येकं लक्षं ददौ, निज-तुरगे च कालिदासमारोप्य सपरिवारो निजगृहं ययौ।

इति श्रीमद्राजराजेश्वरवल्लालसेनसूरिविरचिते
भोजप्रबन्धे कालिदासप्रत्यानयनप्रबन्धो
नाम पञ्चमः परिच्छेदः ॥ ५ ॥

स्थिरतया सम्बद्धः। अतएव विलासवतीं वेश्यां धन्यां मन्य इति राज्ञा स्वापकर्षः प्रदर्शितो वेश्याया गुणेष्विति।

श्रीमन्महामहोपाध्यायपदवाक्यप्रमाणपारावार पारीण-भैरवचन्द्रविद्यासागर-
भट्टाचार्य्यसूरिसूनु-श्रीकृष्णविद्यारत्नभट्टाचार्य्यात्मज-श्रीगङ्गाचरण-
वेदान्तविद्यासागरभट्टाचार्य्यकृतौ भोजप्रबन्धटीकायां
कालिदासप्रत्यानयनप्रबन्धो नाम
पञ्चमः परिच्छेदः ॥ ५ ॥

এবং কালিদাসকে নিজের ঘোটকে উঠাইয়া সপরিবারে নিজ বাটীতে গমন করিয়াছিলেন।

ইতি শ্রীমদ্ভোজপ্রবন্ধের কালিদাসপ্রত্যানয়নপ্রবন্ধনামক
পঞ্চম পরিচ্ছেদ ॥ ৫ ॥

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

অথ কাব্যপ্রকাশপ্রবন্ধঃ ।

অথ কিয়ত্যপি কালেঽতিক্রান্তে রাজা কদাচিৎ সন্ধ্যামালোক্য প্রাহ ;—"পরিপততি পয়োনিধৌ পতঙ্গঃ,

ততো বাণঃ প্রাহ,—"সরসিরুহামুদরেষু মত্তভৃঙ্গঃ ।

ততো মহেশ্বরকবিঃ,—"উপবনতরুকোটরে বিহঙ্গঃ,

ততঃ কালিদাসঃ প্রাহ,—যুবতিজনেষু শনৈঃ শনৈরনঙ্গঃ ॥"

ইতি। তুষ্টো রাজা লক্ষং লক্ষং দদৌ ; চতুর্থচরণস্য তু লক্ষদ্বয়ং দদৌ ॥ ১ ॥

অথ কদাচিদ্রাজা বহিরুদ্যানমধ্যে মার্গং প্রত্যাগচ্ছন্তং কমপি বিপ্রং দদর্শ। তস্য করে চর্মময়ং কমণ্ডলুং বীক্ষ্য

পতঙ্গঃ সূর্য্যঃ পয়োনিধৌ সমুদ্রে পরিপততি সম্পূর্ণং প্রবিশতি। সরসিরুহাং পদ্মানাং, অনঙ্গঃ কাম ইতি ॥ ১ ॥

বহিরুদ্যানমধ্যে তিষ্ঠন্নিতি শেষঃ। মার্গং রাজমার্গং প্রতি। চর্ম্মময়ং চর্ম্মনির্ম্মিতং

অনন্তর কিছুকাল অতিবাহিত হইলে, রাজা কোনও একদিন সন্ধ্যা উপস্থিত দেখিয়া বলিয়াছিলেন, সূর্য্য সম্পূর্ণভাবে সমুদ্রে প্রবেশ করিতেছেন। সেই চরণ শুনিয়া বাণকবিও বলিয়াছিলেন, কমলদিগের উদরমধ্যে মত্তভৃঙ্গ আবদ্ধ হইতেছে। সে চরণ শুনিয়া মহেশ্বরকবি বলিলেন, পক্ষিসকল উপবনস্থ বৃক্ষরাজির কোটরে আশ্রয় লইতেছে। তাহা শুনিয়া কালিদাস বলিলেন, কামদেব ধীরে ধীরে যুবতিজনের হৃদয়ে যাইয়া বসিতেছেন। রাজা এই সকল চরণ শুনিয়া সন্তুষ্ট হইয়া প্রত্যেককে একলক্ষ করিয়া মুদ্রা দিলেন ; কিন্তু চতুর্থচরণের জন্য কালিদাসকে দুইলক্ষ মুদ্রা দিলেন ॥ ১ ॥

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

তস্যাতিদরিদ্রং জ্ঞাত্বা, মুখশ্রিয়া বিরাজমানং চাবলোক্য তুরঙ্গং তদগ্রে নিধায়াহ, "বিপ্র! চর্ম্মপাত্রং কিমর্থং পাণৌ বহসি"? ইতি। স চ বিপ্রঃ "নূনং মুখশোভয়া, মৃদূক্ত্যা চ ভোজ" ইতি বিচার্য্যাহ, "দেব! বদান্যশিরোমণৌ ভোজে পৃথ্বীং শাসতি লৌহতাম্রাভাবঃ সমজনি। তেন চর্ম্মময়ং পাত্রং বহামি" ইতি। রাজা প্রাহ, "ভোজে শাসতি লৌহতাম্রাভাবে কো হেতুঃ"? তদা বিপ্রঃ পঠতি,—

"অস্য শ্রীভোজরাজস্য দ্বয়মেব সুদুর্লভম্।
শত্রূণাং শৃঙ্খলৈর্লৌহং তাম্রং শাসনপত্রকৈঃ॥"

ততস্তুষ্টো রাজা প্রত্যক্ষরং লক্ষং দদৌ॥২॥

বিরাজমানং কবিত্বেন শোভমানম্।—অস্য শ্রীভোজরাজস্য বিষয়ে ইতি শেষঃ। অতিশয়োক্তিরিয়ম্। রাজ্ঞো দানমানয়োরপি ভঙ্গ্যা বর্ণনয়া চ অপ্রস্তুতপ্রশংসা॥২॥

অনন্তর কোনও একদিন রাজা বাহিরের উদ্যানের মধ্যে থাকিয়া দেখিলেন রাজপথ দিয়া কোনও একজন ব্রাহ্মণ আসিতেছেন। তাঁহার হস্তে চর্ম্মনির্ম্মিত কমণ্ডলু দেখিয়া তাঁহাকে অত্যন্ত দরিদ্র বলিয়া বুঝিলেন, এবং মুখশোভায় শোভমান দেখিয়া তাঁহার সম্মুখে ঘোটক রাখিয়া বলিলেন, ব্রাহ্মণ! কিজন্য চর্ম্মপাত্র হস্তে করিয়া বহিতেছ? সে ব্রাহ্মণ, মুখের শোভা ও মৃদু বাক্যদ্বারা তাঁহাকে ভোজরাজ বিবেচনা করিয়া বলিয়াছিল, মহারাজ! বদান্যশ্রেষ্ঠ ভোজ পৃথিবীকে শাসন করিতেছেন বলিয়া লৌহ ও তাম্রের অভাব ঘটিয়াছে। সেইজন্য চর্ম্মনির্ম্মিত পাত্র বহন করিতেছি। রাজা বলিলেন, ভোজ পৃথিবীকে শাসন করিতেছেন বলিয়া লৌহ ও তাম্রের অভাব হওয়ার কারণ কি? তখন ব্রাহ্মণ পাঠ করিলেন, এই শ্রীমান ভোজরাজের রাজ্যে শত্রুদিগের শৃঙ্খল পরান দ্বারা লৌহ, এবং দানের শাসনপত্র নির্ম্মাণ দ্বারা তাম্র ফুরাইয়া গিয়াছে বলিয়া এই

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

कदाचिद् द्वारपालः प्राह, "धारेन्द्र! दूरदेशादागतः कश्चिद्विद्वान् द्वारि तिष्ठति तत्पत्नी च, तत्पुत्रः सपत्नीकः। अतः अतिपवित्रं विद्वत्कुटुम्बं द्वारि तिष्ठति" इति। राजा चिन्तयामास, "अहो गरीयसी शारदाप्रसादपद्धतिः"। अस्मिन्नवसरे गजेन्द्रपाल आगत्य राजानं प्रणम्य प्राह, "भोजेन्द्र! सिंहलदेशाधीश्वरेण सपादशतं गजेन्द्राः प्रेषिताः षोड़श महामणयश्च"। ततो बाणः प्राह,—

"स्थितिः कवीनामिव कुञ्जराणां,
स्वमन्दिरे वा नृपमन्दिरे वा।
गृहे गृहे किं मशका इवैते,
भवन्ति भूपालविभूषिताङ्गाः" ॥२॥

अतः सपत्नीकयोर्विदुषोः पितापुत्रयोरेवात्र समागमाद्धेतोरतिपवित्रं पवित्रतमं विद्वत्कुटुम्बं विद्वान् परिवारः। गरीयसी गरिष्ठा शारदाया महासरस्वतीरूपाया दुर्गादेव्याः प्रसादस्य प्रसन्नतायाः परितुष्टेः पद्धतिः रीतिः। स्थितिरिति। स्वमन्दिरे निजालये गहनादौ वा नृपमन्दिरे वा कवीनामिव गजानां स्थितिरवस्थानं দুইটিই অত্যন্ত দুর্লভ হইয়াছে। রাজা এই কবিতা শুনিয়া সন্তুষ্ট হইয়া প্রত্যেক অক্ষরের পরিমাণে লক্ষমুদ্রা করিয়া প্রদান করিয়াছিলেন। ২ ॥

অনন্তর কোনও একদিন দ্বারপাল বলিল, হে ধারাধিপতি মহারাজ! কোনও একজন বিদ্বান্ দূরদেশ হইতে আসিয়া দ্বারে অবস্থান করিতেছেন; তাঁহার পত্নীও আসিয়াছেন, এবং তাঁহার পুত্রও সপত্নীক আসিয়াছেন। অতএব একটি পবিত্রতম বিদ্বান্ পরিবার দ্বারে রহিয়াছেন। রাজা সেই কথা শুনিয়া বলিয়াছিলেন,— ওঃ মহাসরস্বতীরূপিণী দুর্গাদেবীর প্রসন্ন হইবার রীতি কি গুরুতর! সেই অবসরে গজেন্দ্রপাল আসিয়া রাজাকে প্রণাম করিয়া বলিল, মহারাজ! সিংহলদেশের

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततो राजा गजावलोकनाय बहिरगात्। ततस्तं विद्वत्-कुटुम्बं वीक्ष्य चोलपण्डितो राज्ञः प्रियोऽहमिति गर्वं चकार। यन्मया राजभवनमध्यं गम्यते; विद्वत्कुटुम्बं तु द्वारपालस्थापितमपि बहिरास्ते। तदा राजा तच्चेतसि गर्वं विदित्वा चोल-पण्डितं सौधाङ्गणात् निःसारितवान्। काशीदेशवासी कोऽपि तण्डुलदेवनामा राज्ञे "स्वस्ति" इत्युक्त्वाऽतिष्ठत्। राजा च तं पप्रच्छ, "सुमते! कुत्र निवासः"? स प्राह,—

इदञ्चरम्। अधुना तु भूपालविभूषितनाम्ना नृपालङ्कृतदेहा एते गजाः किं मशका इव गृहे गृहे स्थिता भवन्ति? नहि जातमद्भुतमिति वाक्यस्यार्थः॥ ३॥

অধীশ্বর সার্দ্ধশত শ্রেষ্ঠ হস্তী পাঠাইয়াছেন; আর ষোলটি মহামণিও। গজেন্দ্রপালের কথা শুনিয়া বাণ বলিলেন, হয় নিজালয়ে (গহনকাননাদিতে) না হয় রাজার আলয়ে কবিদিগের ন্যায় হস্তীদিগের অবস্থিতি, (ইহাই ত স্বভাবতঃ দেখা যায়); কিন্তু এই সকল হস্তী ভোজরাজ কর্ত্তৃক সালঙ্কৃত হইয়া দত্ত হইলে যে ঘরে ঘরে মশকের ন্যায় বিরাজিত হইবে; (সুতরাং এ যে একেবারে নূতন ব্যাপার হইল দেখিতেছি)॥ ৩॥

তারপর রাজা হস্তিসকল দেখিবার জন্য বাহিরে গিয়াছিলেন। রাজার সহিত চোলদেশীয় একটি পণ্ডিতও গিয়াছিলেন; কিন্তু সপরিবারে সেই পণ্ডিতকে বাহিরে অবস্থান করিতে দেখিয়া 'আমি রাজার প্রিয়; কারণ, আমি বাটীর মধ্যে যাতায়াত করিতে পারিলাম; আর এই বিদ্বান্ পরিবার উপস্থিত বলিয়া দ্বারপাল রাজাকে জ্ঞাপিত করিলেও বাহিরেই রহিয়াছে' এই ভাবিয়া অহঙ্কারকে আশ্রয় করিয়াছিলেন। সে সময়ে রাজা চোলপণ্ডিতের চিত্তে একটু গর্ব্ব জন্মিয়াছে জানিতে পারিয়া তাঁহাকে সেই হর্ম্ম্যের চত্বর (উঠান) হইতে তাড়াইয়া দিয়াছিলেন। সেই সময়ে কাশীদেশবাসী তণ্ডুলদেবনামক কোনও এক পণ্ডিত

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"বর্ত্ততে যত্র সা বাণী কৃপাণী রিক্তশাখিনঃ।
শ্রীমন্মালবভূপাল! তত্র দেশে বসাম্যহম্ ॥"

তুষ্টো রাজা তস্মৈ গজেন্দ্রসপ্তকং দদৌ।

ততঃ কোঽপি বিদ্বানাগত্য প্রাহ,—

"তপসঃ সম্পদঃ প্রাপ্যাস্তত্তপোঽপি ন বিদ্যতে।
যেন ত্বং ভোজকল্পদ্রু দৃগ্গোচরমুপৈষ্যসি" ॥

তস্মৈ রাজা দশ গজেন্দ্রান্ দদৌ।

বর্ত্তত ইতি। হে শ্রীমন্, ত্বন্তু স্বয়ং শোভমানোঽসি; কিন্তু মালব মায়া ভূম্যাঃ সংসারবৃক্ষস্য পল্লবাদিকৃতশোভায়া লব হে ছেদক! শ্রীমান্ মালবদেশ- 'রাজার মঙ্গল হউক' বলিয়া অবস্থান করিয়াছিলেন। রাজা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, হে সুমতে! নিবাস কোথায়? তিনি বলিলেন, হে ভোজ! হে সংসার বৃক্ষের শোভাকর পত্রপুষ্পাদির উচ্ছেদদ্বারা শোভানাশকারিন্! হে মালব-দেশের অধীশ্বর! আপনার কৃত সেই মুণ্ডিত সংসার-বৃক্ষের (মুড়োগাছের) উচ্ছেদপটু অসির ন্যায় সরস্বতী যেস্থানে বাস করেন, সেই দেশে আমি বাস করি। (আপনি জ্ঞানবিতরণ করিয়া সংসারবৃক্ষের সমস্ত শোভা নষ্ট করিয়া 'মুড়ো' করিয়াছেন, সেই মুড়ো গাছের উচ্ছেদার্থ অসিস্বরূপা সরস্বতী যে দেশে বাস করেন, আমি সেই দেশে বাস করি। স্মৃতিতে কথিত হইয়াছে 'সংসার অশ্বত্থ বৃক্ষ একটি ইত্যাদি' (গীতা) ইহার নাশ জ্ঞানরূপ অসি দ্বারা করিতে হয় (গীতা); কাশীতে যে বাস করে, অন্নপূর্ণা তাহাকে অন্ন দেন, সরস্বতী জ্ঞান দেন, শিব মুক্তি দেন। অতএব আপনার বিদ্যাচর্চ্চা দেখিয়া মনে হয় আপনি সরস্বতীর প্রায় সমস্ত কর্ত্তব্য এইখানে বসিয়াই সারিয়া দিতেছেন। এহেতু আপনিও অবতীর্ণ সারস্বত পুরুষ। আমি এইরূপ মনে করি। কবির এইরূপ মনের ভাব) এই কবিতা শুনিয়া রাজা সন্তুষ্ট হইয়া তাঁহাকে সাতটি শ্রেষ্ঠ গজ দান করিয়াছিলেন।

CC-0. Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ততঃ কশ্চিদ্ব্রাহ্মণপুত্রো ভূম্ভারবং কুর্বাণোঽভ্যেতি। ততঃ সর্বে সম্ভ্রান্তাঃ। কথং ভূম্ভারবং করোতীতি রাজ্ঞা স্বদৃগ্গোচরমানীতঃ পৃষ্টঃ। স প্রাহ,—

"দেব! ত্বদ্দানপাথোধৌ দারিদ্র্যস্য নিমজ্জতঃ।
ন কোঽপি হি করালম্বং দত্তে মত্তেভদায়ক ॥"

ততস্তুষ্টো রাজা তস্মৈ ত্রিংশদ্গজেন্দ্রান্ প্রাদাৎ।

ততঃ প্রবিশতি পত্নীসহিতঃ কোঽপি বিলোচনো বিদ্বান্। "স্বস্তি" ইত্যুক্ত্বা প্রাহ,—

জালত্বান্মালব, সঞ্চারী ভূপালয়, তথা, পল্লবাদিকলশ্রীভাচ্ছেদিন্ হে নরপতে! যত্র দৃশি সা বাণী সরস্বতী বিক্রমাক্ষিণী মুঞ্চিতসংসারভূপঞ্চস্য কৃপাণী অভি-

তারপর কোনও একজন বিদ্বান্ আসিয়া বলিলেন, হে ভোজরাজ! তপস্যা হইতে সম্পদ্ সকল পাওয়া যাইতে পারে; কিন্তু তুমি কল্পতরু (সকল সম্পদের দাতা; তোমার সে তপস্যা থাকা অসম্ভব। তাই বলিয়া তোমার) সে তপস্যাও কি নাই, যদ্দ্বারা চক্ষুর উপর, বিচরণকারীকে দেখিতে পাইবে? (গোচারণক্ষেত্র পাইতে পার?) রাজা এই শ্লোক শুনিয়া তাঁহাকে দশটি শ্রেষ্ঠ হস্তী দিয়াছিলেন। তারপর কোনও এক ব্রাহ্মণপুত্র ভূম্ভারব করিতে করিতে আসিতেছিল। সে শব্দ শুনিয়া সকলেই চমৎকৃত হইল। তাঁহাকে রাজার নিকটে আনিলে রাজা তাঁহাকে জিজ্ঞাসা করিলে, তিনি বলিলেন, মহারাজ! তোমার দান করিবার জল সঞ্চিত হইয়া সাগর হইয়া গিয়াছে, আর সেই সমুদ্রে দরিদ্রতা ডুবিয়া মরিতেছে; কিন্তু হে মত্ত ইভ (হস্তী) দানকারিন্! তুমি সকলকেই করী দান করিতেছ; আর কেহই তাহাকে (ম্রিয়মাণ দরিদ্রতাকে বাঁচাইবার জন্য) করখানিও অবলম্বন করিতে দিতেছ না। তাই বলিতেছি 'হল ভাল'। রাজা সন্তুষ্ট হইয়া তাঁহাকে ত্রিশটি শ্রেষ্ঠ হস্তী দিলেন।

CC-0. Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"निजानपि गजान् भोजं ददानं प्रेक्ष्य पार्वती ।
गजेन्द्रवदनं पुत्त्रं रक्षत्यद्य पुनः पुनः ॥"

ततो राजा सप्तगजान् तस्मै ददौ ॥ ४ ॥

ततो राजा विद्वत्कुटुम्बं तदैव पुरतः स्थितं वीक्ष्य ब्राह्मणं प्राह,—

"क्रियासिद्धिः सत्त्वे भवति महतां नोपकरणे ।"

वृद्धद्विजः प्राह,—

"घटो जन्मस्थानं मृगपरिजनो भूर्जवसनं,
वने वासः कन्दादिकमशनमेवंविधगुणः ।
अगस्त्यः पाथोधिं यदकृत कराम्भोजकुहरे,
क्रियासिद्धिः सत्त्वे भवति महतां नोपकरणे ॥".

स्वरूपा वर्त्तते, तव देशेऽहं वसामीति । तथाच स्मृतिः "अन्नं दद्यादन्नपूर्णा ज्ञानं दद्यात् सरस्वती । देहान्ते मुक्तिदाताऽहं काश्यां तदभावना कुतः ॥"—इति । ४ ।

তারপর কোনও এক অন্ধপণ্ডিত পত্নীর সহিত আসিয়া সেইস্থলে প্রবেশ করিলেন। তিনি 'রাজার মঙ্গল হউক' বলিয়া বলিলেন, মহারাজ! পার্ব্বতী আজ ভোজকে নিজের হস্তিসকলও দান করিতে দেখিয়া নিজ পুত্র গজাননকে বারংবার লুকাইয়া রাখিতেছেন! এই শ্লোক শুনিয়া রাজা তাঁহাকে সাতটি হস্তী দান করিয়াছিলেন ॥ ৪ ॥

তারপর রাজা তখনই সম্মুখে বিদ্বান্ পরিবারকে উপস্থিত দেখিয়া ব্রাহ্মণকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন, 'বীর্য্য থাকায় মহৎদিগের কার্য্যসিদ্ধি হয়, উপকরণ থাকায় নহে' এই কথা শুনিয়া বৃদ্ধব্রাহ্মণ বলিলেন,—কুম্ভ হইতেছে অগস্ত্যের উৎপত্তিস্থান, পরিবার (যাহার সহিত সর্ব্বদা বসবাস করা যায়) হইতেছে বনের মৃগসকল, বসন হইতেছে ভূর্জ্জপত্র, বাস হইতেছে বনে, ফলমূলাদি হইতেছে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततो राजा बहुमूल्यानपि षोड़शमणीन् तस्मै ददौ। ततस्तत्पत्नीं प्राह राजा,—"अम्ब ! त्वमपि पठ"।

देवी—"रथस्यैकं चक्रं भुजगनमिताः सप्ततुरगा,
निरालम्बो मार्गश्चरणविकलः सारथिरपि।
रवियात्येवान्तं प्रतिदिनमपारस्य नभसः,
क्रियासिद्धिः सत्त्वे भवति महतां नोपकरणे॥"

राजा तुष्टः सप्तदशगजान् सप्तरथांश्च तस्मै ददौ। ततो विप्रपुत्रं प्राह राजा,—"विप्रसुत ! त्वमपि पठ"।

विप्रसुतः—"विजेतव्या लङ्का चरणतरणीयो जलनिधि,-
र्विपक्षः पौलस्त्यो रणभुवि सहायाश्च कपयः।
पदातिर्मर्त्त्योऽसौ सकलमवधीद्राक्षसकुलं,
क्रियासिद्धिः सत्त्वे भवति महतां नोपकरणे॥"

ভোজ্য অন্ন, অগস্ত্য এবংবিধগুণশালী হইয়াও যে হস্তপদ্মের মধ্যে সমুদ্রকে (পানার্থ) করিয়াছিলেন; সুতরাং মহৎদিগের বীর্য্য থাকিলেই কার্য্যসিদ্ধি হয়, উপকরণ থাকায় নহে। রাজা শ্লোক শুনিয়া সেই ষোলটি মণি বহমূল্য হইলেও তাঁহাকে দান করিয়াছিলেন। তারপর রাজা তাঁহার পত্নীকে বলিলেন, মা! তুমিও একটি পড়। দেবী পাঠ করিলেন,—সূর্য্যের রথের চক্র ত একটি, তার সাতটি ঘোটক; কিন্তু তাহারা রশ্মিস্বরূপ সর্পদ্বারা সংযত হইয়া চলিতেছে; চলিবার পথ আকাশ, তাহাতেও আশ্রয় করিবার কিছুই নাই; সারথিও আবার পদহীন; তথাপি সূর্য্য প্রতিদিন এই অপার আকাশেরও ও পারে যাইতেই আছেন; সুতরাং মহৎদিগের বীর্য্য থাকায় কার্য্যসিদ্ধি হয়, উপকরণ থাকায় নহে। এই শ্লোক শুনিয়া রাজা তুষ্ট হইয়া তাঁহাকে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

তুষ্টো রাজা বিপ্রসুতায় অষ্টাদশগজেন্দ্রান্ প্রাদাত্। ততঃ সুকুমারমনোজ্ঞনিখিলাবয়বালঙ্কৃতাং শৃঙ্গাররসোপজাতমূর্ত্তিমিব চম্পকলতামিব লাবণ্যগাত্রযষ্টিং বিপ্রস্নুষাং বীক্ষ্য "নূনং ভারত্যাঃ কাপি লীলাকৃতিরিয়ম্" ইতি চেতসি নমস্কৃত্য রাজা প্রাহ,—"মাতঃ! ত্বমপ্যাশিষং বদ।" বিপ্রস্নুষা প্রাহ,—"দেব! শৃণু,—

ধনুঃ পৌষ্পং মৌর্ব্বী মধুকরময়ী চঞ্চলদৃশাং,
দৃশাং কোণো বাণঃ সুহৃদপি জড়াত্মা হিমকরঃ।
স্বয়ং চৈকোঽনঙ্গঃ সকলভুবনং ব্যাকুলয়তি,
ক্রিয়াসিদ্ধিঃ সত্ত্বে ভবতি মহতাং নোপকরণে ॥

সতরটি হস্তী এবং সাতখানি রথ দিয়াছিলেন। তারপর রাজা ব্রাহ্মণের পুত্রকে বলিলেন, ব্রাহ্মণকুমার! তুমিও পাঠ কর। ব্রাহ্মণপুত্র পাঠ করিলেন,—লঙ্কা বিজয় করিতে হইবে, সমুদ্র পদদ্বারা পার হইতে হইবে; শত্রু ত সেই ত্রিলোক-বিজয়ী পুলস্ত্যঋষির পুত্র রাবণ; আর রণক্ষেত্রে সহায় হইতেছে বানরসকল, তাহারাও আবার পদাতি (পায়ে চলা) সৈন্য, নিজেও ত মানব; কিন্তু তথাপি রামচন্দ্র সমস্ত রাক্ষসকুল ধ্বংস করিয়াছিলেন; সুতরাং মহৎদিগের কার্য্যসিদ্ধি বীর্য্য থাকায় হয়, উপকরণ থাকায় নহে। রাজা তুষ্ট হইয়া অষ্টাদশ শ্রেষ্ঠ হস্তী ব্রাহ্মণ-পুত্রকে দিয়াছিলেন। তারপর সুকুমার ও মনোহর অবয়বসকল দ্বারা বিভূষিত, শৃঙ্গাররস দ্বারা যেন সেমূর্ত্তি বিনির্ম্মিত, চম্পকলতার ন্যায় যেন দেখিতে সুঠাম, যেন সমস্ত অঙ্গই লাবণ্যদ্বারা প্লাবিত, ব্রাহ্মণের তাদৃশ পুত্রবধূকে দেখিয়া 'নিশ্চয় সরস্বতী-দেবীর কোনও একটি লীলাবিগ্রহ ইনি' এই মনে করিয়া মনে মনে প্রণাম করিয়া রাজা বলিলেন,—মা! তুমিও আশীর্ব্বাদক একটি শ্লোক বল। ব্রাহ্মণের পুত্রবধূ

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

চমৎকৃতো রাজা লীলাদেবীভূষণানি সর্বাণ্যাদায় তস্মৈ দদৌ, অনর্ঘ্যাংশ্চ সুবর্ণমৌক্তিকবৈদূর্য্যপ্রবালাংশ্চ প্রদদৌ ॥ ৫ ॥

ততঃ কদাচিৎ সীমন্তনামা কবিঃ প্রাহ,—

"পন্থাঃ সংহর দীর্ঘতাং, ত্যজ নিজং তেজঃ কঠোরং রবে !
শ্রীমন্ বিন্ধ্যগিরে ! প্রসীদ সদয়ং সদ্যঃ সমীপে ভব।
ইত্থং দূরপলায়নশ্রমবতীং দৃষ্ট্বা নিজপ্রেয়সীং,
শ্রীমন্ ভোজ ! তব দ্বিষঃ প্রতিদিনং জল্পন্তি মূর্চ্ছন্তি চ" ॥

বলিলেন, মহারাজ ! শ্রবণ করুন,—মদনদেবের ধনু ত পুষ্পসকলদ্বারা বিরচিত, সেই ধনুর মৌর্ব্বী (ছিলে) আবার মধুমক্ষিকাসকল দ্বারা বিনির্ম্মিত; তাহার বাণ হইতেছে চঞ্চলনয়না যুবতীদিগের চক্ষুর কোণ (কটাক্ষ), তাঁহার সুহৃৎটিও আবার জড়দেহ চন্দ্র; নিজেও ত একাকী, তাও আবার নিজের কোন অঙ্গই নাই—অনঙ্গ; তিনি এরূপ হইয়াও এই চতুর্দ্দশ ভুবনকে ব্যাকুল করিয়া তুলিয়াছেন। সেইজন্য বলিতে হয় যে, মহৎদিগের কার্য্যসিদ্ধি বীর্য্য থাকাতেই হয়, উপকরণ থাকায় নহে। এই শ্লোক শুনিয়া রাজা আশ্চর্য্যান্বিত হইয়াছিলেন, এবং লীলাদেবীর সমস্ত অলঙ্কারগুলি লইয়া তাঁহাকে দিয়াছিলেন; আর অমূল্য সুবর্ণ, মুক্তা, বৈদূর্য্য, ও প্রাবলসকলও তাঁহাকে প্রদান করিয়াছিলেন। ৫।

তারপর কোনও এক সময়ে সীমন্তনামক কবি বলিয়াছিলেন, হে শ্রীমন্ মহারাজ ভোজ ! তোমার শত্রুগণ দূরদেশে পদব্রজে পলায়ন কালে উপজাত পরিশ্রম দ্বারা ক্লান্ত নিজের প্রেয়সীকে দেখিয়া বলিতেছে, হে পথ ! তোমার দীর্ঘতা তুমি পরিহার কর (পথ ! অল্প হও), হে সূর্য্য ! তোমার নিজের কঠোর তেজঃ ত্যাগ কর, (একটু ঠাণ্ডা রৌদ্র দাও), হে সর্ব্বশোভার আশ্রয় বিন্ধ্যপর্ব্বত ! তুমি দয়া করিয়া প্রসন্ন হও—এখনই নিকটে আইস; এইরূপ জল্পনা করিতেছে, আর সেই পথিশ্রমে ক্লান্ত প্রেয়সীকে দেখিয়া মূর্চ্ছা যাইতেছে। (মহারাজ ! আপনি দোর্দ্দণ্ডপ্রতাপশালী।)

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

तस्मिन्नेव क्षणे कश्चित् सुवर्णकारः प्रान्तेषु पद्मरागमणि-मण्डितं सुवर्णभाजनमादाय राज्ञः पुरो मुमोच। ततो राजा सीमान्तकविं प्राह,—"सुकवे! इदं भाजनं कामपि श्रियं दर्शयति।" ततः कविराह,—

"धारेश! त्वत्प्रतापेन पराभूतस्त्विषां पतिः।
सुवर्णपात्रव्याजेन देव! त्वामेव सेवते॥"

ततस्तुष्टो राजा तदेव पात्रं मुक्ताफलैरापूर्य्य प्रादात्॥ ६॥

कदाचिद्राजा मृगयारसेन पुरःपलायमानं वराहं दृष्ट्वा स्वयमेकाकितया दूरं वनान्तमासादितवान्। तत्र कञ्चन द्विज-वरमवलोक्य प्राह, "द्विजः! कुत्र गन्तासि"? द्विजः प्राह, "धारानगरम्"। भोजः प्राह,—"किमर्थम्?" द्विजः प्राह,—"भोजं द्रष्टुं द्रविणेच्छया, स पण्डिताय दत्ते, अहमपि मूर्ख

এই শ্লোক পাঠ করার সমসময়েই কোনও এক সুবর্ণকার প্রান্তভাগে পদ্মরাগ (চুণী) দ্বারা অলঙ্কৃত একখানি স্বর্ণপাত্র লইয়া রাজার সম্মুখে রাখিল। তাহা দেখিয়া রাজা সীমন্তকবিকে বলিলেন, সুকবে! এই পাত্রটি কি আশ্চর্য্য শোভাই দেখাইতেছে! কবি তাহা শুনিয়া বলিলেন,—হে ধারাধিপতি মহারাজ! তোমার প্রতাপের তীক্ষ্ণতায় পরাজিত হইয়া সূর্য্যদেব সমস্ত দীপ্তির স্বামী হইলেও সুবর্ণ-পাত্রের ছলে তোমাকেই সেবা করিতেছেন। (আমি মনে করিতেছি এটি তোমার কীর্ত্তির পরিচায়ক।) রাজা ইহা শুনিয়া তুষ্ট হইলেন, এবং সেই পাত্র মুক্তাদ্বারা পরিপূর্ণ করিয়া তাঁহাকে দান করিলেন॥ ৬॥

কোনও একসময়ে রাজা মৃগয়া করিতে যাইয়া সম্মুখ দিয়া একটি পলায়মান শূকর দেখিলেন, এবং মৃগয়ায় অত্যন্ত আসক্ত বলিয়া তাহার অনুসরণ করিয়া নিজে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

न याचे।" भोजः प्राह, "विप्र! तर्हि त्वं विद्वान् कविर्वा"। द्विजः प्राह,—"महाभाग! कविरहम्।" भोजः प्राह,—"तर्हि किमपि पठ"। द्विजः प्राह,—"भोजं विना मत्पदमर्थं न कोऽपि जानाति"। राजा प्राह,—"ममाप्यमरवाणी-परिज्ञानमस्ति, राजा च मयि स्निह्यति, त्वद्गुणञ्च श्रावयिष्यामि, किमपि कलाकौशलं दर्शय"। विप्रः वदति—"किं वर्णयामि?" राजा, "कलमानेतान् वर्णय।" विप्रः प्राह,—

"कलमाः पाकविनम्राः मूलतलाघ्राणसुरभिकल्हाराः।
पवनाकम्पितशिरसः प्रायः कुर्वन्ति परिमलश्लाघाम्॥"

একাকীই সেই দূর বনের মধ্যে গিয়া পড়িয়াছিলেন। সেখানে কোনও একজন ব্রাহ্মণকে দেখিয়া বলিয়াছিলেন—ওহে ব্রাহ্মণ! কোথায় যাইবে? ব্রাহ্মণ বলিল,—ধারানগরে। ভোজ জিজ্ঞাসা করিলেন, কিজন্য? ব্রাহ্মণ বলিল, ধনের আশায় রাজাকে দেখিতে। তিনি পণ্ডিতকে ধন দিয়া থাকেন। আমিও মূর্খের নিকট কিছুই প্রার্থনা করি না। ভোজ বলিলেন, ওহে ব্রাহ্মণ! তাহা হইলে তুমি বিদ্বান্, না কবি? ব্রাহ্মণ বলিলেন, মহাভাগ! আমি কবি। রাজা—তবে কিছু পাঠ করুন। ব্রাহ্মণ—ভোজ বিনা অন্য কেহই আমার পদের অর্থ বুঝিতে পারিবে না। রাজা—আমারও দেবভাষা জানা আছে। আর রাজাও আমাকে খুব ভাল বাসেন, স্নেহ করিয়া থাকেন। তোমার গুণের কথাও রাজাকে শুনাইব। কিছু কলাকৌশল দেখাও না? ব্রাহ্মণ—কি বর্ণনা করিব? রাজা—এই কলমগুলিকে বর্ণনা কর। ব্রাহ্মণ—এই শালিধান্যসকল পাকিয়া যে মস্তক অবনত করিয়াছে, তাহাতে মনে হইতেছে যে, মূলতলে (গোড়ায়) অবস্থিত সুরভি কহ্লার আঘ্রাণ করিয়া পবনদ্বারা ঈষৎ কম্পিত মস্তকে যেন তাহার গন্ধের শ্লাঘা করিতেছে। (যেন বলিতেছে—'না—

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

রাজা তস্মৈ সর্ব্বাভরণান্যুত্তার্য্য দদৌ। ততঃ কদাচিত্ কুম্ভকারবধূ রাজগৃহমেত্য দ্বারপালং প্রাহ, "দ্বারপাল! রাজা দ্রষ্টব্যঃ।" স আহ, "কিং তে রাজ্ঞা কার্য্যম্?" সা চাহ "ন তেঽভিধাস্যামি, নৃপাগ্র এব কথয়ামি।" স সভায়ামাগত্য প্রাহ, "দেব কুম্ভকারপ্রিয়া কাচিদ্রাজ্ঞো দর্শনকাঙ্ক্ষিণী। ন বক্তি মতৃপুরঃ কার্য্যং, ত্বত্পুরতঃ কথয়িষ্যতি।" রাজা প্রাহ—"প্রবেশয়"। সা চাগত্য নমস্কৃত্য বক্তি,—

"দেব! মৃত্খননাদ্দৃষ্টং নিধানং বল্লভেন মে।
স পশ্যন্নেব তত্রাস্তে, ত্বাং জ্ঞাপয়িতুমভ্যগাম্।"

রাজা চ চমত্কৃতো নিধানকলশমানয়ামাস। তদ্দ্বারমুদ্ঘাট্য যাবত্ পশ্যতি রাজা, তাবত্তদন্তর্বর্ত্তি দ্রব্যং মণি-

---

না,—এমন গন্ধ আর নাই।') এই শ্লোক শুনিয়া রাজা তাঁহাকে নিজের সমস্ত আভরণ খুলিয়া দিয়াছিলেন।

তার পর কোনও একসময়ে একটি কুম্ভকারবধূ রাজবাটী আসিয়া দ্বারপালকে বলিয়াছিল। ওহে দ্বারপাল! রাজাকে দেখিতে চাই। সে বলিল,—রাজায় তোমার কি কাজ? সেই বধূ বলিল,—আমি তোমার নিকট বলিব না। রাজার সম্মুখে বলিব। দ্বারপাল সভায় আসিয়া বলিল, মহারাজ! কোনও একটি কুম্ভকারের স্ত্রী রাজার দর্শন আকাঙ্ক্ষা করিল; কিন্তু আমার নিকট তাহার কার্য্যের কথা বলিতে চাহিল না। আপনার নিকটে বলিবে। রাজা—প্রবেশ করাও। সে স্ত্রী আসিয়া প্রণাম করিয়া বলিল,—মহারাজ! আমার স্বামী মাটি খুঁড়িতে খুঁড়িতে একটি নিধান কলস (পোতা টাকার কলসী) দেখিতে পাইয়াছেন। তিনি তাহা দেখিতেই সেখানে থাকিলেন, আমি তোমাকে জানাইতে আসিলাম। রাজা এই

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

प्रभामण्डलमालोक्य कुम्भकारं पृच्छति, "किमेतत्, कुम्भकार ?" स चाह,—

"राजचन्द्रं समालोक्य त्वां तु भूतलमागतम् ।
रत्नश्रेणिमिषात्मन्ये नक्षत्राण्युपागमन् ॥"

राजा कुम्भकारमुखात् श्लोकं लोकोत्तरमाकर्ण्य चमत्कृतः तस्मै सर्वं ददौ ॥ ७ ॥

ततः कदाचिद्राजा रात्रावेकाकी सर्वतो नगरचेष्टितं पश्यन् पौरगिरमाकर्णयन् चचार । तदा क्वचिद्वैश्यगृहे वैश्यः स्वप्रियां प्राह, "प्रिये ! राजा स्वल्पदानरतोऽपि उज्जयिनीनगराधिपतेर्विक्रमार्कस्य दानप्रतिष्ठां काङ्क्षते, सा किं भोजेन प्राप्यते ? कैश्चित् स्तोत्रपरायणैर्मयूरादिकविभिर्महिमानं प्रापितो भोजः ; परन्तु भाजो भोज एव । प्रिये ! शृणु,—

কথা শুনিয়া আশ্চর্য্যান্বিত হইলেন এবং সেই নিধানকলসী আনাইয়াছিলেন। তাহার মুখ খুলিয়া যেমন দেখিবেন, আর অমনই তাহার মধ্য স্থিত মণিক্যসকলের প্রভামণ্ডল দেখিতে পাইয়া কুম্ভকারকে জিজ্ঞাসা করিলেন, ও কুম্ভকার! এ সকল কি? কুম্ভকার বলিল,—ভূতলে আগত রাজচন্দ্র তুমি, তোমাকে দেখিয়া নক্ষত্রসকল রত্নশ্রেণীর ছলে মনে হয় আসিয়া উপস্থিত হইয়াছে। রাজা কুম্ভকারের মুখে লোকোত্তর (অপূর্ব্ব) শ্লোক শ্রবণ করিয়া আশ্চর্য্যান্বিত হইলেন, এবং সে সকলই তাহাকে দিলেন ॥ ৭ ॥

তারপর রাজা কোনও একদিন রাত্রে একাকী চারিদিকে বেড়াইয়া নগরের লোকেরা কে কিরূপভাব প্রকাশ করে, ইহা জানিয়া বেড়াইতে বেড়াইতে এক-বাড়ীতে কথাবার্ত্তা বলাবলি করিতে শুনিতে পাইয়াছিলেন। সেই সময়ে কোনও

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

আবদ্ধকৃত্রিমসটাজটিলাংসভিত্তি-,
বারোপিতো যদি পদং মৃগবৈরিণঃ শ্বা।
মত্তেভকুম্ভতটপাটনলম্পটস্য,
নাদং করিষ্যতি কথং হরিণাধিপস্য ? ॥

রাজা শ্রুত্বা বিচারিতবান্, অসৌ সত্যমেব বদতি। ততঃ পুনঃ পুনর্বদন্তং শৃণোতি,—

"আপন্ন এব পাত্রং দেহীত্যুচ্চারণং ন বৈদুষ্যম্।
উপপন্নমেব দেয়ং ত্যাগস্তে বিক্রমার্ক কিন্তু বর্ণ্যঃ ॥
বিক্রমার্ক ! ত্বয়া দত্তং শ্রীমন্ ! গ্রামশতাষ্টকম্।
অর্থিনে দ্বিজপুত্রায় ভোজে ত্বন্মহিমা কুতঃ ॥

এক বৈশ্য নিজের স্ত্রীকে বলিতেছে,—প্রিয়ে! ভোজরাজ অন্নদানে নিযুক্ত থাকিয়াও উজ্জয়িনীনগরের অধিপতি বিক্রমার্কের দানযশের ন্যায় নিজের দানযশের প্রতিপত্তি কামনা করিতেছেন। সে প্রতিষ্ঠা কি ভোজ পাইতে পারেন ? ময়ূরাদি কতকগুলি স্তোত্রপরায়ণ কবিদ্বারা বর্ণনায় মহিমা লাভ করিলেও ভোজ ভোজই আছেন। শোন প্রিয়ে ! শোন—কৃত্রিম জটা জুড়িয়া স্কন্ধদেশ জটিল করিয়া যদি কুক্কুরকে মৃগবৈরী সিংহের পদে আরোহণ করান যায়, তাহা হইলে সে মত্ত হস্তীর কুম্ভস্থল পাটন করিতে সক্ষম মৃগাধিপতি সিংহের নাদ কি করিয়া করিবে ? রাজা শুনিয়া বিচার করিয়াছিলেন, এ ত সত্যই বলিতেছে। তারপর সে বরাবর বলিতে লাগিল, রাজা শুনিলেন—হে বিক্রমার্ক ! তোমার দান কি করিয়া বর্ণনীয় হইবে ? কারণ, যে তোমার নিকট উপস্থিত হইত, সে-ই তোমার দানের পাত্র ছিল। 'দাও' এই কথা উচ্চারণ করানতে যে পণ্ডিত্য প্রকাশ পায়, তাহা তোমার ছিল না। তোমার দানের সময় যাহা যাহা মনে পড়িত, তাহাই তোমার দেয় ছিল। হে বিক্রমার্ক ! একদা এক ব্রাহ্মণপুত্র তোমার নিকট আপনাকে প্রার্থী জনাইয়া

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

प्राप्नोति कुम्भकारोऽपि महिमानं प्रजापतेः ।
यदि भोजोऽप्यवाप्नोति प्रतिष्ठां तव विक्रम !!"

राजाऽचिन्तयत्—"लोके सर्वोऽपि जनः स्वगृहे निःशङ्कं सत्यं वदति । मया वा अन्येन वा सर्वथा विक्रमार्कप्रतिष्ठा न शक्या प्राप्तुम्" ॥ ८ ॥

अथ कदाचित् कश्चित् कविः राजद्वारं समागत्याह, "राजा द्रष्टव्यः" इति । ततः प्रवेशितो राजानं "स्वस्ति" इत्युक्त्वा तदाज्ञयोपविष्टः पठति,—

"कविषु वादिषु भोगिषु देहिषु,
द्रविणवत्सु सतामुपकारिषु ।
धनिषु धन्विषु धर्मधनेष्वपि,
क्षितितले न हि भोजसमो नृपः ॥

ছিল, তুমি তাহাকে আটশত গ্রাম দান করিয়াছিলে; সুতরাং ভোজ যদি তোমার প্রতিষ্ঠা লাভ করে, তবে কুম্ভকারও বিশ্ববিধাতার মহিমা পাইতে পারে। রাজা স্বগত বলিলেন,—লোকে দেখা যায়, সকল লোকই নিজের বাটীতে নিঃশঙ্কভাবে সত্য বলিয়া থাকে। আমি, বা অন্য, কেহই বিক্রমার্কের প্রতিষ্ঠা ও প্রতিপত্তি কোনও প্রকারে লাভ করিতে পারে না। ৮।

তারপর কোনও একদিন কোনও এক কবি রাজদ্বারে আসিয়া বলিয়াছিলেন, রাজাকে দেখিতে চাই। তারপর দ্বারপাল কর্ত্তৃক প্রবেশিত হইয়া রাজার মঙ্গল হউক বলিয়া রাজার আজ্ঞাক্রমে উপবেশন করিলেন, এবং পাঠ করিলেন,—কবির মধ্যে, বাদীর (তত্ত্বজ্ঞানেচ্ছায় যাহারা বিচার করে, তাহারা বাদী) মধ্যে, ভোগীর মধ্যে, শরীরধারীদিগের মধ্যে, ধনবান্‌দিগের মধ্যে, সাধুদিগের মধ্যে, উপকারকারীদিগের মধ্যে, উৎকৃষ্ট ধনুর্দ্ধারীদিগের মধ্যে, এবং ধর্ম্মপরায়ণ ব্যক্তিদিগের মধ্যে ভূতলে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

রাজা তস্মৈ লক্ষং প্রাদাৎ। সর্বাভরণান্যুত্তার্য্য তস্মৈ তুরগং দদৌ।

ততঃ কদাচিদ্রাজা ক্রীড়োদ্যানং প্রস্থিতো মধ্যেমার্গং কামপি মলিনাংশুকবসনাং সুলোচনাং লোচনাভ্যাম্ আলোক্য পপ্রচ্ছ, "কা ত্বং পুত্রি ?" সা চ তং শ্রীভোজভূপালং মুখশ্রিয়া বিদিত্বা প্রাহ,—"নরেন্দ্র ! লুব্ধকবধূ।" হর্ষসম্ভৃতো রাজা তস্যাঃ পটুপ্রবন্ধানুবন্ধেনাহ, "হস্তে কিমেতৎ ?" সা চাহ,—"পলম্।" রাজাহ, "ক্ষামং কিম্ ?" সা চাহ,—

"সহজং ব্রবীমি নৃপতে ! যদ্যাদরাৎ শ্রূয়তে।
গায়ন্তি ত্বদরিপ্রিয়াশ্রু-তটিনীতীরেষু সিদ্ধাঙ্গনা-,
গীতান্ধা ন তৃণং চরন্তি হরিণাস্তেনামিষং দুর্বলম্ ॥"

ভোজরাজের ন্যায় রাজা নাই। রাজা তাঁহাকে লক্ষমুদ্রা প্রদান করিয়াছিলেন। আর অঙ্গ হইতে খুলিয়া সকল আভরণ ও একটি অশ্ব তাঁহাকে দিয়াছিলেন।

তারপর কোনও একদিন রাজা ক্রীড়াকাননে গিয়াছিলেন। যাইবার সময় পথের মধ্যে মলিন-সূক্ষ্ম-বসন পরিধানা, তীক্ষ্ণরশ্মি তপনদেবের কিরণে বিদগ্ধ-মুখপদ্মা, সুলোচনা কোনও এক ব্যাধবধূকে দুই নয়ন ভরিয়া দেখিয়া জিজ্ঞাসা করিলেন, বৎসে ! তুমি কে ? সেই ব্যাধবধূ মুখের শোভায় তাঁহাকে ভোজরাজ জানিতে পারিয়া তুষ্ট হইয়া বলিল,—নরেন্দ্র ! আমি ব্যাধবধূ। হর্ষপ্লুত (আহ্লাদে আট খানা হইয়া) রাজা তাহার কবিতার কৌশলে নিজের কবিতা-কৌশল মিলাইয়া বলিলেন—হস্তে কি এটা ? সে কহিল, মাংস। রাজা বলিলেন—ক্ষীণ কেন ? (শুষ্ক শুষ্ক কেন ?)। সে বলিল, মহারাজ ! সত্য বলি, যদি আদর

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

राजा तस्मै प्रत्यक्षरं लक्षं प्रादात् ॥ ८ ॥

ततो गृहमागत्य गवाक्षे उपविष्टः। तत्र चासीनं भोजं दृष्ट्वा राजवर्त्मनि स्थित्वा कश्चिदाह,—"देव सकलमहीपाल! आकर्णय,—

> कृतश्चेतस्याब्धिर्विघटिततटः सेतुरुदरे,
> धरित्री दुर्लङ्घ्या बहुलहिमपङ्को गिरिरयम्।
> इदानीं निर्वृत्ते करितुरगनीराजनविधौ,
> न जाने यातारस्तव च रिपवः केन च पथा ॥"

तुष्टो भोजो वर्त्मनि स्थितायैव तस्मै वंश्यान् पञ्चगजान् ददौ।

করিয়া শ্রবণ করেন। তোমার শত্রুর প্রেয়সীদিগের অশ্রু দ্বারা সঞ্জাত নদীর তীরে বসিয়া সিদ্ধযুবতীরা গান করে। হরিণ সকল সেই গানে মুগ্ধ হইয়া তৃণ খায় না। সেইজন্য এই মাংস এত ক্ষীণ হইয়াছে। রাজা তাহার প্রত্যেক অক্ষরে লক্ষমুদ্রা করিয়া প্রদান করিয়াছিলেন ॥ ৯ ॥

তথা হইতে গৃহে প্রত্যাবর্ত্তন করিয়া কোনও এক সময়ে রাজা গবাক্ষদ্বারে উপবেশন করিয়াছিলেন। ভোজকে সেখানে বসিয়া থাকিতে দেখিয়া রাজপথে দাঁড়াইয়া কেহ বলিয়াছিল,—মহারাজ! আপনি সকলপৃথিবীর অধিশ্বর। শ্রবণ করুন,—সমুদ্রের মধ্যে সেতু আছে সত্য; কিন্তু সমুদ্রের জলে তাহার এদিক ওদিকের তটভাগ নষ্ট হইয়া গিয়াছে। এই পৃথিবীও (ভারতবর্ষ) দুর্লঙ্ঘ্য; কারণ, ইহার মধ্যে হিমপঙ্কে পরিপূর্ণ এই পর্ব্বত (হিমালয় প্রাচীরের ন্যায়) রহিয়াছে। এইজন্য তোমার হস্তী ও ঘোটকের নীরাজনোৎসব (অশ্বগজাদির পূজা-বিশেষ) সম্পাদিত হইলে পর, জানি না এখন তোমার শত্রুসকল কোন্ পথ দিয়া

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

কদাচিদ্রাজা মৃগয়ারসপরাধীনো হয়মারুহ্য প্রতস্থে।

'ততো নদীং সমুত্তীর্ণং শিরস্যারোপিতেন্ধনম্।
বেষেণ ব্রাহ্মণং জ্ঞাত্বা রাজা পপ্রচ্ছ সত্বরম্॥'

"কিয়ন্মাত্রং জলং বিপ্র!"

স আহ,—"জানুদঘ্নং নরাধিপ"।

চমৎকৃতো রাজাহ,—"ঈদৃশী কিমবস্থা তে?"

স আহ,—"ন হি সর্বে ভবাদৃশাঃ॥"

রাজা প্রাহ কুতূহলাৎ "বিদ্বন্! যাচস্ব কোশাধিকারিণং লক্ষং দাস্যতি মদ্বচসা।" ততো বিদ্বান্ কাষ্ঠং ভূমৌ নিক্ষিপ্য কোশাধিকারিণং গত্বা প্রাহ, "মহারাজেন প্রেষিতোঽহং লক্ষং মে দীয়তাম্।" ততঃ স হসন্নাহ,—"বিপ্র! ভবন্মূর্তির্লক্ষং নার্হতি।"

চলিয়া যাইবে। ভোজ তুষ্ট হইয়া পথে অবস্থিত তাহাকে পাঁচটি শ্রেষ্ঠ হস্তী দান করিয়াছিলেন।

কোনও এক সময়ে রাজা মৃগয়াসক্তির বশীভূত হইয়া অশ্বে আরোহণ করিয়া প্রস্থান করিয়াছিলেন। তারপর দেখিলেন একজন মস্তকে কাষ্ঠ লইয়া নদী পার হইতেছে। বেশ দেখিয়া তাহাকে ব্রাহ্মণ বলিয়া জানিতে পারিয়া রাজা শীঘ্রই তাহাকে জিজ্ঞাসা করিলেন,—ব্রাহ্মণ! এখানে কি পরিমাণ জল? সে বলিল,—নরেশ্বর! জানু (হাঁটু) পরিমাণ। রাজা আশ্চর্য্যান্বিত হইয়া বলিলেন,—তোমার অবস্থা এরূপ কেন? সে বলিল,—ভবাদৃশ ত সকলে নহে। রাজা কুতূহলবশতঃ বলিলেন,—বিদ্বন্! কোষাধিকারীর নিকট প্রার্থনা কর গিয়া। আমার কথায় লক্ষ-মুদ্রা তোমাকে দিবে। তারপর সেই বিদ্বান্ কাষ্ঠ ভূমিতে ফেলিয়া কোষাধিকারীর নিকট গিয়া বলিয়াছিল, মহারাজ আমাকে পাঠাইয়াছেন। লক্ষমুদ্রা আমায় দাও। কোষাধিকারী হাসিয়া বলিল,—ব্রাহ্মণ! আপনার এ মূর্ত্তি লক্ষ পাইবার যোগ্য নয়।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततो विषादी स राजानमित्याह, “स पुनर्हसति, देव! नार्पयति।” राजा कुतूहलादाह,—“लक्षद्वयं प्रार्थय, दास्यति।” पुनरागत्य विप्रः “लक्षद्वयं देयम्” इति राज्ञोक्तमित्याह। स पुनर्हसति। पुनरपि भोजं प्राप्याह, “स पापिष्ठो मां हसति, नार्पयति।” ततः कौतूहली लीलानिधिर्महीं शासन् श्रीभोजराजः प्राह, “विप्र! लक्षत्रयं याचस्व, अवश्यं स दास्यति।” पुनरेत्य प्राह, “राजा मे लक्षत्रयं दापयति।” स पुनर्हसति। ततः क्रुद्धो विप्रः पुनरेत्याह, “देव! स नार्पयत्येव।

राजन्! कनकधाराभिस्त्वयि सर्वत्र वर्षति।
अभाग्यच्छत्रसंच्छन्ने मयि नायान्ति बिन्दवः॥
त्वयि वर्षति पर्जन्ये सर्वे पल्लविता द्रुमाः।
अस्माकमर्कवृक्षाणां पूर्वपत्रेषु संशयः॥

সে কথা শুনিয়া বিষণ্ণ হইয়া ফিরিয়া আসিয়া রাজাকে বলিল,—মহারাজ! সে হাসিল, দিল না। কুতূহলবশতঃ রাজা বলিলেন,—দুইলক্ষ প্রার্থনা কর, দিবে। আবার আসিয়া ব্রাহ্মণ বলিল,—লক্ষদ্বয় দিবে, এই কথা রাজা বলিয়াছেন। সে কোষাধিকারী আবার হাসিল। ব্রাহ্মণ আবারও ফিরিয়া আসিয়া রাজাকে বলিল,—সে পাপিষ্ঠ আমাকে দেখিয়া হাসিল, দিল না। তারপর কৌতূহলের বশীভূত হইয়া লীলানিধি শ্রীমান্ ভোজরাজ পৃথিবীর শাসন করিতে উপস্থিত বলিয়া বলিলেন, ব্রাহ্মণ! তিন লক্ষ প্রার্থনা কর। অবশ্য সে দিবে। তিনি আবার আসিয়া বলিলেন, রাজা আমাকে তিনলক্ষ মুদ্রা দিতে বলিলেন। কোষাধিকারী আবারও হাসিল। তারপর ব্রাহ্মণ ক্রুদ্ধ হইয়া ফিরিয়া আসিয়া বলিলেন, মহারাজ! সে দিলই না। মহারাজ! তুমি সর্ব্বত্র সুবর্ণধারায় বর্ষণ করিতেছ;

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

एकमस्य परमेकमुद्यमं, निस्तपत्यमपरस्य वस्तुन: ।
नित्यमुष्णमहसा निरस्यते, नित्यमन्धतमसं प्रधावति ॥"

ततो राजा प्राह,—
"क्रोधं मा कुरु मद्वाक्याद्गत्वा कोशाधिकारिणम् ।
लक्षत्रयं गजेन्द्रांश्च दश ग्राह्या त्वया द्विज !" ॥

ततस्त्वङ्गरक्षकं प्रेषयति। ततः कोशाधिकारी धर्मपत्रे लिखति,—
'लक्षं लक्षं पुनर्लक्षं मत्ताश्च दश दन्तिनः ।
दत्ता भोजेन तुष्टेन जानुदघ्नप्रभाषणात्' ॥ १० ॥

কিন্তু আমি অভাগ্যরূপ ছত্রদ্বারা আচ্ছাদিত বলিয়া দুইচারি বিন্দুও আমার নিকট পড়িল না। তুমি গর্জ্জনের ন্যায় বর্ষণ করিলে সকল বৃক্ষই পল্লবপ্রাপ্ত হইয়াছে; কিন্তু আমরা অর্কবৃক্ষের ন্যায় বলিয়া আমাদিগের পূর্ব্বপর্ণের উপরও সংশয় উপস্থিত (থাকে কি, না)। উগ্রতেজা আপনি ইহার একটী উদ্যমকে নিরস্ত করিতেছেন, সে অপর একটি উদ্যমকে প্রাপ্ত হইতেছে; সুতরাং ছোট বস্তুর কি নির্লজ্জ ব্যবহার! ইহা হওয়াও উচিত; উগ্রতেজা সূর্য্য নিত্যই তীক্ষ্ণ করে অন্ধকারকে বিনষ্ট করেন; কিন্তু সে প্রত্যহই তীব্রবেগে আসিয়া উপস্থিত হয়। তারপর রাজা বলিয়াছিলেন,—ক্রোধ করিও না। আমার বাক্যে কোষাধিকারীর নিকট গিয়া তিনলক্ষ মুদ্রা ও শ্রেষ্ঠ হস্তী দশটি তুমি নিজে লইবে। এই কথা বলিয়া একজন অঙ্গরক্ষককে পাঠাইয়া দিলেন। ব্রাহ্মণ আসিয়া সেই সকল লইয়া গেলে কোষাধিকারী ধর্ম্মপত্রে লিখিলেন,—একবার একলক্ষ, আর বার আর একলক্ষ, আর এক বার আর একলক্ষ, শেষবার দশটি মত্তহস্তী, এই তিন লক্ষ মুদ্রা ও দশটি মত্তহস্তী একমাত্র 'জানুদঘ্ন' শব্দবলায় তুষ্ট হইয়া রাজা ভোজ ব্রাহ্মণকে দান করিয়াছেন। ১০।

CC-0. Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततः सिंहासनमलङ्कुर्वाणे श्रीभोजनृपतौ द्वारपाल आगत्य प्राह, "राजन्! कोऽपि शुकदेवनामा कविः दारिद्र्य-विडम्बितो द्वारि वर्त्तते।" राजा बाणं प्राह—"पण्डितवर! तत्त्वं विजानासि? बाणः प्राह—"देव! शुकदेवपरिज्ञान-सामर्थ्याभिज्ञः कालिदास एव, नान्यः।" राजा प्राह—"सुकवे! सखे कालिदास! किं विजानासि शुकदेवकविम्?" आह कालिदासः,—"देव!

सुकविद्वितयं जाने निखिलेऽपि महीतले।
भवभूतिः शुकश्चायं वाल्मीकिस्त्रितयोऽनयोः॥"

—

ततो विद्वद्वृन्दवन्दिता सीता प्राह,—

"काकाः किं किं न कुर्वन्ति क्रेङ्कारं यत्र तत्र वा।
शुक एव परं वक्ति नृपहस्तोपलालितः॥"

ततो मयूरः प्राह,—

এইরূপে শ্রীমান্ ভোজরাজ সিংহাসন অলঙ্কার করিতে থাকিলে এক সময়ে দ্বারপাল আসিয়া বলিল,—মহারাজ! শুকদেব নামে কোনও এক কবি দারিদ্র্য দুঃখে বিড়ম্বনা পাইয়া দ্বারদেশে উপস্থিত হইয়াছেন। রাজা বাণকে বলিলেন,—পণ্ডিতবর! হে সুকবে! ইঁহার স্বরূপ জান কি? বাণ বলিলেন,—শুকদেব কবির স্বরূপ জানিবার শক্তির সহিত পরিচিত একমাত্র কালিদাস, অন্য কেহ নহে। রাজা বলিলেন,—হে সুকবে! সখে কালিদাস! শুকদেব কবিকে কি ভাল করিয়া জান? কালিদাস বলিলেন,—মহারাজ! সমগ্র পৃথিবীতলে সুকবি দুইটিকে জানি এক ভবভূতি, আর এই শুকদেব; আর এই দুই সুকবির ত্রিতয় হইতেছেন বাল্মিকি। এই কথা শুনিয়া পণ্ডিতদিগের বন্দনীয় সীতাদেবী বলিলেন,—

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"अपृष्टस्तु नरः किञ्चित् यो ब्रूते राजसंसदि ।
न केवलमसम्मानं लभते च विडम्बनाम् ॥

देव ! तथाप्युच्यते,

का सभा ? किं कविज्ञानं ? रसिकाः कवयश्च के ?
भोज ! किं नाम ते दानं ? शुकस्तुष्यति येन सः ॥

तथापि भवनद्वारमागतः शुकदेवः सभायामानेतव्य एव ।" तदा राजा विचारयति "शुकदेवसामर्थ्यं श्रुत्वा हर्षविषादयोः पात्रमासीत्, महाकविरवलोकित इति हर्षः, अस्मै सत्कविकोटिमुकुटमणये किं नाम देयमिति च विषादः । भवतु द्वारपाल ! प्रवेशय"। तत आयान्तं शुकदेवं दृष्ट्वा राजा

কাকসকল কি কি না করে? যেথানে সেখানে কি ক্রোঙ্কার (কা-কা রব) করে না? কিন্তু শুক নরপতির হস্তে লালিতপালিত হইয়া থাকে, এবং উৎকৃষ্ট পাঠও করে। সে কথা শুনিয়া ময়ূর বলিলেন,—রাজসভার মধ্যে অজিজ্ঞাসিত হইয়াও যে মানব কিছুমাত্রও বলে, সে যে কেবল অসম্মান লাভ করে, তাহা নহে, বিড়ম্বনাও ভোগ করে। মহারাজ! তথাপি বলা যাইতেছে,—একি সভা, না এই কবিদিগের জ্ঞান কবিদিগেরই জ্ঞান? কাহারাই বা রসিককবি? হে ভোজ! তোমার দানই বা কি, যদ্দ্বারা সেই শুক পরিতুষ্ট হইবেন? তথাপি বাটীর দ্বারে আসিয়া উপস্থিত হইয়াছেন বলিয়া শুকদেবকে সভায় আনয়ন করিতেই হইবে। তখন রাজা বিচার করিতে লাগিলেন,—আমার আত্মা শুকদেবের সামর্থ্য শুনিয়া হর্ষ ও বিষাদের পাত্র হইয়াছে। মহাকবি দেখিতে পাওয়া গেল, এই জন্য হর্ষ; এই কোটি কোটি সৎকবির মুকুটমণিকে দেয় আমার এমন কি আছে? এইজন্য বিষাদ। তা হউক, দ্বারপাল! প্রবেশ [illegible] আসিতে

CC-0. Jangamwadi Math Collection. Digitized by eGangotri

सिंहासनादुदतिष्ठत्। सर्वे पण्डितास्तं शुकदेवं प्रणम्य सविनयमुपवेशयन्ति। स च राजा तं सिंहासने उपवेश्य स्वयं तदाज्ञयोपविष्टः। ततः शुकदेवः प्राह, "देव धारानाथ! श्रीविक्रमनरेन्द्रस्य या दानलक्ष्मीः, त्वामेव सेवते, देव! मालवेन्द्र एव धन्यो नान्ये भूभुजः, यस्य ते कालिदासादयो महाकवयः सूत्रबद्धाः पक्षिण इव निवसन्ति।" ततः पठति,—

"प्रतापभीत्या भोजस्य तपनो मित्रतामगात्।
और्व्वो वाड़वतां धत्ते तड़ित् चणिकतां गता॥" ११॥

प्रतापेति। भोजस्य प्रतापभीत्या प्रतापस्य चमतायाः प्राखर्य्येण अत्युग्रप्रभावस्य प्रतापस्य भीत्या भयेन तपनः दिव्यो वह्निः सूर्य्यः मित्रतां मित्रनाम अगात् प्राप्तवान् श्लेषात् तापकारी शत्रुरपि बन्धुतां गतः। तथा तपनः तापकारकः सूर्य्यः मित्रतां गतः, न च त्वद्राज्ये कञ्चिदपि तापयति। त्वं जितमार्त्तण्डतेजा असि इति भावः। किञ्च और्व्वः पृथिवीजातो भौमो वह्निरपि वाड़वतां वड़वानलतां समुद्रान्तःप्रविष्टरूपत्वं धत्ते धारयति। श्लेषात् वड़वाजातविग्रहं घोटकरूपं धृत्वा त्वामुपास्ते प्रताप-

দেখিয়া রাজা সিংহাসন হইতে উঠিয়া দাঁড়াইলেন, এবং সকল পণ্ডিতেরাই বিনয়-সহকারে শুকদেবকে প্রণাম করিয়া উপবেশন করাইলেন। সেই রাজাও তাঁহাকে নিজ সিংহাসনে উপবেশন করাইয়া নিজে তাঁহার আজ্ঞায় উপবেশন করিলেন। তারপর শুকদেব বলিলেন, মহারাজ! আপনি ধারার স্বামী; সেইজন্ত শ্রীমান্ বিক্রমনরপতির যে দানলক্ষ্মী, তিনি তোমাকেই সেবা করিতেছেন। মহারাজ! মালবাধিপতিই ধন্ত, অন্ত রাজারা অধন্য; যেহেতু কালিদাসাদি মহাকবিসকল সূত্রবদ্ধ পক্ষীর ন্তায় এখানে নিবাস করিতেছেন। সেইজন্তই একটি শ্লোক পাঠ করি,—

ভোজের অত্যুগ্রপ্রতাপের তাপের ভয়ে ভীত হইয়া স্বভাবতঃ তপনস্বভাব সূর্য্যও মিত্রতা স্বীকার করিয়াছেন, তাপপ্রদ শত্রুরা-ও পূর্ব্বেই মিত্রতা স্বীকার

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

রাজাহ,—"তিষ্ঠ সুকবে ! নাপরঃ শ্লোকঃ পঠনীয়ঃ ।"

'সুবর্ণকলশং প্রাদাৎ দিব্যমাণিক্যসম্ভৃতম্ ।
ভোজঃ শুকায় সন্তুষ্টো দন্তিনশ্চ চতুঃশতম্ ॥'

ইতি পুণ্যপত্রে লিখিত্বা সর্ব্বং দত্ত্বা কোষাধিকারী শুকং প্রস্থাপয়ামাস। রাজা স্বদেশং প্রতি গতং শুকং জ্ঞাত্বা তুতোষ। সা চ পরিষৎ সন্তুষ্টা ।

অন্যদা বর্ষাকালে বাসুদেবো নাম কবিঃ কশ্চিদাগত্য রাজানং দৃষ্টবান্ । রাজা প্রাহ,—"সুকবে ! পর্জন্যং পঠ ।" ততঃ কবিরাহ,—

ময়েন। তড়িৎ বিদ্যুৎ নামস্বী বহ্নিঃ ক্ষণিকানাং ক্ষণস্থায়িনাং স্থিতিমশ্বলা গতা প্রাপ্তা স্যাত্তদ্মন্না। অহো ভবান্ মহাপ্রতাপশালীতি কিং বর্ণনয়া ইতি ভাবঃ ॥১১॥

করিয়াই বসিয়াছে। আর পৃথিবীজাত অগ্নি ভোজের প্রতাপের অত্যুগ্র তাপের ভয়ে ভীত হইয়া সমুদ্রগর্ভে লুকাইয়া বাড়বরূপ ধারণ করিয়াছে; কেবল তাহাই নহে, ভোজের ঘোটকীর গর্ভে জন্মিয়া ঘোটকের কার্য্য করিতেও সম্মত হইয়াছে। আর বিদ্যুৎ ভয়ে ক্ষণকালের জন্য উৎপন্ন হইয়া থাকে; কারণ, অধিকক্ষণ থাকিলে দগ্ধ হইয়া মরিয়াই যাইবে, তাহার ভয় অতি প্রবল। (মহারাজ! আপনি মহা-প্রতাপশালী। আপনার বর্ণনা আর কি করিব?) ॥ ১১ ॥

রাজা বলিলেন,—হে সুকবে! থাক, আর অপর শ্লোক পাঠ করিবেন না। ইহার পরে—'অপূর্ব্ব জ্যোতিষ্মান্ মাণিক্য (পদ্মরাগ, চুনি) পরিপূর্ণ সুবর্ণকলসী, এবং চারিশত হস্তী সন্তুষ্ট হইয়া ভোজ শুকদেবকবিকে দিয়াছিলেন' কোষাধিকারী এই সমস্ত দিয়া পুণ্যপত্রে এই শ্লোক লিখিয়া শুকদেবকবিকে স্বদেশে পাঠাইয়া দিলেন। শুকদেবকবি স্বদেশের অভিমুখে গমন করিয়াছেন জানিয়া রাজা পরিতুষ্ট হইয়াছিলেন। আর সেই পরিষদ্‌ও সন্তুষ্ট হইয়াছিল।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"নো চিন্তামণিভির্ন কল্পতরুভির্নো কামধেন্বাদিভি-,
র্নো দেবৈশ্চ পরোপকারনিরতৈঃ স্থূলৈর্ন সূক্ষ্মৈরপি।
অম্ভোদেহ নিরন্তরং জলভরৈস্তামুর্ব্বরাং সিঞ্চতা,
ধৌরেয়েণ ধুরং ত্বয়াঽদ্য বহতা মন্যে জগজ্জীবতি ॥"

রাজা লক্ষং দদৌ ॥ ১২ ॥

কদাচিদ্রাজানং নিরন্তরং দীয়মানমালোক্য মুখ্যামাত্যো বক্তুমশক্তো রাজ্ঞঃ শয়নভবনভিত্তৌ ব্যক্তান্যক্ষরাণি লিখিতবান্,—

অন্য এক সময় বর্ষাকালে বাসুদেবনামক কোনও এক কবি আসিয়া রাজাকে দেখিয়াছিলেন। রাজা তাঁহাকে বলিলেন,—হে সুকবে! পর্জ্জন্যকে অবলম্বন করিয়া একটি শ্লোক পাঠ কর। সেই কথা শুনিয়া তিনি বলিলেন,—

নো চিন্তেতি। হে অম্ভোদ মেঘ! ইহ বর্ষাসু জলভরৈর্জলরাশিভিঃ নিরন্তরং তাং নিদাঘে মৃতপ্রায়াং উর্ব্বরাং পৃথ্বীং সিঞ্চতা প্লাপয়তা ধুরং ভারং জীবনভারং বহতা ধারয়তা ধৌরেয়েণ ভারবাহিনাং নৃপাদীনাং শ্রেষ্ঠেন ত্বয়া, শ্লেষাৎ ভোজেন, অদ্য জগৎ প্রাণিজাতং মন্যে জীবতি প্রাণিতি সুস্থং ভবতীত্যুৎপ্রেক্ষা ॥ ১২ ॥

বহু চিন্তামণি দ্বারা নয়, বহু কল্পবৃক্ষদ্বারা নয়, কামধেনু আদি দ্বারা নয়, পরোপকারপরায়ণ বহু সূক্ষ্ম দেবতা দ্বারা নয়, স্থূলদেবতাদ্বারা নয়; হে জলধর! এই বর্ষাকালে প্রচুর জলবর্ষণদ্বারা নিরন্তর সেই শুষ্কপ্রায় পৃথিবীকে প্লাপিত করিয়া ভারবহনকারীরূপে বিরাজমান এবং ভারবাহী (নৃপ)দিগের মধ্যে শ্রেষ্ঠ এক তোমা (ভোজ) দ্বারা আজ মনে হয় এই জগৎ জীবিত হইল। শ্লোক শুনিয়া রাজা লক্ষমুদ্রা দিয়াছিলেন ॥ ১২ ॥

কোন এক সময়ে রাজাকে নিরন্তর দান করিতে দেখিয়া প্রধানসচিব বলিতে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"আপদর্থং ধনং রক্ষেৎ,"

রাজা শয়নাদুত্থিতো গচ্ছন্ ভিত্তৌ তান্যক্ষরাণি বীক্ষ্য স্বয়ং দ্বিতীয়চরণং লিলেখ,—

"শ্রীমতামাপদঃ কুতঃ ?"

অপরেদ্যুরমাত্যো দ্বিতীয়ং চরণং লিখিতং দৃষ্ট্বা স্বয়ং তৃতীয়ং লিলেখ,—

"সা চেদপগতা লক্ষ্মীঃ,"

পরেদ্যুঃ রাজা চতুর্থং চরণং লিখতি,—

"সঞ্চিতার্থো বিনশ্যতি ॥"

ততঃ মুখ্যামাত্যঃ রাজ্ঞঃ পাদয়ো পততি,—"দেব ! ক্ষন্তব্যো ঽয়ং মমাপরাধঃ" ॥ ১২ ॥

অন্যদা ধারাধীশ্বরমুপরি সৌধভূমৌ শয়ানং মত্বা কশ্চিদ্ দ্বিজচৌরঃ খাতপাতপূর্বং রাজ্ঞঃ কোশগৃহং প্রবিশ্য বহূনি বিবিধ-

---

অসমর্থ হইয়া রাজার শয়নগৃহের ভিত্তিতে (দেওয়ালের গায়) অক্ষরগুলি ব্যক্ত (মোটা) করিয়া লিখিয়াছিলেন, আপৎ নিবারণার্থ ধন সঞ্চয় করিবে। রাজা শয্যা হইতে উঠিয়া যাইতে যাইতে ভিত্তিদেশে সেই অক্ষর কয়টি দেখিয়া নিজে দ্বিতীয় চরণ লিখিলেন—শ্রীমান্‌দিগের আপৎ কোথায় ? পরদিন প্রধানসচিব দ্বিতীয় চরণে অন্য ভাব লিখিত দেখিয়া নিজে তৃতীয় চরণ লিখিলেন,—সে লক্ষ্মী যদি ছাড়িয়া যায় ? পরদিন রাজা চতুর্থ চরণ লিখিলেন,—তাহা হইলে সঞ্চিত অর্থও বিনষ্ট হয়। পরদিন প্রধানসচিব রাজার পায়ে পড়িলেন, এবং বলিলেন,—মহারাজ ! আমার এ অপরাধ ক্ষমা করিতে হইবে ॥ ১৩ ॥

অন্য একদিন ধারার অধীশ্বর সৌধের উপরে শয়ন করিয়া আছেন মনে করিয়া কোনও এক ব্রাহ্মণ চোর সন্ধিখনন (সিঁধ খোঁড়া) পূর্ব্বক রাজার কোষগৃহে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

रत्नानि वैदूर्य्यादीनि हृत्वा तानि तानि परलोक ऋणानि मत्वा तत्रैव वैराग्यमापन्नो विचारयामास,—

'यद्व्यङ्गाः कुष्ठिनश्चान्धाः पङ्गवश्च दरिद्रिणः।
पूर्वोपार्जितपापस्य फलमश्नन्ति देहिनः॥'

ततो राजा निद्राक्षये दिव्यशयनस्थितो विविधमणिकङ्कणालङ्कृतं दयितवर्गं दर्शनीयमालोक्य गजतुरगरथपदातिसामग्रीं च चिन्तयन् राज्यसुखसन्तुष्टः प्रमोदभरादाह,—

"चेतोहरा युवतयः सुहृदोऽनुकूलाः,
सद्बान्धवाः प्रणयगर्भगिरश्च भृत्याः।
सैन्यानि दन्तिनिवहास्तरलास्तुरङ्गाः,"

इति चरणत्रयं राज्ञोक्तम्। चतुर्थचरणं राज्ञो मुखान्न निःसरति। तदा चौरेण श्रुत्वा पूरितम्,—

প্রবেশ করিয়া বৈদূর্য্যাদি অনেক প্রকার রত্নসকল চুরি করিয়াছিল, এবং সে সকল আবার লোকান্তরে ঋণের স্বরূপ মনে করিয়া সেই স্থলেই বৈরাগ্যলাভ করিয়া বিচার করিয়াছিল,—এই যে বিকলাঙ্গ, কুষ্ঠব্যাধিগ্রস্ত, অন্ধ, পঙ্গু, দরিদ্র, ইহারা ইহকালে দেহধারণ করিয়া সেই পূর্ব্বজন্মে উপার্জ্জিত পাপের ফলভোগ করিতেছে। তারপর প্রাতঃকালে নিদ্রা ভাঙ্গিলে রাজা দিব্য-শয্যায় থাকিয়াই নানাপ্রকার মণি ও কঙ্কণ-দ্বারা অলঙ্কৃত প্রিয়জনসমূহ অত্যন্ত দৃষ্টিসুভাগ দেখিয়া, আর হস্তী, ঘোটক, রথ, ও পদাতিপ্রভৃতি ব্যবহারসামগ্রীসকল চিন্তা করিয়া রাজ্যসুখে সন্তোষলাভপূর্ব্বক স্ফূর্ত্তিভরে বলিলেন,—এই সকল যুবতীরা কি মনোহর, সুহৃৎসকল আমার কতই অনুকূল, বান্ধবসকল সাধুপ্রকৃতি, ভৃত্যসকলের প্রণয়মাখা কি কথা, সৈন্যসকল, হস্তিসমূহ, এবং অশ্বসকলও কার্য্যে অতীব কুশল;—এই পর্য্যন্ত তিনটি পাদ রাজা

১৪

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"सम्मीलने नयनयोर्न हि किञ्चिदस्ति ॥"

ततः कथितग्रन्थो राजा चौरं वीक्ष्य तस्मै वीरवलयमदात्। ततस्तस्करो वीरवलयमादाय ब्राह्मणगृहं गत्वा शयानं ब्राह्मणमुत्थाप्य तस्मै दत्त्वा प्राह, "विप्र ! एतद्राज्ञः पाणिवलयं बहुमूल्यम्, अल्पमूल्येन न विक्रेयम्।" ततो ब्राह्मणः पण्यवीथ्यां तद्विक्रीय दिव्यभूषणानि पट्टदुकूलानि च जग्राह। ततो राजकीयाः केचन एनं चौरं मन्यमानाः राज्ञो निवेदयन्ति। ततो राजनिकटे नीतः। राजा पृच्छति, "विप्र ! धार्थं पटमपि नास्ति ; अद्य प्रातरेव दिव्यकुण्डलाभरणपट्टदुकूलानि कुतः" ? विप्रः प्राह,—

পাঠ করিতে পারিলেন; কিন্তু চতুর্থ চরণ রাজার মুখ হইতে আর বহির্গত হইল না। ওদিকে চোর-ব্রাহ্মণ ছিল, সে উহা শুনিয়া পূরণ করিল,—'চক্ষুদ্বয় মুদ্রিত হইলে ত' আর কিছুই নাই।' রাজা শুনিয়া বুঝিলেন শ্লোকের পাঠ সুন্দর মিলিয়া গিয়াছে। তখন রাজা চোরকে দেখিয়া তাহাকে বীরবলয় দান করিয়াছিলেন। তারপর চোর বীরবলয় লইয়া কোনও এক ব্রাহ্মণের বাটী গিয়া ব্রাহ্মণকে শয্যা হইতে উঠাইয়া, তাহাকে বীরবলয় দান করিয়া বলিল,—ব্রাহ্মণ ! এটি রাজার হস্তবলয় ; ইহার মূল্য বহু; অল্প মূল্যে বিক্রয় করিবে না। ব্রাহ্মণ সেই বলয় পাইয়া পণ্যবীথীতে (বাজারে) বিক্রয় করিল। বিক্রয় করিয়া অপূর্ব্ব অলঙ্কারসকল, এবং পট্টবস্ত্রসমূহ লইল। তারপর রাজকীয় কোন গুপ্তচর এ ব্রাহ্মণকে চোর মনে করায় রাজার নিকটে নিবেদন করিল। রাজার আজ্ঞা হইলে, রাজার নিকটে চোর ব্রাহ্মণকে লইয়া গেল। রাজা তাহাকে জিজ্ঞাসা করিলেন, ব্রাহ্মণ ! তোমার পরিধেয় বস্ত্রও নাই ; অথচ আজ প্রাতঃকালেই অপূর্ব্বকুণ্ডলপ্রভৃতি অলঙ্কার, এবং

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"ভেকৈঃ কোটরশায়িভির্মৃতমিব ক্ষ্মান্তর্গতং কচ্ছপৈঃ,
পাঠীনৈঃ পৃথুপঙ্কপীঠলুঠনাদ্‌যস্মিন্ মুহুর্মূর্চ্ছিতম্ ।
তস্মিন্ শুষ্কসরস্যকালজলদেনাগত্য তচ্চেষ্টিতং,
যত্রাকুম্ভনিমগ্নবন্যকরিণাং যূথৈঃ পয়ঃ পীয়তে ॥"

তুষ্টো রাজা তস্মৈ বীরবলয়ং চোরপ্রদত্তং নিশ্চিত্য স্বয়ঞ্চ লক্ষং দদৌ ॥ ১৪ ॥

অন্যদা কোঽপি কবীশ্বরো বিষ্ণ্বাখ্যঃ রাজদ্বারি সমাগত্য তৈঃ প্রবেশিতো রাজানং দৃষ্ট্বা স্বস্তিপূর্ব্বকং প্রাহ,—

"ধারাধীশ ! ধরামহেন্দ্রগণনাকৌতূহলী যাবয়ং,
বেধাস্ত্বদ্‌গণনে চকার খটিকাখণ্ডেন রেখাং দিবি ।

পট্টবস্ত্রসকল কোথা হইতে হইল ? ব্রাহ্মণ বলিলেন,—মধ্যে অবস্থিত ভেকগণ যেন মরিয়া গেল, কচ্ছপসকল পৃথিবীর মধ্যে প্রবেশ করিল, যাহাতে থাকিয়া পাঠীনমৎস্যসকল (বোয়াল মাছ) শুষ্কপ্রায় পঙ্কের উপর লাফালাফি করায় যেন মূর্চ্ছিত হইয়া গেল ; সেই শুষ্কসরোবরে কোথা হইতে অকালের মেঘ উপস্থিত হইয়া সেইরূপ বর্ষণ করিয়াছে, যেখানে কুম্ভপর্য্যন্ত নিমগ্ন করিয়া (ডুবাইয়া) বন্য হস্তিযূথে জল পান করিতে পারে। এই শ্লোক শুনিয়া রাজা সন্তুষ্ট হইলেন, এবং এ বীরবলয় তাহাকে সেই চোর প্রদান করিয়াছে বুঝিতে পারিয়া নিজেও আবার লক্ষমুদ্রা দান করিলেন ॥ ১৪ ॥

অন্য এক সময়ে বিষ্ণুনামক কোনও এক শ্রেষ্ঠকবি রাজদ্বারে আগমন করিয়া দ্বারপালদিগকর্ত্তৃক সভায় প্রবেশিত হইয়া রাজাকে দেখিলেন, এবং আশীর্ব্বাদপূর্ব্বক পাঠ করিলেন, হে ধারার অধীশ্বর ! বিধাতা ক্ষিতিতে কয়টি মহেন্দ্র আছেন, তাহার গণনায় কৌতূহলাক্রান্ত হইয়া আকাশমণ্ডলে একখণ্ড খড়ি দ্বারা

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

সৈবেয়ং ত্রিদশাপগা সমভবত্ত্বত্তুল্যভূমীধরা-
ভাবাত্তু ত্যজতি স্ম সোঽয়মবনীপীঠে তুষারাচলঃ ॥”

রাজা লোকোত্তরং শ্লোকমাকর্ণ্য কিং দেয়মিতি ব্যচিন্তয়ৎ। তস্মিন্ ক্ষণে তদীয়কবিত্বস্যপ্রতিদ্বন্দ্বমাকর্ণ্য সোমনাথাখ্য-কবের্মুখং বিচ্ছায়মভবৎ। ততঃ স দৌষ্ট্যাদ্রাজানং প্রাহ, দেব! অসৌ সুকবির্ভবতি; পরমনেন কদাপি ন বীক্ষিতাঽস্তি রাজসভা, যতো দারিদ্র্যবারিধিরয়ম্, অস্য চ জীর্ণমপি কৌপীনং নাস্তি। ততো রাজা সোমনাথং প্রাহ,—

“নিরবদ্যানি পদ্যানি যদ্যনাথস্য কা ক্ষতিঃ?
ভিক্ষুণা কক্ষনিক্ষিপ্তঃ কিমিক্ষুর্নীরসো ভবেৎ ॥”

একটি রেখা দিয়া তোমাকে প্রথম এক গণনা করিয়াছিলেন। সেই রেখাই ঐ সুরনদী মন্দাকিনী হইয়াছিল; কিন্তু তোমার তুল্য আর রাজা নাই বলিয়া গণনা অচল হওয়ায় সেই খড়ীখণ্ড ফেলিয়া দিয়াছিলেন। তাই এই ভূপৃষ্ঠে পতিত হওয়ায় হিমালয় হইয়া গিয়াছে। (তোমার কীর্ত্তি লোকোত্তর)। এই অপূর্ব্ব শ্লোক শুনিয়া রাজা 'কি দেওয়া যায়' এইরূপ চিন্তা করিতে লাগিলেন। তৎক্ষণাৎ তাঁহার কবিতায় কেহই প্রতিদ্বন্দ্বী হইতে পারে, এরূপ অবসর নাই দেখিয়া সোমনাথনামক কবির মুখ বিকৃতছায়াপ্রাপ্ত হইয়াছিল। তারপর সোমনাথ দুষ্টতা করিয়া রাজাকে বলিল, মহারাজ! ইনি সুকবি হইতে পারেন; কিন্তু ইনি কখনও রাজসভা দেখেন নাই; যেহেতু ইনি একেবারে দারিদ্র্যের সাগর যে, ইহাঁর জীর্ণ একখানি কৌপীনও নাই? সে কথা শুনিয়া রাজা সোমনাথকে বলিলেন, যদি কোন অত্যন্ত দরিদ্রের পদ্য নির্দোষ হয়, তবে তাহার অন্য যে দোষ থাকে, তাহাতে তাহার ক্ষতি কি? বলি, ভিক্ষুকের কক্ষ (বগল)

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ততঃ সর্ব্বেভ্যঃ তাম্বূলং দত্ত্বা রাজা সভায়া উদতিষ্ঠত্। ততঃ সর্ব্বৈরপ্যন্যোঽন্যমিত্যভ্যধায়ি, অদ্য বিষ্ণুকবেঃ কবিত্বমাকর্ণ্য সোমনাথেন সম্যগ্দৌষ্ট্যমকারি। ততঃ সমুত্থিতা বিদ্বত্পরিষত্। ততো বিষ্ণুকবিরেকং পদ্যং পত্রে লিখিত্বা সোমনাথকবিহস্তে দত্ত্বা প্রণম্য গন্তুমারভত "অত্র সভায়াং ত্বমেব চিরং নন্দ"। ততো বাচয়তি সোমনাথকবিঃ,—

"এতেষু হা! তরুণমারুতধূয়মান-,
দাবানলৈঃ কবলিতেষু মহীরুহেষু।
অম্ভো ন চেত্ জলদ! মুঞ্চসি মা বিমুঞ্চ,
বজ্রং পুনঃ ক্ষিপসি নির্দ্দয়! কস্য হেতোঃ?॥

ততঃ সোমনাথকবিঃ নিখিলমপি পট্টদুকূলবিত্তহিরণ্যময়ীং তুরঙ্গমাদিসম্পত্তিং কলত্রবস্ত্রাবশেষং দত্তবান্। ততো

হইতে নিক্ষিপ্ত (পতিত) ইক্ষু কি রসহীন হইবে? রাজা এই কথা বলিয়া সকলকে তাম্বূল দিয়া সভা হইতে উঠিয়া গিয়াছিলেন। রাজা উঠিয়া গেলে, সকলেই পরস্পরে এই কথা বলিতে লাগিলেন, আজ বিষ্ণুকবির কবিত্ব দেখিয়া সোমনাথ বড়ই দুষ্টতা প্রকাশ করিয়াছেন। তারপর পণ্ডিতদিগের পরিষৎ ভগ্ন হইয়া গিয়াছিল। তারপর বিষ্ণুকবি একটি পদ্য একখানি পত্রে লিখিয়া সোমনাথকবির হস্তে দিয়া প্রণাম করিয়া যাইতে আরম্ভ করিয়াছিলেন। আর বলিয়াও ছিলেন, এ সভায় তুমিই চিরকাল আনন্দ কর। সোমনাথকবি পাঠ করিতে লাগিলেন, 'হায় মেঘ! এই বৃক্ষসকল প্রবল বায়ুদ্বারা উদ্দীপিত দাবানলের কবলগত হইয়াছে। তা' যদি তুমি ইহার উপর জলবর্ষণ না কর, বর্ষণ করিও না; কিন্তু হে নির্দ্দয়! কিহেতু আবার বজ্র নিক্ষেপ করিতেছ?' এই শ্লোক পাঠ করিয়া সোমনাথকবি নিজের পট্টবস্ত্রসকল, 'টাকাকড়ি'সকল, আর ঘোটক, হস্তী

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

রাজা মৃগয়ারসপ্রবৃত্তো গচ্ছন্ তং বিষ্ণুকবিমালোক্য ব্যচিন্তযত্, "ময়াऽস্মৈ ভোজনমপি ন প্রদত্তম্। মামনাদৃত্য অয়ং সম্পত্তিপূর্ণঃ স্বদেশং প্রতি যাস্যতি! পৃচ্ছামি, বিষ্ণুকবে! কুতঃ সম্পত্তিঃ প্রাপ্তা?" কবিরাহ,—

"সোমনাথেন রাজেন্দ্র দেব! ত্বদ্গৃহভিক্ষুণা।
অদ্য শোচ্যতমে পূর্ণং ময়ি কল্পদ্রুমায়িতম্॥"

রাজা পূর্বং সভায়াং শ্রুতস্য শ্লোকস্য অক্ষরলক্ষং দদৌ। সোমনাথেন চ যাবদ্দত্তং, তাবদপি সোমনাথায় দত্তবান্। সোমনাথঃ প্রাহ,—

"কিসলয়ানি কুতঃ কুসুমানি বা,
ক্ব চ ফলানি তথা বনবীরুধাম্।

প্রভৃতি যানবাহন সকল তাঁহাকে দিয়াছিলেন, কেবল স্ত্রীর পরিধেয় শাটীমাত্র অবশেষ রাখিয়াছিলেন। এই ঘটনার পর রাজা মৃগয়ায় আসক্ত বলিয়া মৃগয়া করিতে বহির্গত হইয়া যাইতে যাইতে সেই বিষ্ণুকবিকে দেখিয়া বিশেষভাবে চিন্তা করিলেন, ওঃ আমি ইঁহাকে ভোজন করিতেও কিছু দেই নাই; কিন্তু এখন ত আমাকে ঘৃণা করিয়া ইনি সম্পত্তিশালী হইয়া স্বদেশে যাইতেছেন আচ্ছা জিজ্ঞাসা করি, ওহে বিষ্ণুকবি! সম্পত্তি কোথায় পাইয়াছ? কবি বলিলেন, মহারাজ! সোমনাথকবি, আপনার গৃহে ভিক্ষা করিয়া আজ আমাকে শোচনীয়তম দেখিয়া পরিপূর্ণভাবে কল্পবৃক্ষের ন্যায় আচরণ করিয়াছে। এই কথা শুনিয়া রাজা, সভায় থাকিয়া যে শ্লোক শুনিয়াছিলেন, তাহার প্রতি অক্ষরে লক্ষমুদ্রা করিয়া দান করিয়াছিলেন। আর সোমনাথ যে পরিমাণ দিয়াছিলেন, সোমনাথকেও সেই পরিমাণে দান করিয়াছিলেন। তখন সোমনাথ একটি

CC-0. Jangamwadi Math Collection. Digitized by eGangotri

अयमकारणकारुणिको यदा,
न तरतीह पयांसि पयोधरः॥"

ततो विष्णुकविः सोमनाथदत्तेन राज्ञादत्तेन च तुष्टवान्। तदा सीमन्तकविः प्राह,—

"वहति भुवनश्रेणीं शेषः फणाफलकस्थितां,
कमठपतिना मध्येपृष्ठं सदा स च धार्य्यते।
तमपि कुरुते क्रोड़ाधीनं पयोनिधिरादरात्,
अह ह! महतां निःसीमानश्चरित्रविभूतयः॥" १५॥

कदाचित् सौधतले राजानमेत्य भृत्यः प्राह, "देव! अखिलेष्वपि कोशेषु यद्वित्तजातमस्ति, तत्सर्वं देवेन कविभ्यो दत्तम्; परन्तु कोशगृहे धनलेशोऽपि नास्ति। कोऽपि कविः प्रत्यहं

শ্লোক পাঠ করিলেন, যখন অকারণ দয়াশীল মেঘ এই বনে বারিবর্ষণ না করিয়াছিল, তখন এই বনবৃক্ষের পল্লব কোথা ছিল? পুষ্পই বা কোথায় ছিল, আর ফলই বা কোথায় ছিল? এই শ্লোক শুনিয়া বিষ্ণুকবি সোমনাথের দানেই বিশেষ সন্তোষ প্রকাশ করিয়াছিলেন। রাজার দানেও তুষ্ট হইয়াছিলেন। তখন সীমন্তকবি বলিলেন, অনন্তদেব ফণাফলকে অবস্থিত ভুবনসকলকে বহন করিতেছেন; কিন্তু তিনিও কূর্ম্মশ্রেষ্ঠ দ্বারা পৃষ্ঠদেশে করিয়া বাহিত হইতেছেন। আবার সমুদ্র আদর করিয়া তাঁহাকে ক্রোড়ে করিয়া ধারণ করিতেছে। অহো মহৎদিগের উদার আচরণসমূহের মহিমা অসীম!॥ ১৫॥

কোন একদিন একটি ভৃত্য গৃহমধ্যে আসিয়া রাজাকে বলিল, মহারাজ! সমস্ত ধনভাণ্ডারেই যে সকল ধন ছিল, মহারাজ সে সকল কবিদিগকে দান করিয়াছেন; কিন্তু এখন আর কোষগৃহে কিছুমাত্রও ধন নাই। কোনও এক কবি প্রত্যহ

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

দ্বারি তিষ্ঠতি। ইতঃ পরং কবির্বিদ্বান্ বা, কোঽপি রাজ্ঞে ন প্রাপ্য, ইতি মুখ্যামাত্যেন দেবসন্নিধৌ বিজ্ঞাপনীয়ম্, ইত্যুক্তম্ ।” রাজা কোশস্থং সর্বং দত্তমিতি জানন্নপি প্রাহ, অদ্য দ্বারস্থং কবিং প্রবেশয়। ততো বিদ্বানাগত্য “স্বস্তী”তি বদন্ প্রাহ,—

“নভসি নিরবলম্বে সীদতা দীর্ঘকালং,
ত্বদভিমুখবিসৃষ্টোত্তানচঞ্চূপুটেন।
জলধর! জলধারা দূরতস্তাবদাস্তাং,
ধ্বনিরপি মধুরস্তে ন শ্রুতা চাতকেন ॥”

রাজা তদাকর্ণ্য “ধিগ্ জীবিতং! যদ্বিদ্বাংসঃ কবয়শ্চ দ্বারমাগত্য সীদন্তি” ইতি তস্মৈ বিপ্রায় সর্বাণ্যাভরণান্যুত্তার্য্য দদৌ। ততো রাজা কোশাধিকারিণমাহূয় প্রাহ, ভাণ্ডারিক! মুঞ্জরাজস্য তথা মে পূর্বেষাঞ্চ যে কোশাঃ সন্তি, তেষাং মধ্যে রত্ন-

---

দ্বারে আসিয়া থাকেন। ইতঃপর কবিই হউক, আর বিদ্বান্ হউক, কাহাকেও রাজার নিকট লইয়া যাওয়া হইবে না, এই কথা মহাশয়ের নিকট জানাইতে হইবে, ইহা প্রধানমন্ত্রী বলিয়াছেন। কোষে যাহা ছিল, সমস্তই দেওয়া হইয়াছে, ইহা জানিয়াও রাজা বলিলেন,—আজ দ্বারে অবস্থিত কবিকে প্রবেশ করাও। রাজার আজ্ঞায় ভৃত্য তাঁহাকে প্রবেশিত করিলে, বিদ্বান্ শুভাশীর্ব্বাদ করিয়া বলিলেন,—হে মেঘ! তোমার দিকে প্রসারিত হাঁকরা চঞ্চু-(ঠোঁট) পুটে দীর্ঘকাল ধরিয়া আশ্রয়হীন আকাশে থাকিয়া চাতক অবসন্ন হইয়াছে; একবিন্দু জল দূরে থাক, তোমার মধুর ধ্বনিও শুনিতে পায় নাই। রাজা এই শ্লোক শুনিয়া 'জীবনে ধিক্! যে, বিদ্বান্‌সকল ও কবিসকল দ্বারে আসিয়া অবসাদগ্রস্ত হন' এইরূপে আত্মাকে ধিক্কার দিয়া নিজের সমস্ত অলঙ্কার গুলি খুলিয়া সেই ব্রাহ্মণকে দিলেন।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

पूर्णाः कलशाः क्व ?” ततः काश्मीरदेशान्मुचुकुन्दकविरागत्य “स्वस्ति” इत्युक्त्वा प्राह,—

“त्वद्यशोजलधौ भोज ! निमज्जनभयादिव ।
सूर्य्येन्दुबिम्बमिषतो धत्ते कुम्भद्वयं नभः ॥”

राजा तस्मै प्रत्यक्षरं लक्षं ददौ । पुनः कविराह,—

“आसन् क्षीणानि यावन्ति चातकाश्रूणि तेऽम्बुद !
तावन्तोऽपि त्वयोदारं न मुक्ता जलबिन्दवः ॥”

ततो राजा तस्मै शततुरगानपि ददौ । ततो भाण्डारिकः—

‘मुचुकुन्दाय कवये जात्यानश्वान् शतं ददौ ।
भोजः प्रदत्तलक्षोऽपि तेनासौ याचितः पुनः ॥’

ततो राजा सर्वानपि विप्र प्रेषयित्वाऽन्तर्गच्छति ॥ १६ ॥

তারপর রাজা কোষের অধিকারীকে আহ্বান করিয়া বলিলেন,—আচ্ছা ভাণ্ডারিক! মুঞ্জরাজের এবং পিতার যে সকল কোষ আছে, তাহার মধ্যের রত্নপূর্ণ কলসিগুলা কোথায় গেল? ভাণ্ডারিক প্রাচীনধনরত্নব্যয়ের আদেশ পাইয়া চলিয়া গেলে, কাশ্মীরদেশ হইতে মুচুকুন্দনামে এক কবি আসিয়া রাজাকে শুভাশীর্ব্বাদ করিয়া বলিলেন,—হে ভোজ! তোমার যশঃসমুদ্রে নিমগ্ন হইবার (ডুবিয়া যাইবার) ভয়েই যেন আকাশ চন্দ্রবিম্ব ও সূর্য্যবিম্বের ছলে দুইটি কলসি ধারণ করিতেছে। রাজা শ্লোক শুনিয়া তাঁহাকে অক্ষরের পরিমাণে লক্ষ মুদ্রা দিয়াছিলেন। কবি আবারও পাঠ করিলেন,—হে অম্বুদ মেঘ! (চাতক তোমার উদ্দেশে যতগুলি অতিক্ষীণ অশ্রুবিন্দু বিসর্জ্জন করিয়াছিল) তোমার নিকটেই চাতকের যতগুলি ক্ষীণ অশ্রুবিন্দু পরিত্যক্ত হইয়াছিল, তুমি উদারভাবে ততগুলি জলবিন্দুও বর্ষণ করিলে না! (চাতক নিতান্তই দুর্ভাগ্য!)। এই শ্লোক শ্রবণ করিয়া রাজা তাঁহাকে আরও একশত ঘোটকপ্রদান করিয়াছিলেন। ভাণ্ডারিক

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततो राज्ञश्चामरग्राहिणी प्राह,—

"राजन्! मुञ्जकुलप्रदीप! सकलक्ष्मापालचूडामणे!
युक्तं सञ्चरणं तवाद्भुतमणिच्छत्रेण रात्रावपि।
मा भूत्त्वद्वदनावलोकनवशात् व्रीडाभिनम्रः शशी,
माभूच्चेयमरुन्धती भगवती दुःशीलताभाजनम्॥"

राजा तस्यै प्रत्यक्षरं लक्षं ददौ॥ १७॥

अन्यदा कुण्डिननगराद्गोपालो नाम कविरागत्य स्वस्तिपूर्वकं प्राह,—

"त्वच्चित्ते भोज! निर्ध्यातं द्वयं तृणकणायते।
क्रोधे विरोधिनां सैन्यं प्रसादे कनकोच्चयः॥

त्वच्चित्त इति। हे भोज! त्वच्चित्ते तव मनसि निध्यातं निष्कृष्य निश्चयेन वा ध्यातं प्राप्तमुपस्थितं द्वयं तृणकणायते तृणकण इव आचरति। किं तद्‌द्वयम्?

এই সকল দিয়া লিখিলেন,—ভোজ এক লক্ষ মুদ্রা দিলেও রাজার নিকট তিনি আবারও প্রার্থনা করিয়াছিলেন। তাহাতে মুচুকুন্দকবিকে রাজা আরও একশত ঘোটক দিয়াছিলেন। তারপর রাজা সকলকে বাটী পাঠাইয়া দিয়া ভিতরে (বাটীর) গেলেন॥ ১৬॥

রাজার সহিত চামরব্যজন করিতে করিতে যাইবার সময়ে চামরগ্রাহিণী এক যুবতী বলিল,—হে মুঞ্জকুলপ্রদীপ হে সকলপৃথিবীপতির চূড়াস্থিত মণিস্বরূপ নরপাল ভোজ! রাত্রেও তোমার আশ্চর্য্যজনক মণিমণ্ডিত ছত্র ধারণ করিয়া সঞ্চরণ করাই (বেড়ান) যুক্তিযুক্ত; যেন তোমার মুখ দর্শন করিয়া পূর্ণচন্দ্র লজ্জায় আচ্ছন্ন হইয়া না যান, এবং এই ভগবতী অরুন্ধতীও দুশ্চরিত্রের পাত্র না হইয়া পড়েন। (এইজন্য বলি।) রাজা তাঁহাকে প্রতি অক্ষর পরিমাণে লক্ষ মুদ্রা দিয়াছিলেন॥ ১৭॥

অন্য এক সময়ে কুণ্ডিননগর হইতে গোপালনামে এক কবি আসিয়া

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

রাজা শ্রুত্বাপি তুষ্টো ন দাস্যতি, রাজপুরুষৈঃ সহ চর্চাং কুর্ব্বাণস্তিষ্ঠতি। ততঃ কবিঃ ব্যচিন্তয়ত্, "কিন্নু রাজ্ঞা নাশ্রাবি ?" ততঃ ক্ষণেন সমুন্নতমেবাবলোক্য রাজানং কবিরাহ,—

"হে পাথোদ ! যথোন্নতং হি ভবতা দিগ্‌ব্যাপ্বতা সর্ব্বতো,
মন্যে ধীর ! তথা করিষ্যসি খলু ক্ষীরাব্ধিতুল্যং সরঃ।
কিন্ত্বেষ ক্ষমতে ন হি ক্ষণমপি গ্রীষ্মোষ্মণা ব্যাকুলঃ,
পাঠীনাদিগণস্ত্বদেকশরণস্তদ্বর্ষ তাবত্ কিয়ত্ ॥"

ক্রোধে সতি বিরোধিনাং শত্রূণাম্। প্রসাদে প্রসন্নতায়াং জাতায়াং কনকোচ্চয়ঃ স্বর্ণরাশিঃ। হে পাথোদ ! দিগ্‌ব্যাপ্বতা ব্যাপ্বণোতি ইতি ব্যাপ্বত্ বিশেষেণাচ্ছাদনকারী। দিশাং ব্যাপ্বত্, তেন ; সর্ব্বতঃ সর্ব্বেণ ভাবেন সকলদিগাচ্ছাদনকারিণা ভবতা যথা উন্নতং, উন্নতং উন্নতিঃ, যথোন্নতং উন্নতিমনতিক্রম্য উন্নতং ঊর্দ্ধং গতম্। যদ্বা ভবতা যথা উন্নতং, যথা চ সর্ব্বতো দিগ্‌ ব্যাপ্বতা আচ্ছাদিতা ; হে ধীর ! তথা সরঃ ক্ষীরাব্ধিতুল্যং ক্ষীরোদসাগরপ্রায়ং করিষ্যসি ত্বং খল্বেতত্ মন্যে ; কিন্তু

শুভাশীর্ব্বাদপূর্ব্বক বলিলেন, হে ভোজ ! তোমার হৃদয়ে নিঃসন্দেহে উপস্থিত হইলে দুইটি পদার্থ তৃণকণার ন্যায় আচরণ করে,—ক্রোধ হইলে শত্রুর সৈন্য, এবং সন্তোষ হইলে সুবর্ণরাশি। রাজা শুনিয়াও তুষ্ট হইয়া দেন নাই ; রাজপুরুষদিগের সহিত কোনও এক চর্চ্চা করিতে লাগিলেন। রাজার এই ভাব দেখিয়া কবি চিন্তা করিয়াছিলেন, রাজা কি শ্রবণ করেন নাই ? কবি এই প্রকার চিন্তা করিতেছেন, এমন সময়ে রাজাকে একটু উন্নত হইতে দেখিয়া কবি বলিলেন, হে জলদ ! তুমি যেরূপ উন্নত হইয়া উঠিয়াছ, এবং যেরূপ সর্ব্বতোভাবে সকল দিক্‌কে আচ্ছন্ন করিয়াছ, হে ধীর ! তাহাতে আমি মনে করি, (তুমি ধীরভাবে) সেইরূপ বর্ষণ করিয়া সরোবরকে ক্ষীরোদসাগরের তুল্য করিবে ; কিন্তু একমাত্র

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

राजा कविहृदयं विज्ञाय—"गोपालकवे ! दारिद्र्याग्निना नितान्तं दग्धोऽसि" इति वदन्, षोड़शमणीननर्घ्यान् षोड़शदन्तीन्द्रांश्च ददौ ॥ १८ ॥

एकदा राजा धारानगरे विचरन् क्वचिच्छिवालये प्रसुप्तं पुरुषद्वयमपश्यत् । तयोरेको विगतनिद्रो वक्ति, "अहो ! त्वं ममास्तरासन्न एव ! कस्त्वम् ? प्रसुप्तोऽसि, जागर्षि नो वा ?" ततस्त्वपर आह, "विप्र ! प्रणतोऽस्मि, अहमपि ब्राह्मणपुत्रः, त्वामत्र प्रथमरात्रौ शयानं वीक्ष्य प्रदीप्ते च प्रदीपे कमण्डलूपवीतादिभिर्ब्राह्मणं ज्ञात्वा भवदास्तरासन्न एवाहं प्रसुप्तः । इदानीं त्वद्गिरमाकर्ण्य प्रबुद्धोऽस्मि ।" प्रथमः प्राह,—

एष पाठीनादिगणः बोदालादिमत्स्यसकलस्त्वदेकशरणः त्वमेव एकः नान्योऽपरः शरणं रक्षिता यस्य, स तथा, ग्रीष्मस्य उष्मणा तापेन व्याकुलः पीड़ाचपलः क्षणमपि विलम्बं न क्षमते सहते । ततश्चाहेतौः कियत्तावत् किञ्चित्परिमाणमपि अम्बु वर्ष सिञ्च । दारिद्र्यपीड़ितोऽस्मि महाराज ! किञ्चिद्देयमेव इति भावः ॥ १८ ॥

তুমিই যাহার রক্ষাকারী, সেই এই পাঠীন (বোয়াল মৎস্য) প্রভৃতি মৎস্যসকল গ্রীষ্মের তাপে ব্যাকুল হইয়া ক্ষণকালও বিলম্ব সহ্য করিতে পারিতেছে না ! রাজা কবির হৃদয় বিশেষরূপে জানিয়া বলিলেন, গোপালকবি ! দারিদ্র্য-অনলে নিতান্ত দগ্ধ হইতেছ ? এই বলিয়া ষোলটি অমূল্য মণি (হীরক), এবং ষোড়শটি শ্রেষ্ঠ হস্তী দান করিয়াছিলেন ॥ ১৮ ॥

এক সময়ে রাজা ধারানগরে বিচরণ করিতে করিতে কোনও এক শিবমন্দিরে নিদ্রিত দুইজন পুরুষকে দেখিতে পাইয়াছিলেন । তাহাদিগের মধ্যে একজন জাগরিত হইয়া বলিল, ওরে ! তুমি আমার আস্তরণের উপর পড়িয়াছ ! কে তুমি ? নিদ্রায় আছ, না জাগিয়া আছ ? এই কথা শুনিয়া অপর বলিল,

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"वत्स! यदि त्वं प्रणतोऽसि, ततो दीर्घायुर्भव। वद कुत आगम्यते? किं ते नाम? अत्र च किं कार्य्यम्?" द्वितीयः प्राह,—"विप्र! भास्कर इति नाम, पश्चिमसमुद्रतीरे प्रभासतीर्थसमीपे वसतिर्मम, तत्र भोजस्य वितरणं बहुभिः व्यावर्णितं, ततो याचितुमागतः। त्वं मम वृद्धत्वात् पितृकल्पोऽसि, त्वमपि स्वपरिचयं वद। स आह,—"वत्स! शाकल्य इति मे नाम, मया एकशिलानगर्य्या आगम्यते भोजं प्रति द्रविणाशया। वत्स! त्वयानुक्तमपि दुःखं त्वयि ज्ञायते, कीदृशं तद्वद।" ततो भास्करः प्राह,—"तात!

ব্রাহ্মণ! আমি প্রণাম করিতেছি। আমি একজন ব্রাহ্মণপুত্র; প্রথমরাত্রে তোমাকে এখানে শয়ন করিতে দেখিয়া এবং প্রদীপ জালিলে কমণ্ডলু ও যজ্ঞোপবীতাদি দ্বারা ব্রাহ্মণ জানিয়া আপনার আস্তরণের (চলতি শয্যার) উপর পড়িয়া আমি নিদ্রা গিয়াছিলাম। এখন আপনার কথা শুনিয়া জাগরিত হইলাম। প্রথম ব্রাহ্মণ বলিল,—বৎস! যদি তুমি প্রণাম করিয়া থাক, তবে দীর্ঘায়ু হও। বল কোথা হইতে আসিতেছ? তোমার নাম কি! এখানে কি কাজ? দ্বিতীয় বলিল, ব্রাহ্মণ! ভাস্কর, এই নাম আমার। পশ্চিমসমুদ্রের তীরে প্রভাসতীর্থের নিকটে আমার বাসতি। সেখানে বহু লোকে ভোজের বর্ণনা করে। তাই যাচ্ঞা করিতে আমি আসিয়াছি। তুমি বৃদ্ধ বলিয়া আমার পিতৃতুল্য; তুমিও ভাল করিয়া পরিচয় দাও। সেই বৃদ্ধ বলিল,—বৎস! শাকল্য এই নাম আমার। ভোজের নিকট ধনের আশায় আমিও একশিলানগরী হইতে আসিয়াছি। বৎস! তুমি না বলিলেও তোমার দুঃখ জানিতে পারা যাইতেছে। তবে সে দুঃখটা কিরূপ, তাই বল। তারপর ভাস্কর বলিল,—

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ক্ষুৎক্ষামাঃ শিশবঃ শবা ইব ভৃশং মন্দাশয়া বান্ধবা,
লিপ্তা ঝর্ঝরঘর্ঘরী জতুলবৈর্নো মাং তথা বাধতে।
গেহিন্যাস্ত্রুটিতাংশুকং ঘটয়িতুং কৃত্বা সকাকুস্মিতং,
কুপ্যন্তী প্রতিবেশ্ম লোকগৃহিণ্যা সূচিং যথা যাচিতা॥'

রাজা শ্রুত্বা সর্বাভরণান্যুত্তার্য্য তস্মৈ দত্ত্বা প্রাহ,— “ভাস্কর! সীদন্ত্যতীব তে বালাঃ; ঝটিতি দেশং যাহি”। ততঃ শাকল্যঃ প্রাহ,—

“অত্যুদ্ধৃতা বসুমতী দলিতোঽরিবর্গঃ,
ক্রোড়ীকৃতা বলবতা বলিরাজলক্ষ্মীঃ।
একত্র জন্মনি কৃতং যদনেন যূনা,
জন্মত্রয়ে তদকরোৎ পুরুষঃ পুরাণঃ॥”

ততো রাজা শাকল্যায় লক্ষত্রয়ং দত্তবান্॥ ১৮॥

বাবা। দুঃখ আর কি বলিব ?—ক্ষুধায় শুষ্ককণ্ঠ শিশুগণ জীবন্তেও মরার ন্যায় হইয়া রহিয়াছে! বন্ধু-বান্ধব সকলেই মন্দাশয় (দুষ্টপ্রকৃতি, ফাঁকি দিবার কুটুম্ব) ঝর্ঝরী ও ঘর্ঘরী (থাল ঘটিবাটী) লাক্ষাবিন্দু দ্বারা লেপ দেওয়া। তা' সে সকল আমাকে সেরূপ কষ্টদায়ক বলিয়া বোধ হয় না, যেরূপ গৃহিণীর ছিন্ন বস্ত্র সেলাই করিয়া পরাইবার জন্য কাকুতিসহকারে ঈষৎ হাস্য করিয়া প্রতি গৃহে সূচি চাহিলে লোকের গৃহিণীরা কুপিত হইয়া কষ্টপ্রদ হইয়া থাকে। রাজা শুনিয়া সকল আভরণ খুলিয়া তাহাকে দিয়া বলিলেন, ভাস্কর! তোমার বালকগণ অত্যন্ত অবসন্ন হইয়া পড়িতেছে; অতি সত্বর দেশে যাও। রাজার এই কার্য্য দেখিয়া শাকল্য বলিল,—বসুমতী অনেক উচ্চে উদ্ধৃত করা হইয়াছে, অরিবর্গ সকলই দলিত করা হইয়াছে; বলবান্ হইয়া বলির (বলিদানবের, বা বলবান্

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

অন্যদা রাজা মৃগয়ারসেন বিচরন্। তত্র পুরঃ-সমাগত-হরিণ্যাং বাণেন বিদ্ধায়ামপি বিত্তাশয়া কোঽপি কবিরাহ,—

"শ্রীভোজে মৃগয়াং গতেঽপি সহসা চাপে সমারোপিতে-,
ঽপ্যাকর্ণান্তগতেঽপি মুষ্টিগলিতে বাণেঽঙ্গলগ্নেঽপি চ।
স্থানান্নৈব পলায়িতং ন চলিতং নোৎকম্পিতং নোৎপ্লুতং,
মৃগ্যা মদ্বশগং করোতি দয়িতং কামোঽয়মিত্যাশয়া॥"

রাজা তস্মৈ লক্ষত্রয়ং প্রযচ্ছতি॥ ২০॥

রাজার) রাজলক্ষ্মীকে ক্রোড়ে করা হইয়াছে; এই যুবক একই জন্মে যৌবন-কালের মধ্যে যাহা করিয়াছেন, বৃদ্ধপুরুষ বিষ্ণু (অতি বৃদ্ধ হইয়াও) তাই তিন জন্মে করিয়াছেন। (মহারাজ তোমার যশে বসুমতী প্রকৃতই অত্যন্ত উচ্চে স্থান পাইয়াছেন। তোমার প্রতাপে শত্রু নাই। দানে বলিকেও হারাইয়াছ। তুমি মহাপুরুষ।) এই শ্লোক শুনিয়া রাজা শাকল্যকে লক্ষত্রয় মুদ্রা দিয়াছিলেন॥ ১৯॥

অন্য এক সময়ে রাজা মৃগয়ার আসক্তিবশতঃ ভ্রমণ করিতেছিলেন, এমন সময় সেখানে সম্মুখে আগত একটী হরিণীকে বাণদ্বারা বিদ্ধ করিলেও কোনও এক কবি ধনের আশায় বলিলেন, শ্রীমান্ ভোজ মৃগয়া করিতে যাইলেও, হঠাৎ ধনুকে জ্যারোপণ করিলেও, বাণ আকর্ণ আকর্ষণ করিলেও, মুষ্টি হইতে বাণ চলিয়া গেলেও, বাণ অঙ্গে আসিয়া লাগিলেও, ইনি কামদেব আমার প্রাণনাথকে আমার বশীভূত করিবেন, এই আশায় মৃগবধূ সেস্থান হইতে পলায়ন করে নাই, চলিয়াও যায় নাই, ভয়ে কম্পিত হয় নাই, বা উল্লম্ফনও করে নাই। (ধন্য রাজার মৃতগ-মূর্ত্তি!)। রাজা এই শ্লোক শুনিয়া তাঁহাকে তিন লক্ষ মুদ্রা দান করিয়াছিলেন॥ ২০॥

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

अन्यदा सिंहासनमलङ्कुर्वाणे श्रीभोजनृपतौ, द्वारपाल आगत्य प्राह, "देव! जाह्नवीतीरवासिनी काचन वृद्धब्राह्मणी विदुषी द्वारि तिष्ठति"। राजाह "प्रवेशय।" तत आगच्छन्तीं राजा प्रणमति। सा तं "चिरञ्जीव" इत्युक्त्वाह,—

"भोजप्रतापाग्निरपूर्व एष, जागर्त्ति भूभृत्कटकस्थलीषु।
यस्मिन् प्रविष्टे रिपुपार्थिवानां, तृणानि रोहन्ति गृहाङ्गणेषु॥"

राजा तस्यै रत्नपूर्णं कलशं प्रयच्छति। ततो लिखति भाण्डारिकः,—

"भोजेन कलसो दत्तः सुवर्णमणिसम्भृतः।
प्रतापस्तुतितुष्टेन वृद्धायै राजसंसदि॥" २१॥

অন্য একসময়ে শ্রীমান্ ভোজরাজ সিংহাসন অলঙ্কার করিতে থাকিলে, দ্বারপাল আসিয়া বলিল,—মহারাজ! গঙ্গাতীরবাসিনী বিদুষী কোনও এক বৃদ্ধব্রাহ্মণী দ্বারে অবস্থান করিতেছেন। রাজা বলিলেন, প্রবেশ করাও। বৃদ্ধ ব্রাহ্মণী দ্বারপালের সহিত আসিতেছেন দেখিয়া রাজা তাঁহাকে প্রণাম করিলেন। চিরজীবী হও,তিনি রাজাকে এই আশীর্ব্বাদ করিয়া বলিলেন, ভোজের এই প্রতাপরূপ অগ্নি অলৌকিক; কারণ, পর্ব্বত ও (লবণাম্বুপ্লাবিত) কটকস্থলীতেও (হোগ্‌লাবনেও) প্রভাপ্রদীপ্ত হইয়াই বর্ত্তমান থাকে।' (রাজাদিগের সৈন্যশিবিরেই অধিক উদ্দীপিত হয়।) আর যাহা প্রবিষ্ট হইলে শত্রু রাজাদিগের গৃহপ্রাঙ্গণেও তৃণরাজি উদ্ভূত হইতে) থাকে। (রাজকুল বিধ্বস্ত হয়, রাজধানী জঙ্গলে পরিণত হয়।) রাজা তাঁহাকে রত্নপূর্ণ একটি কলসি প্রদান করিলেন। দানের পত্রে (খাতায়) ভাণ্ডারিক লিখিল,—রাজসভার মধ্যে প্রতাপের স্তুতিতে সন্তুষ্ট হইয়া রাজা বৃদ্ধাকে স্বুবর্ণ ও মণিপূর্ণ কলসি একটি দিয়াছেন। ২১॥

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

অন্যদা দূরদেশাদাগতঃ কশ্চিচ্চৌরো রাজানং প্রাহ, "দেব! সিংহলদেশে ময়া কাচন চামুণ্ডালয়ে রাজকন্যা দৃষ্টা। সা চ মাং দৃষ্ট্বা, মালবদেশদেবস্য মহিমানং বহুধা শ্রুতং ত্বমপি বদেতি পপ্রচ্ছ। ময়া চ তস্যা দেবগুণা ব্যাবর্ণিতাঃ। সা চাত্যন্ততোষা-চ্চন্দনতরোর্নিরুপমং গর্ভখণ্ডং দত্ত্বা যথাস্থানং প্রপেদে। দেব! গুণাভিবর্ণনপ্রাপ্তং তদেতদ্গৃহাণ। এতৎপ্রসৃতপরিমলভরেণ ভৃঙ্গা ভুজগাশ্চ সমায়ান্তি।" রাজা তদ্গৃহীত্বা তুষ্টস্তস্মৈ লক্ষং দত্তবান্। ততো দামোদরকবিস্তন্মিষেণ রাজানং স্তৌতি,—

"শ্রীমচ্চন্দনবৃক্ষ! সন্তি বহবস্তে শাখিনঃ কাননে,
যেষাং সৌরভমাত্রকং নিবসতি প্রায়েণ পুষ্পশ্রিয়া।

শ্রীমদিতি। শাখিনঃ শ্রুতিশাখাধ্যায়িনো দ্বিজাশ্চ। পুষ্পশ্রিয়া পুষ্পবত্যা লক্ষ্ম্যা অপ্রসিদ্ধরূপয়া অন্যেষামস্পৃশ্যদেহয়া সম্পত্ত্যা চ সহ সৌরভমাত্রকং যশঃসৌরভ-লেশ এব। অতএব শুচিনা পবিত্রেণ প্রসিদ্ধাত্মনা বিখ্যাতস্বরূপেণ সহিতঃ স্যাতস্ব

অন্য এক সময়ে কোনও এক চোর দূর দেশ হইতে আসিয়া রাজাকে বলিল,—মহারাজ! সিংহলদেশে আমি চামুণ্ডার মন্দিরে কোন এক রাজকন্যাকে দেখিয়া-ছিলাম। সে আমাকে দেখিয়া বলিল,—মালবদেশের মহারাজের মহিমা বহু প্রকারে শুনিয়াছি, তথাপি তুমি জান যদি বল। এইরূপ শুনিয়া আমি তাহার নিকট মহারাজের গুণগান বর্ণনা করিলাম। সে অত্যন্ত সন্তুষ্ট হওয়ায় চন্দন-বৃক্ষের নিরুপম গর্ভসার একখণ্ড দিয়া যথাস্থানে গিয়াছিল। মহারাজ! আপনার গুণবর্ণনা দ্বারা প্রাপ্ত বলিয়া এখানি আপনি গ্রহণ করুন। ইহা এতই মনোহরগন্ধবিশিষ্ট যে, ইহাকে ঘর্ষণ করিলে এবং সেই গন্ধ চারিদিকে ছড়াইয়া পড়িলে, ভৃঙ্গ ও ভুজঙ্গ (সর্প) আপনা হইতে ইহার নিকট ছুটিয়া আসিবে। রাজা তাহা লইয়া সন্তুষ্ট হইয়াছিলেন, এবং তাহাকে লক্ষ মুদ্রা দিয়াছিলেন। সেই

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

প্রত্যঙ্গং সুকৃতেন তেন শুচিনা খ্যাতঃ প্রসিদ্ধাত্মনা,
যোঽসৌ গন্ধগুণস্ত্বয়া প্রকটিতঃ ক্বাসাবিহ প্রেক্ষ্যতে ॥”

রাজা স্বস্তুতিং বুদ্ধা লক্ষং দদৌ ॥ ২২ ॥

ততো দ্বারপাল আগত্য প্রাহ, “দেব ! কাচিৎ সূত্রধারী স্ত্রী দ্বারি বর্ত্ততে।” রাজা,—“প্রবেশয়।” ততঃ সাঽঽগত্য রাজানং প্রণিপত্যাঽঽহ,—

“বলিঃ পাতালনিলয়োঽধঃকৃতশ্চিত্রমত্র কিম্ ?
অধঃ কৃতো দিবস্থোঽপি চিত্রং কল্পদ্রুমস্ত্বয়া ॥”

রাজা তস্যৈ প্রত্যক্ষরং লক্ষং দদৌ।

তেন সুকৃতেন পুণ্যেন হেতুনা, প্রত্যঙ্গং সর্ব্বাঙ্গে গন্ধো গুণঃ ত্বয়া, রাজ্ঞা চ প্রীতিপূর্ণঃ সম্বন্ধপাত্রঃ প্রকটিতঃ প্রকাশিতঃ, ক্ব কুত্র অসৌ ঈদৃক্ ইহ জগতি প্রেক্ষ্যতে দৃশ্যতে ? অপিতু নৈব দৃশ্যতে। অতএব ধন্যোঽসি ত্বং গুণগ্রাহীতি ভাবঃ ॥ ২২ ॥

থানিকে দেখিয়া দামোদরকবি তাহার ছলে রাজাকে স্তব করিলেন,—হে শ্রীমান চন্দনবৃক্ষ ! কাননে সেরূপ অনেক বৃক্ষ আছে, যাহাদিগের পুষ্পের শোভার সহিত মাত্র প্রয়শঃ সৌরভ বাস করে ; কিন্তু পুঞ্জপুঞ্জসুকৃতিবলে পবিত্র ও প্রসিদ্ধ-স্বরূপে প্রত্যেক অঙ্গে বিখ্যাত এই যে গন্ধগুণ তুমি প্রকাশ করিলে, এখানে আর কোথায় সেরূপ দেখিতে পাওয়া যাইবে ? এটি রাজার নিজের স্তুতি বুঝিতে পারিয়া রাজা কবিকে এক লক্ষ মুদ্রা দিয়াছিলেন ॥ ২২ ॥

তারপর দ্বারপাল আসিয়া বলিল, মহারাজ ! কোনও এক সূত্রধারী স্ত্রী (ছুতোরের মেয়ে) দ্বারে রহিয়াছে। রাজা বলিলেন, প্রবেশ করাও। তারপর সে আসিয়া প্রণাম করিয়া বলিল,—মহারাজ ! তুমি পাতালবাসী বলিকে অধঃকৃত (ছোট) করিয়াছ, ইহাতে আর আশ্চর্য্য কি আছে ? তবে যে স্বর্গস্থ কল্পবৃক্ষকেও অধঃকৃত করিয়াছ (নিচে ফেলিয়াছ, ছোট করিয়াছ)

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततः कदाचिन्मृगयापरिश्रान्तः राजा क्वचित् सहकारतरो-रधस्तात्तिष्ठति स्म। तत्र मल्लिनाथाख्यः कविरागत्य प्राह,—

"शाखाशतशतविततोः सन्ति कियन्तो न कानने तरवः।
परिमलभरमिलदलिकुलदलितदलाः शाखिनो विरलाः॥"

ततो राजा तस्मै हस्तवलयं ददौ॥ २३॥

तत्रैव आसीने राज्ञि कोऽपि विद्वानागत्य "स्वस्ति" इत्युक्त्वा प्राह, "राजन्! काशीदेशमारभ्य तीर्थयात्रया परिभ्रम्यते गौड़-देशवासिना मया।" राजाह,—"भवादृशानां तीर्थवासिनां

ইহাই আশ্চর্য্যের বটে। শ্লোক শুনিয়া রাজা তাহার প্রতি অক্ষর পরিমাণে লক্ষমুদ্রা করিয়া দান করিয়াছিলেন।

তারপর কোনও এক সময়ে মৃগয়া করিতে গিয়া পরিশ্রমের অপনোদনার্থ রাজা কোনও একস্থানে অতি সুরভি আম্রবৃক্ষতলে অবস্থান করিয়াছিলেন। মল্লিনাথনামক কোনও এক কবি সেখানে আসিয়া বলিলেন,—শত শত শাখায় বিস্তৃত হইয়া কত কতই না বৃক্ষ কাননে অবস্থান করে; কিন্তু প্রগাঢ় পরিমল দ্বারা আকৃষ্ট হইয়া মিলিত মধুমক্ষিকারাজীর পদপিষ্ট পত্র ধারণ করিতে সক্ষম, এরূপ বৃক্ষ (শাখাধারী) অতি অল্পই। (ধনযানবাহনাদিবিভূষিত রাজা অনেকেই আছে; কিন্তু আপনার ন্যায় যশস্বী ও দানবীর রাজা অতি অল্প; সুতরাং মহারাজ! আপনি ধন্য!) রাজা শ্লোক শুনিয়া তাঁহাকে হস্তস্থিত বলয় দান করিয়াছিলেন। ২৩।

রাজা সেইখানে বসিয়া থাকিতে থাকিতেই কোনও এক বিদ্বান্ আসিয়া রাজাকে মঙ্গলাশীর্ব্বাদ করিয়া বলিলেন,—মহারাজ! আমার দেশ ঘর কিছুই নাই, আমি কাশীদেশ হইতে আরম্ভ করিয়া, তীর্থযাত্রাপ্রসঙ্গে পরিভ্রমণ করিতেছি। রাজা বলিলেন,—আপনাদিগের ন্যায় তীর্থবাসীর দর্শনে আমি কৃতার্থ হইলাম।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

দর্শনাত্ কৃতার্থোঽস্মি।" স আহ,—"বয়ং মান্ত্রিকাশ্চ।" রাজাহ,—"বিপ্রেষু সর্ব্বং সম্ভাব্যতে।" রাজা পুনঃ প্রাহ,—"বিপ্র! মন্ত্রবিদ্যয়া যথা পরলোকে ফলপ্রাপ্তিঃ, তথা কিমিহ লোকেঽপ্যস্তি"? বিপ্রঃ,—"রাজন্! সরস্বতীচরণারাধনাদ্বিদ্যাবাপ্তি-র্বিশ্ববিদিতা; পরং ধনাবাপ্তির্ভাগ্যাধীনা।

গুণাঃ খলু গুণা এব ন গুণা ভূতিহেতবঃ।
ধনসঞ্চয়কর্ত্তৃণি ভাগ্যানি পৃথগেব হি॥

দেব! বিদ্যাগুণা এব লোকানাং প্রতিষ্ঠায়ৈ ভবন্তি; ন তু কেবলং সম্পদঃ। দেব!

আত্মায়ত্তে গুণগ্রামে নৈর্গুণ্যং বচনীয়তা।
দৈবায়ত্তেষু বিত্তেষু পুংসাং কা নাম বাচ্যতা॥

ব্রাহ্মণ,—আমি মান্ত্রিকও বটে; আমার মন্ত্রসিদ্ধিও আছে। রাজা বলিলেন,—ব্রাহ্মণদিগের সকলই সম্ভবে। রাজা আবারও বলিলেন,—ব্রাহ্মণ! মন্ত্রবিদ্যাদ্বারা যেমন পরলোকে ফলপ্রাপ্তি ঘটে; ইহলোকেও ফলে; এরূপ কিছু কি আছে? (যদি থাকে, তবে তুমি দরিদ্র কেন? তদ্দ্বারা ত ধনী হইতে পারিতে।) ব্রাহ্মণ বলিলেন,—মহারাজ! সরস্বতীর চরণসেবা করিলে বিদ্যালাভ হয়, ইহা বিশ্ববিদিত; কিন্তু ধনলাভ ভাগ্যের অধীন। গুণসকল ধনসম্পদ্ লাভের একটা গৌণ কারণ বটে; কিন্তু গুণ কখন ধন সম্পদ্ লাভের মুখ্য কারণ হইতে পারে না; প্রচুর ধন উপার্জ্জনের দ্বারা ধনী হওয়ার একমাত্র কারণ ভাগ্য; তাহা বিদ্যা হইতে একেবারে পৃথক্ পদার্থ। মহারাজ! দেখুন একমাত্র বিদ্যাগুণ লোকের প্রতিষ্ঠাপ্রতিপত্তি জন্মাইতে সক্ষম হয়; কিন্তু কেবল সম্পত্তি তাহা পারে না। এইজন্য বলি মহারাজ! গুণসমূহ লাভ করা আত্মায়ত্ত; এ ক্ষেত্রে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

देव! मन्त्राराधनेनाप्रतिहता शक्तिः स्यात्, देव! एवं कुतूहलं यस्य। मया यस्य शिरसि करो निधीयते, स सरस्वती-प्रसादेन अस्खलितविद्याप्रसारः स्यात्।" राजा प्राह,—"सुमते! महती देवताशक्तिः।" ततो राजा कामपि दासी-माकार्य्य विप्रं प्राह,—"द्विजवर! अस्या वेश्यायाः शिरसि करं निधेहि।" विप्रस्तस्याः शिरसि करं निधाय तां प्राह,—"देवि! यद्राजाऽऽज्ञापयति तद्वद।" ततो दासी प्राह,—देव! अहमद्य समस्तवाङ्मयजातं हस्तामलवत् पश्यामि; देव! आदिश किं वर्णयामि?" ततो राजा पुरः खड्गं वीक्ष्य प्राह,—"खड्गं मे व्यावर्णय" इति। दासी प्राह,—

যদি পুরুষ গুণহীন হয়, তবে সে নিন্দনীয়; ধন ভাগ্যের অধীন বলিয়া যদি পুরুষ ধনবান্ না হইতে পারে, তবে তাহাতে নিন্দা কি? মহারাজ! মন্ত্রের আরাধনার দ্বারা শক্তি প্রতিঘাতহীন (বাধারহিত) হয়। শক্তির প্রতিঘাতের (বাধার অভাবের, স্বাধীন শক্তির) কৌতুক এইরূপ অনেক মহারাজ! এইরূপ অনেক। (এই দেখুন না) আমি যাহার মস্তকে হস্ত স্থাপন করিব, সরস্বতীর প্রসাদে সে বিদ্যার গ্রাহ্য শেষ বিষয়টী পর্য্যন্তও অক্ষুণ্ণভাবে গ্রহণ করিতে সক্ষম হইবে। রাজা বলিলেন,—হে মতিমান্! দেবতার শক্তি মহতী। ব্রাহ্মণ দ্বারা রাজা অনুরুদ্ধ হইয়া কোনও একটি দাসীকে আহ্বান করাইয়া ব্রাহ্মণকে বলিলেন,—হে ব্রাহ্মণ! এই বেশ্যার মস্তকে হস্ত স্থাপন কর। ব্রাহ্মণ তাহার মস্তকে হস্ত স্থাপন করিয়া তাহাকে বলিলেন,—দেবি! রাজা যাহা বলিতে আজ্ঞা করেন, তাহা বল। তারপর দাসী বলিল,—মহারাজ! আমি আজ সমস্ত শব্দময় শাস্ত্র, উপশাস্ত্র প্রভৃতি হস্তস্থিত আমলকীফলের ন্যায় অতি বিস্পষ্টভাবে দেখিতে পাইতেছি। অতএব মহারাজ! আদেশ করুন, কি বর্ণনা করিব? দাসীর

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"धाराधरस्त्वदसिरेष नरेन्द्र ! चित्रं,
वर्षन्ति वैरिवनिताजनलोचनानि ।
कोशेन सन्ततमसङ्गतिराहवेऽस्य,
दारिद्र्यमभ्युदयति प्रतिपार्थिवानाम् ॥"

राजा तस्मै रत्नकलशाननर्घ्यान् पञ्च ददौ ॥ २४ ॥

धारेति । हे नरेन्द्र ! एष त्वदसिः तव खड्गः चित्रं आश्चर्य्यं यथा, तथा धाराधरः धारा तीक्ष्णाग्रधारस्तस्या धरो धारकः, धाराया वा नगर्य्या धारकः परिच्छेदेन धारयति इति । श्लेषात् धाराधरो जलधर इति । तथा चेत्, अस्योदये किं भवति ? अस्मिन् उदिते सति वैरिवनिताजनलोचनानि वर्षन्ति केवलमश्रूणि, वीरस्वामी हत इति । तथाच आश्चर्य्यमिदं यदुदितस्त्वयं, वर्षणं कुर्व्वन्ति च शत्रुस्त्रीपरिजनसकलानां नयनानि । तथा अन्यदपि चित्रं पश्य, आहवे युद्धकाले अस्य खड्गस्य सन्ततं निरन्तरं कोशेन आधारपात्रेण, श्लेषात् शत्रूणां धनभाण्डारेण सह असङ्गतिरसम्बन्धः, नहि युद्धे अरिमेनिपात्य खड्गं कोषे स्थापयसीति दृढ़मुष्टिरसीति, पक्षे नचायं शत्रोर्भाण्डारं प्रविशति, ग्रहणाय नापि च यतते, तथापि प्रतिपार्थिवानां प्रतिद्वन्दिनां राज्ञां दारिद्र्यं दरिद्रता अभ्युदयति उपस्थितं भवति, श्लेषात् अभ्युदयं करोति 'आस्तां खड्ग ते स्तुति,

কথা শুনিয়া মহারাজ সম্মুখে খড়্গ দেখিয়া বলিলেন,—আমার এই খড়্গখানিকে বর্ণনা কর। দাসী বলিল,—

মহারাজ ! আপনার এই খড়্গ আশ্চর্য্য রকমের ধারাধর, (তীক্ষ্ণধার, বা ধারানগরীরক্ষক, জলধারাধর মেঘ) (যাহার উদয়ে) শত্রুদিগের কামিনী ও পরিজনবর্গের নয়নসকল (কেবল অশ্রু) বর্ষণ করিতে থাকে। (এটা বড়ই আশ্চর্য্য যে, তোমার খড়্গ ধারাধররূপে উদিত হয়, আর বর্ষণ করে শত্রুর স্ত্রীদের নয়ন, তদ্ব্যতিরিক্ত আরও আশ্চর্য্য এই যে) যুদ্ধকালে ইহার কোষের সহিত সঙ্গতি (সম্বন্ধ) নাই; কিন্তু প্রতিদ্বন্দ্বী রাজাদিগের দরিদ্রতা উপস্থিত হয়। (যুদ্ধকালে তোমার খড়্গ

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ততস্তস্মিন্ ক্ষণে কুতশ্চিৎ পঞ্চ কবয়ঃ সমাজগ্মুঃ। তানবলোক্য ঈষদ্বিচ্ছায়মুখং রাজানং দৃষ্ট্বা মহেশ্বরকবিঃ বৃক্ষমিষেণাঽঽহ,—

"কিং জাতোঽসি চতুষ্পথে ? ঘনতরচ্ছায়োঽসি কিং ছায়য়া,
ছন্নশ্চেৎ ফলিতোঽসি কিং ফলভরৈঃ ? পূর্ণোঽসি কিং সংনতঃ।
হে সদ্বৃক্ষ ! সহস্ব সম্প্রতি চিরং শাখাশিখাকর্ষণা-,
ক্ষোভামোটনভঞ্জনানি জনতঃ স্বৈরেব দুশ্চেষ্টিতৈঃ ॥"

ততো রাজা তস্মৈ লক্ষং দদৌ ॥ ২৫ ॥

অন্যথা লব্ধং স্থানমি'তি। তথাচ ইদমপ্যদ্ভুতং চিত্রং যদয়ং যুদ্ধে সঙ্গতিহীনো ভবতি; লক্ষ্ম্যাশ্চ হীনঃ শত্রুর্ভবতি দরিদ্র ইতি। তথাচ বীরশ্রেষ্ঠোঽসি মহারাজ! শিক্ষা চ তে মহীয়সী, খড়্গশ্চ তে সার্থকশ্চিরমস্তিঃ যতঃ শত্রূন্ সমূলঘাতমুপহন্তীতি অপূর্ব্বোঽয়ং খড়্গ ইতি ভাবঃ ॥ ২৪ ॥

সঙ্গতিহীন হয়; কিন্তু শত্রু রাজারা হয় দরিদ্র! আবার আশ্চর্য্য এমনই যে শত্রুদিগের নিকট দরিদ্রতা উপস্থিত হইয়া তোমার খড়্গের অভ্যুদয় [মঙ্গলকামনা] করে, যেন বলে,—হে খড়্গ! তোমার মঙ্গল হউক যে, তোমার দ্বারা আমি থাকিবার স্থান পাইয়াছি। অতএব মহারাজ! আপনি বীরের শ্রেষ্ঠ; আপনার অসিচালনাশিক্ষাও অতীব পূজনীয়; আপনি ও এ খড়্গ অতি অপূর্ব্ব!)। রাজা এই শ্লোক শুনিয়া ব্রাহ্মণকে অমূল্য রত্নপূর্ণ পাঁচটি কলশি দিয়াছিলেন ॥ ২৪ ॥

তারপর সেই ক্ষণেই কোনও দেশ হইতে পাঁচজন কবি সমাগত হইয়াছিলেন। তাঁহাদিগকে দেখিয়া রাজার মুখ ঈষৎ বিবর্ণ হইয়াছে দেখিয়া মহেশ্বরকবি বৃক্ষের ছলে রাজাকে বলিলেন, হে সদ্বৃক্ষ! তুমি কেন চতুষ্পথের মধ্যে জন্মিয়াছ? যদিই বা জন্মিলে, তবে কেনই বা প্রগাঢ় ছায়া ধারণ করিয়াছ? হইলেই বা ছায়ায় আচ্ছন্ন, তথাপি ফল ধারণ করিলে কেন? ফলিলেই বা, রাশি রাশি

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ততস্তে দ্বিজবরাঃ পৃথক্ পৃথগাশীর্ব্বচনমুদীর্য্য যথাক্রমং রাজাজ্ঞয়া কম্বলে উপবিশ্য মঙ্গলং চক্রুঃ। তত একঃ পঠতি,—

"কূর্ম্মঃ পাতালগঙ্গাপয়সি বিহরতাং তত্তটীরূঢ়মুস্তা-,
মাদত্তামাদিপোত্রী শিথিলয়তু ফণামণ্ডলং কুণ্ডলীন্দ্রঃ।
দিঙ্মাতঙ্গা মৃণালীকবলনকলনাং কুর্ব্বতাং পর্ব্বতেন্দ্রাঃ,
সর্ব্বে স্বৈরং চরন্তু ত্বয়ি বহতি বিভো! ভোজ! দেবীং ধরিত্রীম্॥"

হে বিভো ভোজ! ধরিত্রীং পৃথ্বীং দেবীং বহতি ত্বয়ি তব পৃথিবীবহনকালে কূর্ম্মঃ কচ্ছপঃ পাতালগঙ্গাপয়সি ভোগবতীজলে বিহরতাং বিহরতু। আদিঃ পোত্রী পোত্রং সূকর-মুখাগ্রং, তদ্বান্ বরাহাবতারঃ ভোগবতীতটজাতমুস্তকং গৃহ্নাতু। মৃণালীকবলনকলনাং মৃণালভক্ষ্যান্বেষণং কুর্ব্বতাং করোতু। সর্ব্বে পর্ব্বতেন্দ্রাঃ শ্রেষ্ঠাঃ পর্ব্বতাঃ স্বৈরং যথেচ্ছং চরন্তু ব্যবহরন্তু। নাস্তি তেষাং ভারবহনচিন্তেতি ভাবঃ। দোর্দ্দণ্ডপ্রতাপশালিতয়া ত্বয়ি সুপ্তেঽপি পৃষ্ঠতো বহসি পৃথ্বীং ত্বমিতি দুষ্টা বিশৃঙ্খলয়িতুং নার্হন্তি। যাপপয়োধী ফলে পরিপূর্ণ হইলে কেন? হইলেই বা ফলপূর্ণ, তথাপি ফলভরে নত হইয়া পড়িলে কেন? যখন নিজের কুশ্চেষ্টায় এরূপ হইয়াছ, তখন চিরকালের জন্য এখন সাধারণ জনের নিকট শাখার অগ্রের আকর্ষণ, ক্ষোভ (চাপিয়া রাখা), আমোটন (মোচড়ান), এবং ভঞ্জন (ভাঙ্গিয়া ফেলা), এ সকল সহিতে থাক। রাজা ইহা শুনিয়া তাঁহাকে লক্ষমুদ্রা দিয়াছিলেন। ২৫।

তারপর সেই দ্বিজবরসকল পৃথক পৃথক ভাবে আশীর্ব্বাদবাক্য পাঠ করিয়া রাজার আজ্ঞানুসারে যথাক্রমে কম্বলে উপবেশন করিয়া মঙ্গলবাক্য পাঠ করিয়াছিলেন। সেই মঙ্গলশ্লোক তাঁহাদিগের মধ্যে এক জন পাঠ করিলেন,—

হে মহারাজ! তোমার পৃথিবীবহন কালে কূর্ম্মাবতার পাতালগঙ্গার জলে বিহার করুন; কারণ, তোমার এমন দোর্দ্দণ্ডপ্রতাপ যে, তুমি নিদ্রা গিয়াও এই পৃথিবীকে পৃষ্ঠে করিয়া বহন করিতেছ, দুষ্টেরা ত তখনও বিশৃঙ্খলা ঘটাইতে পারে না। বরাহাবতার সেই ভোগবতীর তীরে উৎপন্ন মুস্তা খাইবার জন্য সংগ্রহ করিতে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

রাজা চমৎকৃতঃ তস্মৈ শতাশ্বান্ দদৌ। ততো ভাণ্ডারিকো লিখতি,—

"ক্রীড়োদ্যানে নরেন্দ্রেণ শতমশ্বা মনোজবাঃ।
প্রদত্তাঃ কামদেবায় সহকারতরোরধঃ॥" ২৬॥

ততঃ কদাচিদ্ভোজো বিচারয়তি স্ম, "মৎসদৃশো বদান্যঃ কোঽপি নাস্তি" ইতি। তদ্দেবং বিদিত্বা মুখ্যামাত্যো বিক্রমা-

---

নিমগ্নামপি ত্বমুদ্ধরসি যথার্থং শাসনেন। বিধিবদ্ধে খলনন্তে নিয়মে স্থাপিতেয়ম্। দিশি দিশি স্থাপিতঃ সুশাসকঃ। স্বয়ঞ্চ বেগমুদ্বহন্ স্বকক্ষায়াং ভ্রময়স্যেনামিতি॥২৫॥

থাকুন; কারণ পাপসমুদ্রে নিমগ্ন পৃথিবীকে যথাযথ শাসনপ্রভাবে তুমি উদ্ধার করিতেছ। অনন্তদেব ফণামণ্ডল শিথিল করুন; কারণ, তোমার বিধিবদ্ধ অনন্ত নিয়মের উপর পৃথিবী এখন স্থাপিত হইয়াছে। দিগ্‌গজসকল ভক্ষণ-যোগ্য মৃণালের অন্বেষণ করিতে থাকুন; কারণ, তুমি প্রতিদিকেই দিগ্‌গজের ন্যায় শাসকসকলকে স্থাপিত করিয়াছ। ভূধরগণও ইচ্ছা অনুসারে যে কোন ব্যবহার করিতে পারেন; কারণ, তুমি নিজেই বেগে পরিচালিত করিয়া যে কক্ষার পৃথিবীর ভ্রমণ করা কর্ত্তব্য, তাহা করাইতেছ; সুতরাং পৃথিবীর ভার বহনের জন্য এ সকল এখন নিষ্প্রয়োজন। রাজা এই শ্লোক শুনিয়া আশ্চর্য্যান্বিত হইয়া-ছিলেন, এবং তাঁহাকে একশত অশ্ব দান করিয়াছিলেন। দেওয়া হইলে ভাণ্ডারিক পুণ্যপত্রে (দানের খাতায়) লিখিল,—ক্রীড়াকাননে সহকারবৃক্ষের তলে বসিয়া ভোজরাজ কামদেবপণ্ডিতকে মনের ন্যায় বেগশালী শত অশ্ব দিয়াছেন॥ ২৬॥

তারপর কোনও এক সময়ে ভোজরাজ মনে মনে চিন্তা করিয়াছিলেন, আমার ন্যায় উদার দানশীল কেহই নাই। রাজার সেই অহঙ্কার জানিতে পারিয়া প্রধানমন্ত্রী মহারাজ বিক্রমার্কের পুণ্যপত্র (দানের খাতাপত্র) ভোজকে প্রদর্শন করাইয়া-

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

कस्य पुष्पपत्रं भोजाय प्रदर्शयामास। भोजस्तत्र पत्रे कञ्चित् प्रस्तावमपश्यत्। तथाहि विक्रमार्कः पिपासया प्राह,—

"स्वच्छं सज्जनचित्तवल्लघुतरं दीनार्त्तिवच्छीतलं,
पुत्रालिङ्गनवत्तथैव मधुरं तद्बाल्यसञ्जल्पवत्।
एलोशीरलवङ्गचन्दनलसत्कर्पूरकस्तूरिका-,
जातीपाटलिकेतकैः सुरभितं पानीयमानीयताम्॥"

ततो मागधः प्राह,—

"वक्त्राम्भोजं सरस्वत्यधिवसति सदा शोण एवाधरस्ते,
बाहुः काकुत्स्थवीर्य्यस्मृतिकरणपटुर्दक्षिणस्ते समुद्रः।
वाहिन्यः पार्श्वमेताः कथमपि भवतो नैव मुञ्चन्त्यभीक्ष्णं,
स्वच्छे चित्ते कुतोऽभूत् कथय नरपते! तेऽम्बुपानाभिलाषः?"

ततो विक्रमार्कः प्राह,—तथाहि,—

ছিলেন। ভোজ সেই পত্রে কোনও একটা প্রস্তাব দেখিলেন। তাহা এই,—বিক্রমার্ক পিপাসা হওয়ায় বলিলেন,—সজ্জনের চিত্তের ন্যায় স্বচ্ছ, (নির্ম্মল) দরিদ্রকে পীড়া দেওয়ার ন্যায় লঘুতর (খুব হালকা), পুত্রের আলিঙ্গনের ন্যায় শীতল, আর সেইরূপ বাল্যকালের সঙ্গীদিগের সহিত পরস্পর গল্পগুজপের ন্যায় মধুর, এলাচ, উশীর (বেনামূল), লবঙ্গ, চন্দনসংমিশ্রিত কর্পূর, মৃগনাভি ও জাতিপুষ্প, পাটলিপুষ্প, এবং কেতকপুষ্পে সুরভিত (সুগন্ধিকৃত) পানীয় জল আনয়ন কর। মাগধ (বন্দনা-গায়ক) এই কথা শুনিয়া বলিল,—হে নরপতে! সরস্বতী (দেবী, নদী) আপনার মুখপদ্মে বাস করিতেছেন, আপনার অধর (নিম্নের ওষ্ঠ) সর্ব্বদাই শোণ (নদ, লোহিত) আপনার দক্ষিণ বাহু সমুদ্র (মুদ্রা অঙ্গুরীয়ক, তদ্দারা সুশোভিত, এবং দক্ষিণ সাগর); কারণ, সে বাহু কাকুৎস্থ রামচন্দ্রের বীর্য্য স্মৃতি করাইতে সক্ষম

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"अष्टौ हाटककोटयस्त्रिनवतिर्मुक्ताफलानां तुलाः,
पञ्चाशन्मधुगन्धमत्तमधुपाः क्रोधोद्धताः सिन्धुराः।
अश्वानामयुतं प्रपञ्चचतुरं वाराङ्गनानां शतं,
दत्तं पाण्ड्यनृपेण यौतुकमिदं वैतालिकायार्प्यताम्॥"

ततो भोजः प्रथमत एव अद्भुतं विक्रमार्कचरित्रं दृष्ट्वा निज-गर्वं तत्याज॥ २७॥

ततः कदाचिद्धारानगरे रात्रौ विचरन् राजा कस्मिंश्चिद् देवालये शीतार्त्तं ब्राह्मणमित्थं पठन्तमवलोक्य स्थितः।—

(সেতুবন্ধ দেখিলে রামের বাহুর কথা মনে হয়, আপনার বাহু দেখিলেও মনে হয়; সুতরাং বাহু দক্ষিণ সমুদ্র)। বাহিনীসকল (সেনাবিন্যাস, এবং নদীসকল) কোনও-রূপে আপনার পার্শ্ব পরিত্যাগ করে না। আপনার চিত্ত সকল সময়েই স্বচ্ছ। অত-এব বলুন, আপনার জলপানের অভিলাষ কি হেতু হইয়াছে? এই শ্লোক শুনিয়া বিক্রমার্ক বলিলেন,—তাহা এই,—হে ভাণ্ডারিক! আটকোটি হাটক (অলঙ্কার বিশেষ), তিরনব্বইটি মুক্তাফল, সমান পঞ্চাশটিহস্তী, যাহাদিগের গণ্ড হইতে ক্ষরিত মদের গন্ধে মধুমক্ষিকা মত্ত হইয়াছে, এবং যাহারা সকল সময়েই ক্রোধে উদ্ধত-প্রকৃতি হইয়াই রহিয়াছে, এক অযুত (দশ হাজার) অশ্ব, বিলোলভঙ্গিপ্রকাশে চতুরা শত বেশ্যা, পাণ্ড্যরাজ যে এই যৌতুক দিয়াছিলেন, ইহা এই বৈতালিককে (মাগধকে, বন্দিকে) দাও। এই শ্লোক পাঠ করিয়া প্রথমেই অদ্ভুত রকমের চরিত্র দেখিয়া নিজের অহঙ্কার ত্যাগ করিলেন॥ ২৭॥

তারপর কোনও একদিন রাত্রে ধারানগরের মধ্যে বিচরণ করিতে করিতে দেবালয়ে কোনও এক ব্রাহ্মণকে শীতে পীড়িত হইয়া এইরূপ পাঠ করিতে দেখিয়াছিলেন,—

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"শীতেনাধ্যুষিতস্য মাঘজলবচ্চিন্তার্ণবে মজ্জতঃ,
শান্তাগ্নেঃ স্ফুটিতাধরস্য ধমতঃ ক্ষুৎক্ষামকুক্ষের্মম।
নিদ্রা ক্বাপ্যবমানিতেব দয়িতা সন্ত্যজ্য দূরঙ্গতা,
সৎপাত্রপ্রতিপাদিতেব কমলা নো হীয়তে শর্ব্বরী॥"

শীতেনেতি। শীতেন অধ্যুষিতস্য কৃতাধিষ্ঠানস্য শীতার্তস্য ইতি যাবৎ, অতএব চিন্তার্ণবে মজ্জতঃ স্নানং কুর্ব্বতো জনস্য মাঘজলবৎ মাঘমাসস্য জলমিব ভয়ঙ্করং, যথাহি শীতালুঃ পুমান্ মাঘে মাসি স্নাতুং গতো জলং দৃষ্ট্বা চিন্তার্ণবে মজ্জতি কথমিদমঙ্গুল্যাপ্যস্পৃশ্যং করকবদঙ্গৈঃ স্নানীয়মিতি স্নাতুং নৈব পারয়তি, চিন্তয়ত্যেব কেবলং, তাদৃশস্য মম তাদৃশোঽয়ং কালঃ, যদাঽর্ণবে মজ্জতশ্চিন্তেব; কিঞ্চ শান্তাগ্নেঃ নির্ব্বাপিতবহ্নেঃ পুংসঃ ক্ষুৎক্ষামকুক্ষেঃ ক্ষুধাক্ষীণপ্রায়জঠরস্য পুনঃ স্ফুটিতাধরস্য ধমতঃ ফূৎকারেণাগ্নিসংযোগং কুর্ব্বত ইব মম; যথা ভোজনায় ব্যাকুলাত্মা পাকায় চুল্লীং জ্বালয়ন্নপি নির্ব্বাপয়ন্ দুর্ব্বলপ্রায়তয়া ক্ষীণং ক্ষীণং ফূৎকরোতি; কিন্তু স্ফুটিতাবোষ্ঠৌ ইতি ফূৎকারো নৈব নিঃসরতি, নশ্যত্যেব কেবলং, নাগ্নিঃ প্রজ্বলতি, ক্লিশ্নাতি চ, তাদৃশস্য মম শান্তাগ্নেরিব নিদ্রা নায়াতি; কিঞ্চ অবমানিতা কৃতাবমাননা দয়িতা কান্তা ইব তাদৃশস্য মম নিদ্রা সন্ত্যজ্য মাং পরিত্যজ্য ক্বাপি কুত্রাপি কালে দূরং দেশং গতা প্রাপ্তা। কিঞ্চ শর্ব্বরী রাত্রিঃ সৎপাত্রপ্রতিপাদিতা সৎপাত্রসাৎকৃতা কমলা লক্ষ্মীরিব নো হীয়তে নৈব নশ্যতি প্রভাতং নাপ্নোতি। ধন্যো বিধাতা, যদিয়ং তেন বিশালা রজনী

শিলা দেখিতে পাইয়াছিল। সেখানি পাইয়া তাহারা চিন্তা করিয়াছিল,—এই ত এতে যেন লেখার মত কি দেখা যাইতেছে? অতএব নিশ্চয় এটা রাজার নিকট লইয়া যাওয়া কর্ত্তব্য। এইরূপ বুঝিয়া ভোজের সভায় তাহারা আনিয়াছিল। তাহাদের নিকট সেই কথা শুনিয়া ভোজ বলিলেন,—পূর্ব্বে ভগবান্ হনুমান্ শ্রীমদ্রামায়ণ রচনা করিয়াছিলেন। তাহা এই হ্রদে প্রক্ষেপ করাইয়াছিলেন, এইরূপ প্রবাদ শ্রুত হইয়াছে। সেই জন্য এ লিখিতটি কি, ইহা নিশ্চয় বিচার্য্য। এজন্য ইহার লিপিজ্ঞান করণীয়। তারপর জতু গালাইয়া তাহাতে ঢালিয়া দিয়া ছাপ লইয়া অক্ষরগুলি জানিতে পারিয়া পাঠ করিলেন,—তাহার মধ্যে চরণদ্বয় আনুপূর্ব্বীক পাওয়া গিয়াছিল,—প্রাণীদিগের পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মের ফলভোগ কতই বিষম হয়। তারপর ভোজ বলিলেন,—এর পূর্ব্বার্দ্ধ বল। সে কথা

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

অয়ি খলু বিষমঃ পুরাকৃতানাং,
ভবতি হি জন্তুষু কর্ম্মণাং বিপাকঃ ॥”

ততো ভোজস্তত্র ধ্বনিদোষং মন্বানস্তদেব পূর্ব্বার্দ্ধমন্যথা পঠতি স্ম,—

“ক্ব জনকতনয়া ক্ব রামজায়া,
ক্ব চ দশকন্ধরমন্দিরে নিবাসঃ।
অয়ি! খলু বিষমঃ পুরাকৃতানাং,
ভবতি হি জন্তুষু কর্ম্মণাং বিপাকঃ ॥”

ততো ভোজঃ কালিদাসং প্রাহ,—“সুকবে! ত্বমপি কবিহৃদয়ং পঠে”তি। স আহ,—

“শিবশিরসি শিরাংসি যানি রেজুঃ,
শিব! শিব! তানি লুঠন্তি গৃধ্রপাদে।

শুনিয়া ভবভূতি বলিলেন,—আয়তলোচনা সীতার কোথায় অকলঙ্ক কুল, আর কোথায় নিশাচরসঙ্গমের অপবাদ! ওঃ প্রাণীদিগের পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মের ফলভোগ কতই বিষম হয়। ইহা শুনিয়া তাহাতে ধ্বনিগত দোষ হয় মনে করিয়া রাজা সেই পূর্ব্বার্দ্ধ অন্যপ্রকারে পাঠ করিয়াছিলেন,—কোথায় জনকের কন্যা, কোথায় রামের পত্নী, আর কোথায় দশাননের গৃহে নিবাস! ওঃ প্রাণীদিগের পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মের ফলভোগ বড়ই বিষম! তারপর ভোজ কালিদাসকে বলিলেন,—সুকবে! তুমিও কবির হৃদয়গত ভাব লইয়া পূর্ব্বার্দ্ধ পাঠ কর। কালিদাস বলিলেন,—যে মস্তকগুলি (বলিদান করিলে পর) শিবের মস্তকের উপর অবস্থিত হইয়া শোভা পাইয়াছিল, শিব! শিব! সেগুলি গৃধ্রের পদে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

अयि ! खलु विषमः पुराकृतानां,
भवति हि जन्तुषु कर्म्मणां विपाकः॥"

ततस्तस्य शिलाखण्डस्य पूर्वपुटे जतुशोधनेन कालिदासः पठति। तमेव दृष्ट्वा राजा भृशं तुतोष॥ १०॥

• कदाचिद्भोजेन विलासार्थं नूतनगृहान्तरं निर्म्मितम्। तत्र गृहान्तरे गृहप्रवेशात् पूर्वमेकः कश्चित् ब्रह्मराक्षसः प्रविष्टः। स च रात्रौ तत्र ये वसन्ति, तान् भक्षयति। ततो मान्त्रिकान् समाहूय तदुच्चाटनाय राजा यतते स्म। स च आगच्छन्नेव मान्त्रिकानेव भक्षयति। किन्तु स्वयं कवित्वादिकं पूर्वाभ्यस्तमेव पठन् तिष्ठति। एवं स्थिते तत्रैव रक्षसि, राजा कथमस्य निवृत्तिरिति व्यचिन्तयत्। तदा कालिदासः प्राह,—"देव !

লুণ্ঠিত হইল। ওঃ পূর্ব্বে কৃত কর্ম্মের ফলভোগ কতই বিষম ! তারপর তাহার নিশ্চয়ার্থ সেই শিলাখণ্ডের পূর্ব্বপুটে (অন্য পৃষ্ঠে) লাক্ষা সংস্কার দ্বারা মুদ্রা উঠাইয়া কালিদাস তাহাই পাঠ করিলেন। রাজা তাহা দেখিয়াই অত্যন্ত তুষ্ট হইয়াছিলেন॥ ১০॥

কোনও এক সময়ে ভোজ বিলাসার্থ অন্য একটি নূতন গৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন। সেই নূতন গৃহে গৃহপ্রবেশের পূর্ব্বেই কোনও একটি ব্রহ্মরাক্ষস প্রবেশ করিয়াছিল। রাত্রে সেই গৃহে যে বাস করে, তাহাদিগকে সে ভক্ষণ করিয়া ফেলে। তারপর মন্ত্রসিদ্ধ ব্রাহ্মণ আনাইয়া রাজা তাহার উচ্চাটনার্থ প্রযত্ন করিয়াছিলেন; কিন্তু সে আসিয়াই অগ্রে মান্ত্রিকদিগকে ভক্ষণ করে। কেবল তাহাই নহে, সে পূর্ব্বে অভ্যস্ত কবিতাদিও পাঠ করিয়া থাকে। এইরূপে রাক্ষস সে গৃহে অবস্থান করিলে পর রাজা 'এর নিবৃত্তি কি করিয়া হয় ?'

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

नूनमयं राचसः सकलशास्त्रप्रवीणः सुकविश्च भाति। अतस्तमेव तोषयित्वा कार्य्यं साधयामि, मान्त्रिकास्तिष्ठन्तु। मम मन्त्रं पश्ये"त्युक्त्वा स्वयं तत्र रात्रौ गत्वा शेते स्म। ततः प्रथमयामे ब्रह्मराचसः समागतः। स च तमपूर्वं पुरुषं दृष्ट्वा प्रतियाममेकैकां समस्यां पाणिनिसूत्रमेव पठति। येनोत्तरं तद्धृदयगतं नोक्तम् "अयं न ब्राह्मणोऽतो हन्तव्य" इति निश्चित्य हन्ति। तदानीमपि पूर्ववदयमपूर्वः पुरुषः, अतो मया समस्या पठनीया, न चेद्वक्ति सदृशमुत्तरं तस्याः, तदा हन्तव्य इति बुद्ध्वा पठति,—

"सर्वस्य द्वे"

इति। तदा कालिदासः प्राह,—

চিন্তা করিয়াছিলেন। তখন কালিদাস বলিলেন,—মহারাজ! নিশ্চয় এ রাক্ষস সকলশাস্ত্রে প্রবীণ, এবং সুকবি বলিয়াও প্রতিভাত হইতেছে। অতএব তাহাকে তুষ্ট করিয়া কার্য্যসাধন (হাঁসিল) করিয়া লইব। মান্ত্রিকেরা থাকুন (এ কাজ তাঁহাদিগের নয়)। আমার মন্ত্র দেখুন। এই কথা বলিয়া নিজেই সেখানে রাত্রে যাইয়া শয়ন করিয়াছিলেন। তারপর প্রথম প্রহরে ব্রহ্মরাক্ষস আসিয়াছিল। সে অপূর্ব্ব পুরুষকে দেখিয়া প্রত্যেক প্রহরে এক এক সমস্যা করিয়া একএকটি পাণিনীয়সূত্রই পাঠ করিয়া থাকে। যে তাহার হৃদয়গত অভিপ্রায় বলিতে না পারে, 'এ ব্রাহ্মণ নহে। অতএব হন্তব্য।' এইরূপ নিশ্চয় করিয়া তাহাকে হত্যা করে। তখনও 'পূর্ব্বেরই ন্যায় তিনি অপূর্ব্ব পুরুষ (কালিদাস) দেখা যাইতেছে। অতএব আমি সমস্যা পাঠ করিব। যদি তাহার সদৃশ উত্তর বলিতে না পারে, তাহা হইলে একে হনন করিব, এইরূপ বুঝিয়া পাঠ করিল,—

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"সুমতিকুমতী সম্পদাপত্তিহেতূ,"

ইতি। ততঃ স গতঃ, পুনরপি দ্বিতীয়যামে সমাগত্য পঠতি,—

"বৃদ্ধো যূনা"

ইতি। তদা কবিরাহ,—

'সহ পরিচয়াৎ ত্যজ্যতে কামিনীভিঃ।'

ইতি। তৃতীয়যামে স রাক্ষসঃ পুনস্তমাগত্য পঠতি,—

"একো গোত্রে"

ইতি। ততঃ কবিরাহ,—

"প্রভবতি পুমান্ যঃ কুটুম্বং বিভর্ত্তি,"

ততশ্চতুর্থযামে আগত্য স রাক্ষসঃ পঠতি,—

"স্ত্রী পুংবচ্চ"

ইতি। ততঃ কবিরাহ,—

"প্রভবতি যদা তদ্ধি গেহং বিনষ্টম্॥"

সকলের দুইটি। কালিদাস বলিলেন,—সুমতি ও কুমতি সম্পদ ও আপদের হেতু। উত্তর শুনিয়া সে চলিয়া গেল। আবারও দ্বিতীয় প্রহরে আসিয়া পাঠ করিল,—বৃদ্ধ, যুবকের সহিত। তাহা শুনিয়া কবি বলিলেন,—পরিচয় হইলে কামিনীগণকর্ত্তৃক পরিত্যক্ত হয়। তৃতীয় প্রহরে সে রাক্ষস আবার আসিয়া পাঠ করিল,—একজন কুলে। তাহার উত্তরে কবি বলিলেন,—প্রভাব পায়, যে পুরুষ কুটুম্বসকলকে ভরণপোষণ করে। তারপর চতুর্থ প্রহরে আসিয়া সে রাক্ষস পাঠ করিল, স্ত্রী পুরুষের ন্যায়। তাহার উত্তরে কবি পাঠ করিলেন,

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

इति। ततः स राक्षसो यामचतुष्टयेऽपि स्वाभिप्रायमेव ज्ञात्वा तुष्टः प्रभातसमये समागत्य तमाश्लिष्य प्राह, "सुमते! तुष्टोऽस्मि, किं तवाभीष्टमि"ति? कालिदासः प्राह, "भगवन्! एतद्गृहं विहायान्यत्र गन्तव्यमि"ति। सोऽपि "तथे"ति गतः। अनन्तरं तुष्टो भोजः कविं बहु मानितवान्॥ ११॥

एकदा सिंहासनमलङ्कुर्वाणे श्रीभोजे सकलभूपालशिरोमणौ द्वारपाल आगत्य प्राह, "देव! दक्षिणदेशात् कोऽपि मल्लिनाथनामा कविः कौपीनावशेषो द्वारि वर्त्तते।" राजा "प्रवेशय" इत्याह। ततः कविरागत्य "स्वस्ति" इत्युक्त्वा तदाऽऽज्ञया चोपविष्टः पठति,—

"नागो भाति मदेन, खं जलधरैः, पूर्णेन्दुना शर्वरी,
शीलेन प्रमदा, जवेन तुरगो, नित्योत्सवैर्मन्दिरम्।

প্রভাব পায় যে কুলে, সে গৃহ নষ্ট হইয়াছে (জানিবে)। তারপর সে রাক্ষস চারি প্রহরেই নিজের অভিপ্রায় অনুসারে সমস্যা পূরণ হইয়াছে জানিয়া পরিতুষ্ট হইয়াছিল, এবং প্রভাতসময়ে আসিয়া কালিদাসকে আলিঙ্গন করিয়া বলিল,— সুকবে! আমি তুষ্ট হইয়াছি। তোমার অভীষ্ট কি? কালিদাস বলিলেন,— ভগবন্! এ গৃহ ছাড়িয়া অন্যত্র যাইতে হইবে। সেও বলিল,—তাহাই হইবে। এই বলিয়া চলিয়া গিয়াছিল। তারপর তুষ্ট হইয়া ভোজ কালিদাসকে বহু সম্মান করিয়াছিলেন॥ ১১।

কোনও এক সময়ে সকলনরপালশিরোমণি শ্রীমান্ ভোজ সিংহাসন অধিকার করিতে থাকিলে দ্বারপাল আসিয়া বলিল, মহারাজ! দক্ষিণ দেশ হইতে কৌপীনমাত্র সম্বল মল্লিনাথ নামে কোনও এক কবি দ্বারে আসিয়া উপস্থিত হইয়াছেন। রাজা বলিলেন, প্রবেশ করাও।' তারপর, কবি আসিয়া স্বস্তিবাক্যে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

वर्णा व्याकरणेन, हंसमिथुनैर्नद्यः, सभा पण्डितैः,
सत्पुत्रेण कुलं त्वया वसुमती, लोकत्रयं भानुना ॥"

ततो राजा प्राह, "विद्वन्! तवोद्देश्यं किम्" इति? ततः कविराह,—

"अम्बा कुप्यति न मया, न स्नुषया सापि नाम्बया न मया।
अहमपि न तया न तया, वद राजन्! कस्य दोषोऽयम् ॥"

इति। राजा च दारिद्र्यदोषं ज्ञात्वा कविं पूर्णमनोरथं चक्रे ॥ १२ ॥

एकदा द्वारपाल आगत्य राजानं प्राह, "देव! कविशेखरो नाम महाकविर्द्वारि वर्त्तते।" राजा "प्रवेशय" इत्याह। ततः कविरागत्य "स्वस्ति" इत्युक्त्वा पठति,—

মঙ্গলাশীর্ব্বাদ করিয়া, রাজার আজ্ঞায় উপবেশন করিয়া পাঠ করিলেন,—হস্তী মদদ্বারা শোভা পায়, আকাশ মেঘসমূহ দ্বারা, রাত্রি পূর্ণচন্দ্র দ্বারা, প্রমদানারী শীলদ্বারা, ঘোটক বেগদ্বারা, গৃহ নিত্যোৎসব দ্বারা, ভাষা ব্যাকরণ দ্বারা, নদীসকল হংস ও হংসী দ্বারা, সভা পণ্ডিত দ্বারা, কুল সৎপুত্র দ্বারা, বসুমতী পৃথিবী তোমাদ্বারা, আর ত্রিলোক সূর্য্য দ্বারা শোভা পায়। সেই শ্লোক শুনিয়া রাজা বলিলেন, বিদ্বন্! তোমার উদ্দেশ্য কি? তারপর কবি বলিলেন, মাতা কুপিত হইতেছেন, তা আমাদ্বারাও নয়, বা তাঁহার পুত্রবধূ দ্বারাও নয়। তাঁহার পুত্রবধূ কুপিত হইতেছে, তা মাতাদ্বারাও নয়, বা আমাদ্বারাও নয়। আমিও কুপিত হই, তা মাতাদ্বারাও নয়, তাঁহাদ্বারাও নয়। অতএব মহারাজ! বল এ দোষ তবে কাহার? রাজা তাহা দারিদ্র্য দোষ জানিয়া কবিকে পূর্ণমনোরথ করিয়াছিলেন ॥ ১২ ॥

এক সময়ে দ্বারপাল আসিয়া রাজাকে বলিল, মহারাজ! কবিশেখর নামে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"রাজন্ ! দৌবারিকাদেব প্রাপ্তবানস্মি বারণম্ ।
মদবারণমিচ্ছামি ত্বত্তোঽহং জগতীপতে ! ॥"

তদা প্রাঙ্মুখস্তিষ্ঠন্ রাজাঽতিসন্তুষ্টস্তং প্রাগ্দেশং সর্ব্বং কবয়ে দত্তং মত্বা দক্ষিণাভিমুখোঽভূত্ । ততঃ কবিশ্চিন্তয়তি, "কিমিদং ? রাজা মুখং পরাবৃত্য মাং ন পশ্যতী"তি । ততো দক্ষিণদেশং সমাগত্যাঽভিমুখঃ কবিঃ পঠতি,—

"অপূর্ব্বেয়ং ধনুর্ব্বিদ্যা ভবতা শিক্ষিতা কথম্ ।
মার্গণৌঘঃ সমায়াতি গুণো যাতি দিগন্তরম্ ॥"

রাজন্নিতি । বারণং হস্তিনং প্রবেশনিষেধঞ্চ । মদবারণং মম প্রবেশনিষেধবারণং, মদস্য গর্ব্বমত্ততায়া নিষেধং, মদমত্তবারণঞ্চ । অপূর্ব্বেয়মিতি । মার্গণৌঘঃ বাণ-

একটি মহাকবি দ্বারে রহিয়াছেন । প্রবেশ করাও, রাজা এই কথা বলিলেন । দ্বারপাল যাইয়া প্রবেশ করিবার আদেশ শুনাইলে কবি সভায় আসিয়া স্বস্তিবাক্যে মঙ্গলাশীর্ব্বাদ করিয়া পাঠ করিলেন ; রাজন্ ! দৌবারিকের নিকট আমি বারণ (হস্তী, প্রবেশনিষেধ) প্রাপ্ত হইয়াছি । হে জগতীশ্বর ! এখন আমি আপনার নিকট হইতে মদবারণ (আমার প্রবেশ নিষেধের নিষেধ, গর্ব্বজন্য মত্ততার প্রতিকার, মদমত্ত হস্তী) পাইতে ইচ্ছা করি । সে সময়ে রাজা পূর্ব্বাভিমুখে অবস্থান করিয়াছিলেন, এবং অত্যন্ত সন্তুষ্ট হইয়া সেই পূর্ব্বদিকে স্থিত সমস্তই কবিকে দেওয়া হইয়াছে মনে করিয়া দক্ষিণাভিমুখ হইয়াছিলেন । তাহা দেখিয়া কবি চিন্তা করিলেন, একি ? রাজা মুখ ফিরাইয়া আমায় দেখিতেছেন না কেন ? এইরূপ চিন্তা করিয়া দক্ষিণদিকে আসিয়া রাজার সম্মুখে দাঁড়াইয়া কবি পাঠ করিলেন, আপনি এই অপূর্ব্ব ধনুর্ব্বিদ্যা কি করিয়া শিক্ষা করিয়াছেন যে, মার্গণ সকল (বাণসকল, যাচক সকল) আপনার দিকে আসে, আর গুণ (ধনুর ছিলা,

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततो राजा दक्षिणदेशमपि मनसा कवये दत्त्वा स्वयं प्रत्यङ्मुखोऽभूत्। कविस्तत्रागत्य प्राह,—

"सर्वज्ञ इति लोकोऽयं भवन्तं भाषते मृषा।
पदमेकं न जानीषे वक्तुं नास्तीति याचके॥"

ततो राजा तमपि देशं कवेर्दत्तं मत्वा उदङ्मुखोऽभूत्। कविस्तत्रापि आगत्य प्राह,—

"सर्वदा सर्वदोऽसीति मिथ्या त्वं कथ्यते बुधैः।
नारयो लेभिरे पृष्ठं न वक्षः परयोषितः॥"

ततो राजा स्वां भूमिं कवेर्दत्तां मत्वा उत्तिष्ठति स्म। कविश्च तदभिप्रायमज्ञात्वा पुनराह,—

मूढः, याचकसमूहस्य। गुणः त्या दयादाक्षिण्यादिगुणस्य। सर्व्वज्ञ इति। सर्व्वं जानातीति सर्व्वज्ञः। मृषा मिथ्या। सर्व्वदेति। सर्व्वं ददातीति सर्व्वदः। अरयः शत्रवः॥ १२॥

दयादाক্ষিণ্যাদি গুণ) দূর দিকে চলিয়া যায়? এই শ্লোক শুনিয়া রাজা দক্ষিণ দেশও মনে মনে কবিকে দান করিয়া নিজেই পশ্চিমাভিমুখ হইয়াছিলেন। কবি সে দিকে আসিয়া বলিলেন, এই লোক সকল আপনাকে মিথ্যামিথ্যাই সর্ব্বজ্ঞ বলে; কারণ, যাচকের নিকট আপনি ত 'নাই' এই একটি পদ বলিতে জানেন না। সেই শ্লোক শুনিয়া রাজা সেই পশ্চিমদেশও কবিকে দেওয়া হইয়াছে মনে করিয়া উত্তরমুখ হইয়াছিলেন। কবি আবার সে দিকেও আসিয়া বলিলেন, তুমি সর্ব্বদ সকলই দান কর, পণ্ডিতেরা সর্ব্বদাই এই মিথ্যা কথা বলেন; কারণ; শত্রুসকল ত তোমার পৃষ্ঠ কখন লাভ করে নাই, এবং পরনারীও ত তোমার বক্ষঃস্থল লাভ করে নাই। এই কবিতা শুনিয়া রাজা নিজের সমস্ত ভূসম্পত্তি কবিকে দেওয়া হইয়াছে মনে করিয়া উঠিয়াছিলেন। কবিও তাঁহার অভিপ্রায় বুঝিতে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"राजन्। कनकधाराभिस्त्वयि सर्वत्र वर्षति।
अभाग्यच्छत्रसंच्छन्ने मयि नायान्ति विन्दवः॥"

तदा राजा च अन्तःपुरं गत्वा लीलादेवीं प्राह, "देवि सर्वं राज्यं कवये दत्तं, ततस्तपोवनं मया सहागच्छे"ति। अस्मिन्नवसरे विद्वान् द्वारि निर्गतो बुद्धिसागरेण वृद्धामात्येनः पृष्टः,—"विद्वन्! राज्ञा किं दत्तमि"ति। स आह,—"न किमपी"ति। तदा अमात्यः प्राह,—"तत्रोक्तं श्लोकं पठ।" ततः कविः श्लोकचतुष्टयं पठति। अमात्यस्ततः प्राह,—"सुकवे! तव कोटिद्रव्यं दीयते, परं राज्ञा यदत्र तव दत्तं भवति, तत् पुनर्विक्रीयतामि"ति। कविस्तथा करोति। ततः कोटिद्रव्यं दत्त्वा कविं प्रेषयित्वा अमात्यो राजनिकटमागत्य तिष्ठति स्म।

না পারিয়া আবারও বলিলেন; রাজন্! সুবর্ণধারায় তুমি সর্ব্বত্র বর্ষণ করিতেছ; কিন্তু দুর্ভাগ্যছত্রে আচ্ছাদিত বলিয়া আমার নিকট দুই চারি বিন্দুও আসিল না। তখন রাজাও অন্তঃপুরে গিয়া লীলাদেবীকে বলিলেন, দেবি! সমস্ত রাজ্য একজন কবিকে দিয়া ফেলিয়াছি। সেই হেতু আমার সহিত তপোবনে আইস। এই ফাঁকে সেই বিদ্বান্ও দ্বারদেশে বহির্গত হইয়াছিলেন। অমাত্য বুদ্ধিসাগর বুঝিতে পারিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন, বিদ্বান্! রাজা আপনাকে কি দিয়াছেন? তিনি বলিলেন, কিছুই নয়। তখন অমাত্য বলিলেন, আচ্ছা, সেখানে পঠিত শ্লোক পাঠ করুন ত। তারপর কবি শ্লোক চারিটি পড়িলেন। তাহা শুনিয়া অমাত্য বলিলেন, সুকবে! তোমাকে এক কোটি দ্রব্য দেওয়া যাইতেছে; কিন্তু ইহার জন্য তোমাকে যাহা কিছু রাজার দেওয়া হইবে, তাহা তুমি বিক্রয় কর। কবি তাহাই করিলেন। তারপর এক কোটি দ্রব্য দিয়া কবিকে পাঠাইয়া দিয়া অমাত্য রাজার নিকটে আসিয়া উপস্থিত হইয়াছিলেন।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

तदा राजा च तमाह, "बुद्धिसागर! राज्यमिदं सर्वं दत्तं कवये, पत्नीभिः सह तपोवनं गच्छामि। तत्र तपोवने तवापेक्षा यदि, मया सहागच्छे"ति। ततोऽमात्यः प्राह,—"देव! कविना कोटिद्रव्यमूल्येन राज्यमिदं विक्रीतं, कोटिद्रव्यञ्च विदुषे दत्तम्, अतो राज्यं भवदीयमेव, भुङ्क्ष्वे"ति। तदा राजा च बुद्धिसागरं विशेषेण सम्मानितवान्॥ १३॥

अन्यदा राजा मृगयारसेनाटवीमटन् ललाटन्तपे तपने खिन्नदेहः, पिपासापर्य्याकुलस्तुरगमारुह्य उदकार्थं निकटतट-भुवमटन् तदलब्ध्वा परिश्रान्तः कस्यचिन्महातरोः अधस्ता-दुपविष्टः। तत्र काचिद्गोपकन्या सुकुमारमनोज्ञसर्वाङ्गा यदृच्छया धरानगरं प्रति तक्रं विक्रेतुकामा तक्रभाण्डञ्चोद्वहन्ती

সেই সময়ে রাজাও তাঁহাকে বলিলেন, বুদ্ধিসাগর! কবিকে এই সমস্ত রাজ্য দান করিয়াছি। আমি এখন পত্নীদিগের সহিত তপোবনে যাইতেছি। সেই তপোবনে তোমার যদি প্রয়োজন থাকে, তবে আমার সহিত আইস। সে কথা শুনিয়া অমাত্য বলিলেন, মহারাজ! সেই কবি কোটি দ্রব্য মূল্যে এই রাজ্য বিক্রয় করিয়া গিয়াছেন। বিদ্বান্‌কে কোটি দ্রব্য দেওয়াও হইয়াছে। অতএব রাজ্য আপনারই রহিয়াছে। ভোগ করুন। তখন সমস্ত জানিতে পারিয়া রাজা বুদ্ধিসাগরকে বিশেষ করিয়া সম্মানিত করিয়াছিলেন। ১৩।

অন্য এক সময়ে রাজা মৃগয়ায় আসক্তিবশতঃ বনভ্রমণ করিতে সূর্য্য ললাটতাপকারী হইলে খিন্নদেহে পিপাসায় পর্য্যাকুল হইয়া ঘোটকে আরোহণ করিয়া জল পাইবার জন্য নিকটস্থ প্রদেশে ভ্রমণ করিয়া বেড়াইয়াছিলেন এবং জল না পাইয়া পরিশ্রান্তভাবে কোন এক মহাতরুর নিম্নে উপবেশন করিয়াছিলেন। সেইস্থলে কোনও এক গোপকন্যা মনোহর ও সুকুমার সকল অঙ্গে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

সমাগচ্ছতি। তামাগচ্ছন্তীং দৃষ্ট্বা রাজা পিপাসাবশাদে-
তদ্ভাণ্ডস্থং পেয়ঞ্চেৎ পিবামীতি বুদ্ধ্যাऽপৃচ্ছৎ, "তরুণি! কিমা-
বহসী"তি? সা চ তন্মুখশ্রিয়া ভোজং মত্বা, তৎপিপাসাঞ্চ
জ্ঞাত্বা, তন্মুখাবলোকনবশাচ্ছন্দোরূপেণাহ,—

"হিমকুন্দশশিপ্রভশঙ্খনিভং, পরিপক্ককপিত্থসুগন্ধরসম্।
যুবতীকরপল্লবনির্মথিতং, পিব হে নৃপরাজ! রুজাপহম্॥"

রাজা তচ্চ তক্রং পীত্বা তুষ্টঃ তাং প্রাহ,—"সুভ্রু! কিং তবাভীষ্টমি"তি? সা চ কিঞ্চিদাবিষ্কৃতযৌবনা মদপরবশমোহাকুলনয়না প্রাহ,—"দেব! মাং কন্যামেবাবেহি।" সা পুনরাহ,—

"ইন্দুং কৈরবিণীব, কোকপটলীবাম্ভোজিনীবল্লভং,
মেঘং চাতকমণ্ডলীব, মধুপশ্রেণীব পুষ্পব্রজম্।

বিরাজিত হইয়া যদৃচ্ছাক্রমে ধারানগরে যাইয়া তক্র বিক্রয় কামনায় তক্রভাণ্ড (ঘোলের হাঁড়ী) বহন করিয়া আসিল। তাহাকে আসিতে দেখিয়া রাজা পিপাসাবশতঃ 'এই ভাণ্ডে যদি জল হয়, তবে তাহা আমি পান করিব' এই নিশ্চয় করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন,—যুবতি! তুমি কি বহিয়া লইয়াছ? সে তাঁহার মুখশ্রী দ্বারা ভোজ মনে করিয়া, এবং তাঁহার পিপাসা জানিয়া তাঁহার মুখ অবলোকন বশতঃ কবিতারূপে বলিল,—হে রাজরাজেশ্বর! হিম, কুন্দপুষ্প, ও চন্দ্রের প্রভার ন্যায় প্রভাসম্পন্ন শঙ্খের সদৃশ ধবল, সুপক্ক কপিত্থের গন্ধ ও রসের ন্যায় সুগন্ধ ও সুরস, যুবতীদিগের করপল্লব দ্বারা নির্ম্মথিত রোগাপহারী তক্র পান কর। রাজা সেই তক্র পান করিয়া তুষ্ট হইয়া তাহাকে বলিলেন,—হে সুভ্রু! তোমার অভীষ্ট কি? সেও তাহার অল্পমাত্র যৌবন আবিষ্কৃত হইয়াছে বলিয়া নবযৌবনমদের অধীন রূপজমোহে আকুলনয়না হইয়া বলিল,—

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

माकन्दं पिकसुन्दरीव, रमणीवात्मेश्वरं प्रोषितं,
चेतोवृत्तिरियं सदा नृपवर। त्वां द्रष्टुमुत्कण्ठते ॥"

राजा चमत्कृतः प्राह,—"सुकुमारि! त्वां लीलादेव्या अनुमत्या स्वीकुर्म्म" इति। धारानगरं नीत्वा तां तथैव स्वीकृतवान् ॥ १४ ॥

कदाचिद्राजाभिषेके कस्याश्चित् मदिराक्ष्याः करतलगलितो हेमकलशः सोपानपंक्तिषु रठन्नेवं पपात। ततो राजा सभायामागत्य कालिदासं प्राह,—"सुकवे! एनां समस्यां पूरय—"ठठं ठठं ठं ठठठं ठठं ठम्।"

तदा कालिदासः प्राह,—

"राजाभिषेके मदविह्वलाया, हस्ताच्च्युतो हेमघटो युवत्याः।
सोपानमार्गेषु चकार शब्दं, ठठं ठठं ठं ठठठं ठठं ठम् ॥"

মহারাজ! আমাকে কুমারীই জানিবেন। সে আবারও বলিল,—হে নৃপবর! কৈরবিণী যেমন চন্দ্রকে, পদ্মিনীবল্লভ সূর্য্যকে যেমন চক্রবাকমণ্ডলী, চাতকমণ্ডলী যেমন মেঘকে, মধুকরশ্রেণী যেমন পুষ্পসমূহকে, কোকিলবধূ যেমন আম্রবৃক্ষকে রমণী যেমন প্রবাসগত প্রাণেশ্বরকে দেখিতে চায়, সেইরূপ আমার এই মনোবৃত্তি তোমাকে সর্ব্বদা দেখিতে উৎকণ্ঠিত হয়। রাজা আশ্চর্য্যান্বিত হইয়া বলিলেন,—সুকুমারি! লীলাদেবীর অনুমতিক্রমে তোমাকে স্বীকার করিব। ইহার পর তাহাকে ধারানগরে লইয়া গিয়া সেইরূপেই স্বীকার করিয়াছিলেন। ১৪।

কোনও এক সময়ে রাজার অভিষেককালে কামদেবের সম্মোহন ও উন্মাদন বাণে হত হওয়ায় কোনও এক মদিরাক্ষী যুবতীর করতল হইতে স্খলিত সুবর্ণ কলস সোপান (পৈঠা) শ্রেণীতে শব্দ করিতে করিতে পড়িয়াছিল। তারপর রাজা সভায় আসিয়া কালিদাসকে বলিলেন,—"ঠঠং ঠঠং ঠং ঠঠঠং ঠঠং ঠ।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

तदा राजा स्वाभिप्रायं ज्ञात्वाऽक्षरलक्षं ददौ ॥ १५ ॥

अन्यदा सिंहासनमलङ्कुर्वाणे श्रीभोजे कश्चिच्चोर आरक्षकै राजनिकटं नीतः। राजा तं दृष्ट्वा कोऽयमित्यपृच्छत्। तदा आरक्षकाः प्राहुः,—"देव! अनेन कुम्भिलकेन कस्मिंश्चिद्वेश्या-गृहे घातपातमार्गेण द्रव्याणि अपहृतानी"ति। तदा राजा प्राह,—"अयं दण्डनीय" इति। ततः भुक्कुण्डो नाम चोरः प्राह,—

"भट्टिर्नष्टो भारवीयोऽपि नष्टो,
भिक्षुर्नष्टो भीमसेनोऽपि नष्टः।

भट्टिरिति। भट्टिनामकः कविः नष्टः मष्टचरित्रः कुम्भिलक एव, भट्टिकाव्यादौ स्वप्रणीते च परेषां भावादीनां चौर्य्येण गृहीतत्वात्। ततो भारविनाम कविः, स हि-महाकुम्भिलक इति वेदितव्यः। भिक्षुर्दण्डी। भीमसेनोऽपि विराट-पाकशालायाम्।

এই সমস্যার- পূরণ কর। তখন কালিদাস বলিলেন,—রাজার অভিষেককালে মদবিহ্বলা যুবতীর হস্ত হইতে প্রচ্যুত স্বর্ণকলস সোপানপথে 'ঠঠং ঠঠং ঠং ঠঠঠং ঠঠং ঠম্' শব্দ করিতেছিল। তখন রাজা নিজের অভিপ্রায় ব্যক্ত হইয়াছে জানিয়া অক্ষর পরিমাণে লক্ষমুদ্রা দিয়াছিলেন ॥ ১৫ ॥

অন্য এক সময়ে শ্রীমান্ ভোজরাজ সিংহাসন অলঙ্কার করিতে থাকিলে, কোনও এক চোর আরক্ষকদিগদ্বারা (থানাওয়ালাগণ দ্বারা, দারোগা বাবুদিগ দ্বারা) রাজার নিকটে নীত হইয়াছিল। তাহাকে দেখিয়া রাজা জিজ্ঞাসা করিলেন,—এ কে? তখন আরক্ষকগণ (থানেশ্বর) বলিল,—মহারাজ! এই বেটা কুম্ভিলক কোনও এক বেশ্যার গৃহে সিঁদ কাটিয়া সেই পথ দিয়া অনেক দ্রব্য চুরি করিয়াছে। তখন রাজা বলিলেন,—ইহাকে দণ্ড দিতে হইবে। সেই কথা শুনিয়া সেই ভুক্কুণ্ডনামক চোর বলিল,—

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

भुक्कुण्डोऽहं भूपतिस्त्वं हि राजन्।
भ-भ्वापङ्क्तावन्तकः सन्निविष्टः॥"

तदा राजा प्राह,—"भो भुक्कुण्ड! गच्छ गच्छ यथेच्छं विहर॥" १६॥

कदाचिद्भोजो मृगयापर्य्याकुलः वने विचरन् विश्रमाविष्ट-हृदयः कश्चित्तटाकमासाद्य स्थितवान् श्रमात् प्रसुप्तः। ततोऽपरपयोनिधिकुहरं गते भास्करे,—

भैमव्याकरणादिकृत् कश्चित् भभ्वापङ्क्तौ भात् भूपर्य्यन्तं या आपङ्क्तिरादिवर्णश्रेणी, तस्यां त्वं अन्तकः सन्निविष्टः अन्ते सन्निविष्टः भू-पतिरिति, स्वे षात् त्वं यमरूपः कुम्भिलकः सर्व्वेषां भक्षक एव, बहूनां ग्रन्थानां विरचनेन किं न चौरितं, न जाने। त्वञ्च चौरचक्रवर्त्त्यसि इति अन्तकः शासको मे भवसीति युक्तमिति भावः॥ १६॥

ভট্টিনামক মহাকবি অনেকের ভাব চুরি করিয়া নষ্ট হইয়াছেন; ভারবিকাব্যের কবি ভারবি ত মহাকুম্ভিলক; সুতরাং তিনিও নষ্ট; ভিক্ষুব্রতধারী দণ্ডীমহারাজ দশকুমারচরিতকাব্যে আগাগোড়া চুরি করিয়া নষ্ট হইয়াছেন; ভীমসেনও (ধাতুপাঠ, ভৈমব্যাকরণ ও অলঙ্কারাদিপ্রণেতা) নষ্ট হইয়াছেন;—আমি ভুক্কুণ্ড ত ধরাই পড়িয়াছি; তুমি ভূপতি বড় ছোট চোর নহ, (বহু গ্রন্থ রচনা করিয়াছ বলিয়া কি যে চুরি না করিয়াছ, তাহা বলিতে পারি না। অতএব ভ, ভা, ভি, ভী, ভু ও ভূর মধ্যে তুমি শেষে আছ বলিয়া তুমি সকল চোরের যম চোরচক্রবর্ত্তী; সুতরাং তুমিই শাসক আমার হইতে পার বটে!) এই কথা শুনিয়া রাজা বলিলেন, ও ভুক্কুণ্ড! আরে যাও যাও, যেখানে ইচ্ছা বেড়াইয়া বেড়াও গিয়া। ১৬।

কোনও একদিন ভোজ মৃগয়াব্যাপৃত হইয়া বনে বিচরণ করিতে করিতে অত্যন্ত ক্লান্ত হওয়ায় বিশ্রামের আবেশে (ঝোঁকে নেশায়) আবিষ্টহৃদয়ে কোনও একটি তড়াগে গিয়া বসিয়াছিলেন, এবং অতিরিক্ত পরিশ্রম হেতু ঘুমাইয়াও

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

'তত্রৈবারোচত নিশা তস্য রাজ্ঞঃ সুখপ্রদা ।
চঞ্চচ্চন্দ্রকরানন্দসন্দোহপরিকন্দলা ॥'

ততঃ প্রত্যূষসময়ে নগরীং প্রতি প্রস্থিতো রাজা চরমগিরি-নিতম্বলম্বমানশশাঙ্কবিম্বমবলোক্য সকুতূহলঃ সভামাগত্য তদা সমীপস্থান্ কবীন্দ্রান্ নিরীক্ষ্য সমস্যামেকামবদত্,—

"চরমগিরিনিতম্বে চন্দ্রবিম্বং ললম্বে ॥"

তদা প্রাহ ভবভূতিঃ,—

"অরুণকিরণজালৈরন্তরিক্ষে গতর্ক্ষে,"

ততো দণ্ডী প্রাহ,—

"চলতি শিশিরবাতে মন্দমন্দং প্রভাতে ॥"

তত্রেতি । চঞ্চতঃ প্রাপ্নুবতশ্চন্দ্রকরস্য চন্দ্ররশ্মেরানন্দসন্দোহেন সুখসমবায়েন পরিকন্দলা উপরক্তা চন্দ্রকরস্পর্শসুখব্যাপ্তা অতএব সুখপ্রদা সুখদায়িনী সতী নিশা তস্য প্রসুপ্তস্য রাজ্ঞস্তত্রৈব অরোচত অচকাশত্, সুখময়ী রাত্রির্জাতা ইত্যর্থঃ । অরুণেতি । গতং ভ্রষ্টং ঋক্ষং নক্ষত্রমণ্ডলং যত্র, তত্তথা তস্মিন্ । শিশিরবাতে শিশির-পড়িয়াছিলেন। তারপর ভাস্কর পশ্চিম সমুদ্রের মধ্যে প্রবিষ্ট হইয়া গেলে, সেইখানেই প্রাপ্ত চন্দ্রকরের প্রচুর আনন্দে ভরা, সুখদায়িনী রাত্রি সেই প্রসুপ্ত রাজার নিকটে প্রকাশিত হইয়াছিল (রাজার নিকটে রাত্রিটা বড় সুখের বলিয়া বোধ হইয়াছিল)। তারপর নিদ্রা ভাঙ্গিলে, ঊষাকালে রাজা নগরে যাইবার জন্য বহির্গত হইয়া অস্তপর্ব্বতের তটপ্রদেশে অধোভাবে পতিত চন্দ্রমণ্ডল দর্শন করিয়া কুতূহলবশতঃ সভায় আসিয়া সর্ব্বদা সমীপে স্থিত কবীন্দ্রসকলকে দেখিয়া (লক্ষ্য করিয়া) একটি সমস্যা বলিয়াছিলেন,—'চরমগিরিনিতম্বে চন্দ্রবিম্ব ভ্রষ্ট হইয়াছিল।' তাহা শুনিয়া ভবভূতি বলিলেন,—অরুণের করসকলদ্বারা আকাশ-প্রদেশে তারাগণ অদৃশ্য হইলে। তারপর দণ্ডী বলিলেন,—প্রভাতকালে শীতল

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततः कालिदासः प्राह:,—

"युवतिजनकदम्बे नाथमुक्तौष्ठबिम्बे,
चरमगिरिनितम्बे चन्द्रबिम्बं ललम्बे ॥"

ततो राजा सर्वानपि सम्मानितवान्, तत्र कालिदासं विशेषतः पूजितवान् ॥ १७ ॥

इति श्रीमद्राजराजेश्वरबल्लालसेनसूरिविरचिते भोजप्रबन्धे काव्यविलासे समस्याविनोदप्रबन्धो नाम दशमः परिच्छेदः ॥१०॥

युक्तवायौ। युवतिजनसमूहे नाथेन मुक्तं परित्यक्तं ओष्ठबिम्बं बिम्बौष्ठं यस्य युवतिजनकदम्बस्य, तत्तथा तस्मिन् नाथत्यक्ताधरे सति चरमगिरेरस्तपर्व्वतस्य पश्चिमगगनस्य नितम्बे पार्श्वदेशे तटे वा चन्द्रबिम्बं चन्द्रस्य मण्डलं ललम्बे अस्रंसत् भ्रष्टमित्यर्थः। अस्मिन् समये भुक्तोच्छिष्टा युवतयो नितम्बे चन्द्रहारादिभूषणं वसनञ्च परिधाय निष्कासत इति व्यवहारध्वनिरत्र द्रष्टव्यः। विशेषतः स्वाभिप्रेतव्यवहारध्वनेः प्रदर्शनाद्धेतोरिति ॥ १७ ॥

श्रीमन्महामहोपाध्यायपदवाक्यप्रमाणपारावारपारीणभैरवचन्द्रविद्यासागरभट्टाचार्य्य-
सूरिसूनुश्रीकृष्णविद्यारत्नभट्टाचार्य्यात्मजस्य श्रीगङ्गाचरणवेदान्तविद्यासागर-
भट्टाचार्य्यस्य कृतौ भोजप्रबन्धटीकायां काव्यविलासे समस्याविनोद-
प्रबन्धो नाम दशमः परिच्छेदः ॥ १० ॥

বায়ু ধীরে ধীরে বহিতে থাকিলে। তারপর কালিদাস বলিলেন;—নাথগণ দ্বারা যুবতিগণের বিম্বোষ্ঠসকল পরিত্যক্ত হইলে চন্দ্রবিম্ব (চন্দ্র, চন্দ্রহার) শেষ পর্ব্বতের নিতম্বদেশে বিলম্বিত (ঝুলিয়া) হইয়া পড়িয়াছিল। সেই সকল শ্রবণ শুনিয়া রাজা সকলকেই সম্মানিত করিয়াছিলেন; কিন্তু বিশেষ করিয়া কালিদাসের পূজা করিয়াছিলেন ॥ ১৭ ॥

ইতি শ্রীমদ্রাজরাজেশ্বর-বল্লালসেন-সূরিবিরচিতে ভোজপ্রবন্ধে কাব্যবিলাসে
সমস্যাবিনোদপ্রবন্ধনামক দশম পরিচ্ছেদ ॥ ১০ ॥

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

अथ स्वैद्यचिकित्साप्रबन्धः ।

अथ कदाचिद्भोजः नगराद्बहिर्निर्गतः नूतनेन तटाकाम्भसा बाल्यसाधितकपालशोधनादि चकार। तन्मूलेन कश्चन शफरशावः कपालं प्रविष्टो विकटकरोटिकानिकटघटितो विनिर्गतः। ततो राजा स्वपुरीमवाप। तदारभ्य राज्ञः कपाले वेदना जाता। ततस्तत्रत्यैर्भिषग्वरैः सम्यक् चिकित्सितापि न शान्ता। एवमहर्निशं नितरामस्वस्थे राज्ञि अमानुषविदितेन महारोगेण,—

एवं समस्याविनोदसुखेन कालेऽतिवाहिते सति। बाल्यात् प्रभृति साधितमनुष्ठितं कपालशोधनादि भालभातिप्रभृति हठयोगकर्म ; यथोपदिष्टं शिवसंहितायां—"वातक्रमेण व्युत्क्रमेण शीत्क्रमेण तथैव च। भालभातिं त्रिधा कुर्य्यात् कफदोषप्रशान्तये।" इति। तत्र नागिनीमुद्रयाऽऽकण्ठनिमग्नेन नासाविलाभ्यां जलमुद्गम्यते यत्र, स एव वातक्रमो वातक्रम इवेति। तन्मूलेन तेनैव निदानेन, शफरशावः प्रोष्ठीमत्स्यवत्सः कश्चिन्मत्स्यवत्स इति वक्तव्यम्। विकटयोः करोटिकयोः शिरसोऽस्थ्नोः निकटे घटितः सङ्घटितः सङ्घृष्टस्यक्तशल्क इति यावत्। अमानुषविदितेन

এইরূপে সমস্যাবিনোদসুখে কাল অতিবাহিত হইতে থাকিলে, কোনও এক সময়ে ভোজ নগর হইতে বাহিরে চলিয়া গিয়া নূতনতড়াগজলে বাল্যকাল হইতে অভ্যস্ত কপালশোধনপ্রভৃতি ধৌতীকরণ কার্য্য করিয়াছিলেন। তাহাই মূল করিয়া কোনও একটি মৎস্যবৎস (পুঁটি মাছের বাচ্ছা) কপালে প্রবিষ্ট হইয়া বিকটাকার কপালাস্থিফলকে ঘর্ষণদ্বারা শল্কত্যাগ করিয়া (আঁইস ছাড়িয়া) বহির্গত হইয়া গিয়াছিল। তারপর রাজা নিজপুরে আসিয়াছিলেন। সেই হইতে রাজার কপালে বেদনা জন্মিয়াছিল। তজ্জন্য ভাল ভাল চিকিৎসক ডাকিয়া দেখান,

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

'क्षामं क्षाममभूद्वपुर्गतसुखं हेमन्तकालेऽब्जवत्;
वक्त्रं निर्गतकान्ति राहुवदनाक्रान्ताब्जविम्बोपमम्।
चेतः कार्य्यपदेषु तस्य विमुखं क्लीवस्य नारीष्विव,
व्याधिः पूर्णतरो बभूव विपिने शुष्के शिखावानिव॥' १॥

एवमतीते संवत्सरेऽपि काले न केनापि निवारितः स गदः। ततः श्रीभोजो नानाविधसमानौषधग्रसनरोगदुःखितमनाः समीपस्थं शोकसागरनिमग्नं बुद्धिसागरं कथमपि संयताश्चरा-सुवाच वाचम्,—"बुद्धिसागर! इतः परमस्मद्विषये न कोऽपि

मानुषैरविदितेन योगिविदितेनेत्यर्थः। महारोगेण महता रोगेण दुश्चिकित्स्येनेत्यर्थः। न तु महारोगलक्षणाक्रान्तेन, विवक्षाया अभावात्। क्षाममिति। क्षीणं क्षीणं। राहोर्वदनेन आक्रान्तस्य ग्राससम्बद्धस्य अब्जस्य चन्द्रस्य बिम्बं मण्डलं उपमा सादृश्यं यस्य, तत्तथा निर्गतकान्ति प्रभाहीनम्। कार्य्यपदेषु करणीयकर्म्मसु। विमुखं पराङ्मुखम्। शिखावान् अग्निरित्यर्थः॥ १॥

হইলে, এবং সেখানকার ভিষগ্বরকর্ত্তৃক সেই বেদনা উত্তমরূপে চিকিৎসিত হইলেও শমতা পায় নাই। এইরূপে দিন রাত ধরিয়া রাজা নিতান্ত অপ্রকৃতিস্থ হওয়ায় মানুষের অবিদিত সেই দুশ্চিকিৎস্য রোগ দ্বারা শরীর সুখহীন হইয়া হেমন্তকালের পদ্মের ন্যায় ক্ষীণ হইতেও ক্ষীণতর হইয়াছিল। মুখ কান্তিশূন্য হইয়া রাহুর মুখে গ্রস্ত চন্দ্রের সদৃশ হইয়াছিল। নারীর নিকট ক্লীবের ন্যায় তাঁহার চিত্ত কর্ত্তব্যকার্য্যেও বিমুখ হইয়াছিল। দেখিতে দেখিতে শুষ্কবনের বহ্নির ন্যায় ব্যাধি সম্পূর্ণরূপে বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছিল॥ ১॥

এইরূপে এক বৎসর কাল কাটিয়া গেলেও কেহই তাঁহার রোগ নিবারণ করিতে পারে নাই। তারপর শ্রীমান্ ভোজ নানাবিধ একই প্রকারের ঔষধ গেলা-রোগে মনে মনে আরও দুঃখ পাইয়া নিকটস্থ শোকসাগরনিমগ্ন বুদ্ধিসাগরকে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ভিষগ্বরো বসতিমাতনোতু। বাগ্‌ভটাদিভিষজকোশান্‌ নিখিলান্‌ স্রোতসি নিরস্যাগচ্ছ। মম দৈবসমাগমসময়ঃ সমাগত” ইতি। তচ্ছ্রুত্বা সর্বেঽপি পৌরজনাঃ কবয়শ্চ অবরোধসমাজাশ্চ বিগলদস্রাসারনয়না বভূবুঃ ॥ ২ ॥

ততঃ কদাচিদ্দৈবসভায়াং পুরন্দরঃ সকলমুনিবৃন্দমধ্যস্থং বীণামুনিমাহ,—“মুনে! ইদানীং ভূলোকে কা নাম বার্ত্তে”তি? ততঃ নারদঃ প্রাহ,—“সুরনাথ! ন কিমপ্যাশ্চর্য্যং; কিন্তু ধারানগরবাসী শ্রীভোজভূপালো রোগপীড়িতো নিতরামস্বস্থো বর্ত্ততে। স তস্য রোগঃ কেনাপি ন নিবারিতঃ। তদনেন ভোজনৃপালেন ভিষগ্বরা অপি স্বদেশান্নিষ্কাসিতাঃ, বৈদ্যশাস্ত্রমপি অনৃতমিতি

অতি কষ্টে অল্প কথায় কিছু বলিলেন, বুদ্ধিসাগর! ইতঃপর আমার দেশে কোনও ভিষগ্বর আর বাস বিস্তার করিতে পারিবে না। আর বাহ্বট প্রভৃতি ভেষজকোষ-গ্রন্থ গুলা সমস্তই স্রোতে ফেলিয়া দিয়া আইস। আমার দেবতার সঙ্গে মিলিবার সময় উপস্থিত হইয়াছে। সে কথা শুনিয়া পুরবাসী সকলে, কবি সকলে, এবং অন্তঃপুরস্থ রাজপত্নী সকলে চক্ষুতে অশ্রুধারার সম্বরণ করিয়া থাকিতে পারেন নাই। সকলেই চক্ষের জল ফেলিয়াছিলেন। ২ ॥

তারপর কোনও এক সময়ে সুধর্ম্মানামক দেবসভায় দেবরাজ ইন্দ্র সকল-মুনিবৃন্দমধ্যস্থ বীণামুনি নারদকে বলিলেন, মুনে! এখন ভূলোকে নূতন সংবাদ কি? তাহা শুনিয়া নারদ বলিলেন, সুরনাথ! নূতন কিছুই নাই। তবে ধারানগরবাসী শ্রীমান্‌ ভোজরাজ রোগপীড়িত হইয়া নিতান্ত অপ্রকৃতিস্থ হইয়া পড়িয়াছেন। তাঁহার সে রোগ কেহই নিবারণ করিতে পারে নাই। সেই হেতু এই ভোজরাজ নিজের দেশ হইতে সমস্ত কবিরাজমহাশয়দিগকে নির্ব্বাসিত করিয়াছেন। বৈদ্যশাস্ত্রও মিথ্যা, এই বলিয়া তাহাও সমস্ত জলে ফেলিয়া

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

निरस्तम्।" एतदाकर्ण्य पुरुहूतः समोपस्थौ अश्विनीकुमारा-विदमाह,—"भोः स्ववैंद्यौ! कथमनृतं धन्वन्तरीयं शास्त्रम्।" तदा तावाहतुः,—"अमरेश! देव! न व्यलीकमिदं शास्त्रं, किन्त्वमरविदितेन रोगेण बाध्यतेऽसौ भोज" इति। इन्द्रः प्राह,—"कोऽसाववार्य्यरोगः? किं भवतोर्विदितः"? ततस्ता-वूचतुः,—"देव! भोजेन कपालशोधने कृते तदा प्रविष्टः पाठीनः। तन्मूलोऽयं रोग" इति। तदा इन्द्रः स्मयमानमुखः प्राह,—"तदिदानीमेव युवाभ्यां गन्तव्यं, नचेदितः परं भूलोके भिषक्शास्त्रस्यासिद्धिर्भवेत्; स खलु सरस्वतीविलासस्य निके-तनं, शस्त्राणामुद्धर्त्ता चे"ति। ततः सुरेन्द्रादेशेन तावुभावपि धृतद्विजवेषौ धारनगरं प्राप्य द्वारस्थं प्राहतुः—"द्वारस्थ! आवां भिषजौ काशीदेशादागतौ श्रीभोजाय विज्ञापय। तेनानृत-मित्यङ्गीकृतं वैद्यशास्त्रमिति श्रुत्वा तत्प्रतिष्ठापनाय तद्रोग-

---

দিয়াছেন। এই কথা শুনিয়া দেবরাজ ইন্দ্র সম্মুখে স্থিত স্বর্বৈদ্য অশ্বিনীকুমারদ্বয়কে এই বলিলেন, ওহে স্বর্বৈদ্যযুগল! কি হে! ধন্বন্তরিপ্রণীত শাস্ত্র মিথ্যা হইল কিপ্রকারে? সে কথা শুনিয়া তাঁহারা দুইজনেই বলিলেন,—দেব অমরেশ্বর! এ শাস্ত্র মিথ্যা হইবার নহে; কিন্তু দেববিদিত রোগে এই ভোজ পীড়িত হইয়াছেন; (সুতরাং মানুষচিকিৎসায় কি হইবে?)। ইন্দ্র বলিলেন, এই রোগটি কি যে, মানুষের নিবারণীয় নহে? তোমরা দুইজনে কি জান? তাহা শুনিয়া তাঁহারা দুইজনে বলিলেন, দেবরাজ! ভোজ কপালশোধন করিয়াছিলেন। তখন একটা মৎস্যবৎস (পাঠীন) কপালে প্রবিষ্ট হইয়াছিল। এ রোগের সেই হইল আদিকারণ। তাহা শুনিয়া ঈষদ্ধাস্যমুখে বলিলেন, তাহা হইলে এখনই আপনাদের দুইজনের যাইতে হইবে। নতুবা ইতঃপর ভূলোকে বৈদ্যকশাস্ত্র

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

নিবারণায় আগতৌ চে"তি। ততো দ্বারস্থঃ প্রাহ,—"ভো বিপ্রৌ! ন কোঽপি ভিষক্প্রবরঃ প্রবেষ্টব্য ইতি রাজ্ঞোজ্ঞম্। রাজা তু কেবলমস্বস্থঃ, নায়মবসরো বিজ্ঞাপনস্যে"তি। তস্মিন্ ক্ষণে কার্য্যবশাদ্বহির্নির্গতো বুদ্ধিসাগরস্তৌ দৃষ্ট্বা "কৌ ভবন্তৌ" ইত্যপৃচ্ছৎ। ততস্তৌ যথাপূর্বমূচতুঃ। ততো বুদ্ধিসাগরেণ তৌ রাজ্ঞঃ সমীপং নীতৌ। ততো রাজা তাববলোক্য মুখশ্রিয়া অমানুষাবিতি বুদ্ধা "আভ্যাং শক্যতেঽয়ং রোগো নিবারয়িতুমি"তি নিশ্চিত্য তৌ বহু মানিতবান্। ততস্তাবূচতুঃ,—"রাজন্! ন ভেতব্যং, রোগো নির্গতঃ। কিন্তু কুত্রচিদেকান্তে ত্বয়া ভবিতব্য-

---

আর দেখা যাইবে না। জান ত তিনি সরস্বতীর ক্রীড়ার আশ্রয়, এবং সকল শাস্ত্রের উদ্ধারকর্ত্তা। তারপর দেবরাজের আদেশে তাঁহারা দুইজনেই ব্রাহ্মণের বেশ ধারণ করিয়া ধারানগরে আসিয়া দ্বারস্থ দৌবারিককে বলিলেন, ওহে দৌবারিক! আমরা দুইজনই কবিরাজ কাশীদেশ হইতে আসিয়াছি। শ্রীমান্ ভোজরাজকে বিজ্ঞাপিত কর। তিনি সমস্ত বৈদ্যশাস্ত্র মিথ্যা বলিয়া স্বীকার করিয়া লইয়াছেন। এই কথা শুনিয়া তাহার সত্যফলকতা প্রতিষ্ঠাপিত করিবার জন্য, এবং তাঁহার রোগ নিবারণ করিবার জন্যও বটে। সে কথা শুনিয়া দৌবারিক বলিল,—হে ব্রাহ্মণদ্বয়! কোনও কবিরাজ প্রবেশ করাইবে না, রাজা এইরূপ আদেশ করিয়াছেন। রাজা ত এখন সর্ব্বদাই অপ্রকৃতিস্থ। মহাশয়দ্বয়! এখন বিজ্ঞাপন করিবার অবসর হইবে না। তখনই কোনও কার্য্যবশতঃ বুদ্ধিসাগর বাহিরে আসিয়া তাঁহাদিগের দুইজনকে দেখিয়া 'আপনারা দুইজন কে?' ইহা জিজ্ঞাসা করিয়াছিলেন। তারপর তাঁহারা যেজন্য আসিয়াছেন বলিলেন। তাহা শুনিয়া বুদ্ধিসাগর তাঁহাদিগের দুইজনকে রাজার নিকটে লইয়া গেলেন। তাঁহারা উপস্থিত হইলে রাজা তাঁহাদের দুইজনকে দেখিয়া মুখশ্রী দ্বারা অপূর্ব্বমানুষদ্বয়

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

मि"ति। ततः राज्ञापि तथा कृतम्। ततस्तावपि राजानं मोहचूर्णेन मोहयित्वा शिरःकपालमादाय तत्करोटिकापुटे स्थितं शफरकुलं गृहीत्वा कस्मिंश्चिद्भाजने निक्षिप्य सन्धान-करण्या कपालं यथावदारच्य सञ्जीवन्या च तं जीवयित्वा तस्मै तददर्शयताम्। तदा तद् दृष्ट्वा राजा विस्मितः "किमेतदि"ति तौ पृष्टवान्। तदा तावूचतुः "राजन्! त्वया बाल्यादारभ्य परिचितकपालशोधनतः संप्राप्तमिदमि"ति। ततो राजा तावा-श्विनौ मत्वा, तच्छोधनार्थमपृच्छत्,—"किमस्माकं पथ्य-मि"ति। ततस्तावूचतुः,—

বুঝিয়া 'ইহারা দুইজনেই এ রোগ নিবারণ করিতে সক্ষম হইবেন' এই নিশ্চয় করিয়া তাঁহাদিগকে বহু সম্মান করিলেন। তারপর তাঁহারা বলিলেন, রাজন্! ভয় নাই। রোগ নিবারিত হইয়াছে জানিবেন। তবে আপনাকে কোনও নির্জ্জন স্থানে যাইয়া থাকিতে হইবে। সে কথা শুনিয়া রাজাও তাহাই করিলেন। সেখানে তাঁহারা দুইজনেও যাইয়া মোহচূর্ণ দ্বারা মোহিত করিয়া (হতসংজ্ঞ) শিরঃকপাল কাটিয়া পৃথক্ করিয়া তাহার করোটিকাযুগলে স্থিত শফরের (পুঁটি মাছের) কুল (শল্ক, অস্থিবিশেষ) বাহির করিয়া লইয়া কোনও এক ভাজনে (পাত্রে) ফেলিয়া সন্ধানকরণী (যোড়ালাগানোর) প্রণালী দ্বারা কপাল যেরূপ ছিল, সেইরূপ স্থাপন করিয়া এবং যোড়া লাগাইয়া সঞ্জীবনী প্রণালী দ্বারা তাঁহাতে চৈতন্য সম্পাদন করিয়া সেই মৎস্যশল্ক তাঁহাকে দেখাইয়াছিলেন। তখন তাহা দেখিয়া রাজা বিস্মিত হইলেন, এবং জিজ্ঞাসা করিলেন,—কি এটা? প্রশ্ন শুনিয়া তাঁহারা বলিলেন,—রাজন্! তুমি বাল্যকাল হইতে আরম্ভ করিয়া কপালশোধন কার্য্যে পরিচিত বলিয়া এইটি প্রাপ্ত হইয়াছ। (বিষয়ব্যস্ত ব্যক্তির অসাবধানতাবশতঃ এইরূপই ফলভোগ হইয়া থাকে।) তাঁহাদিগের ব্যাপার

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

"অশীতেনাম্ভসা স্নানং পয়ঃ পানং বরাঃ স্ত্রিয়ঃ।
এতদ্বো মানুষাঃ! পথ্যম্"

ইতি। তন্মধ্যে রাজা মধ্যে "মানুষা" ইতি সম্বোধনং শ্রুত্বা, "বয়ঞ্চেন্মানুষাঃ, কৌ যুবামি"তি? তয়োঃ হস্তৌ ঝটিতি স্বহস্তাভ্যাম্ অগ্রহীৎ। ততস্তৎক্ষণে এব তাবন্তর্দ্ধত্তৌ ব্রুবন্তাবেব "কালিদাসেন পূরণীয়ং তুরীয়চরণমি"তি। ততো রাজা বিস্মিতঃ সর্বানাহূয় তদ্বৃত্তমব্রবীৎ। তৎ শ্রুত্বা

অশীতেনেত্যাদি। অশীতেন উষ্ণেন অম্ভসা জলেন। পয়ঃ ক্ষীরম্ পানমুষ্ণমেব। বরাঃ বরারোহাঃ সুভগাঃ শ্রেষ্ঠাঃ স্ত্রিয়ো যুবতয়ঃ, সামর্থ্যাচ্চুক্রনিষ্কাসনস্য রক্ষনস্য চ। হে মানুষাঃ! বো যুষ্মাকমেতদেব পথ্যমপরোঽস্মতাদীনামভাবাৎ। 'কবীন্দ্রদুগ্ধ-

দেখিয়া রাজা তাঁহাদিগকে অশ্বিনীকুমার মনে করিয়া, জ্ঞানে ভ্রান্তি আছে কি না, তাহার স্থিরীকরণ জন্য জিজ্ঞাসা করিলেন,—আমাদিগের পথ্য কি? (আপনারা দেবতা; সুতরাং আপনাদের দ্বারা আমি চিকিৎসিত হইলাম বলিয়া আমাকে দেবভোগ্য পথ্য খাইতে হইবে, বা মানুষের পথ্যই চলিবে?) রাজার প্রশ্নার্থ বুঝিয়া তাঁহারা বলিলেন,—

'উষ্ণজলে স্নান, উষ্ণ দুগ্ধ পান, শ্রেষ্ঠ যুবতী সেবন, হে মনুষ্যপ্রবর! এই তোমাদিগের পথ্য' এই পর্য্যন্ত বলিলে রাজা তাহার মধ্যে 'মানুষ' বলিয়া সম্বোধন করিতে শুনিয়া 'আমরা যদি মানুষ, তবে আপনারা দুই জনে কি?' এই বলিয়া তাঁহাদিগের দুই হস্ত তাড়াতাড়ি নিজের দুই হস্ত দ্বারা ধরিয়া ফেলিলেন। রাজা এইরূপ করিলে তৎক্ষণেই তাঁহারা লীলাবিগ্রহ আকাশ মধ্যে লুকাইয়া ফেলিলেন, এবং বলিলেন,—চতুর্থচরণ কালিদাসের নিকট পূরণ করিয়া লইও। তাঁহারা অন্তর্দ্ধান করিলে পর, বিস্ময়ে অভিভূত হইয়া রাজা সকলকে আহ্বান করিয়া সেই ব্যাপার

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

सर्वेऽपि चमत्कृताः विस्मिताश्च बभूवुः। ततः कालिदासेन तुरीयचरणं पूरितम्,—

"स्निग्धमुष्णञ्च भोजनम् ॥" इति।

ततो भोजोऽपि कालिदासं लीलामानुषं मत्वा परं सम्मानितवान् ॥ ३ ॥

इति श्रीमद्राजराजेश्वरवल्लालसेनसूरिविरचिते भोजप्रबन्धे स्ववैद्यचिकित्साप्रबन्धो नामैकादशः परिच्छेदः ॥ ११ ॥

सेवनमित्यन्ये: कल्पयन्ति। स्निग्धं स्नेहगुणवत्। उष्णं उष्णवीर्य्यं पलान्नादि भोजनं भोज्यं द्रव्यमिति ॥ २ ॥

श्रीमन्महामहोपाध्यायपदवाक्यप्रमाणपारावारपारीण-भैरवचन्द्रविद्यासागरभट्टाचार्य्य-सूरिसूनु-श्रीकृष्णविद्यारत्नभट्टाचार्य्यात्मज-श्रीगङ्गाचरणवेदान्तविद्यासागर-भट्टाचार्य्यकृतौ भोजप्रबन्धटीकायां काव्यविलासे स्ववैद्य-चिकित्साप्रबन्धो नामैकादशः परिच्छेदः ॥ ११ ॥

বলিলেন। তাহা শ্রবণ করিয়া সকলেই আশ্চর্য্যান্বিত এবং বিস্ময়াবিষ্ট হইলেন। কালিদাসের নিকট বলিলে, কালিদাস চতুর্থ চরণ পূরণ করিলেন—স্নেহগুণ-সম্পন্ন ও উষ্ণবীর্য্য দ্রব্য হইতেছে ভোজন। কালিদাসের পূরণ শুনিয়া ভোজও কালিদাসকে লীলামানুষ মনে করিয়া যারপর নাই সম্মান করিয়াছিলেন। ৩।

ইতি শ্রীমদ্রাজরাজেশ্বরবল্লালসেনসূরিবিরচিতে ভোজপ্রবন্ধে স্ববৈদ্য চিকিৎসাপ্রবন্ধনামক একাদশম পরিচ্ছেদ। ১১।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

অথ মল্লিনাথকবিপরিচয়প্রবন্ধঃ ।

অথ ভোজনৃপালঃ প্রতিদিনং সঞ্জাতবলকান্তির্ববৃধে ধারাধীশঃ কৃষ্ণেতরপক্ষে চন্দ্র ইব। ততঃ কদাচিৎ সিংহাসনমলঙ্কুর্বাণে শ্রীভোজে কালিদাস-ভবভূতি-দণ্ডি-বাণ-ময়ূর-বররুচিপ্রভৃতি-কবিতিলককুলালঙ্কৃতায়াং সভায়াং দ্বারপাল এত্যাহ —"দেব ! কশ্চিৎকবির্দ্বারি তিষ্ঠতি । তেনেয়ং প্রেষিতা গাথাসনাথা চীঠিকা 'দেবসভায়াং নিক্ষিপ্যতামিতি" তদ্দর্শয়তি । রাজা গৃহীত্বা তাং বাচয়তি,—

"কাচিদ্বালা রমণবসতিং প্রেষয়ন্তী করণ্ডং,
দাসীহস্তাৎসভয়মলিখদ্ ব্যালমস্যোপরিস্থম্ ।

অথেতি। স্বর্বৈদ্যচিকিৎসানন্তরম্। ববৃধে বর্দ্ধতে স্ম, গুণতোঽবয়বতশ্চোপচিত ইত্যর্থঃ। ধারাধীশ ইতি পুনরুক্তিভিয়াঽন্যৈঃ পরিত্যক্তম্। গাথয়া সনাথা সহায়বতী লিখিতশ্লোকেতি যাবৎ। ইতি উক্ত্বা ইতি শেষঃ। দাসীহস্তাৎ দাসীহস্তে দত্ত্বা প্রেষয়ন্তী কাচিদ্ বালা যুবতী সভয়ং যথাস্যাৎ তথা, ব্যালং সর্পং অনন্তঃ কালোঽ-

এইরূপে স্বর্বৈদ্য আসিয়া চিকিৎসা করিয়া গেলে পর ধারার অধীশ্বর ভোজরাজ প্রতিদিন বল ও কান্তি লাভ করিয়া শুক্লপক্ষে চন্দ্রের ন্যায় বৃদ্ধি পাইয়াছিলেন। তারপর কোনও এক সময়ে শ্রীমান্ ভোজরাজ সিংহাসন অলঙ্কার করিয়া বসিলে কালিদাস, ভবভূতি, দণ্ডী, বাণ, ময়ূর, বররুচি প্রভৃতি কবিতিলক-সমূহে অলঙ্কৃত সভায় দ্বারপাল আসিয়া বলিল,—মহারাজ! কোনও এক কবি দ্বারে অবস্থান করিতেছেন। তিনি এই শ্লোকসনাথ চিঠি,'রাজসভায় দাও' বলিয়া পাঠাইয়াছেন। এই বলিয়া সেখানি দেখাইল। রাজা লইয়া পড়িলেন,—কোনও এক যুবতী নায়কের গৃহে পুষ্পপেটিকা দাসীর হস্তে দিয়া পাঠাইতে ভয়ে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

गौरीकान्तं पवनतनयं चम्पकं चात्र भावं,
पृच्छत्यार्य्यो निपुणतिलको मल्लिनाथः कवीन्द्रः ॥"

तत् श्रुत्वा सर्वापि विद्वत्परिषच्चमत्कृता। ततः कालिदासः प्राह,—"राजन्! मल्लिनाथः शीघ्रमाकारयितव्य" इति। ततो राजादेशात् द्वारपालेन स प्रवेशितः कवी राजानं स्वस्तीत्युक्त्वा तदाज्ञयोपविष्टः। ततो राजा प्राह तं कवीन्द्रं, "विद्वन्मल्लिनाथकवे! साधु रचिता गाथा।" तदा कालिदासः प्राह,—"किमुच्यते साध्विति? देशान्तरगतकान्तायाश्चारित्र-

---

स्तीति ज्ञापनार्थम्, तदुपरिस्थं गौरीकान्तं महादेवं संसारवैराग्यस्य जितकामस्य च नवन्तीं मूर्त्तिं, कान्तो मे जितकाम इति ज्ञापनार्थं शीघ्रागमनसम्भावनानिवृत्त्यर्थञ्च, पवनतनयं हनूमन्तं वियोगिन्या अवरुद्धायाय विरहवार्त्तायां उद्दीपनार्थम्, विरह-खिन्नाहमस्मीति ख्यापनार्थम्। चम्पकञ्च वृन्ते स्थित्वैव विशीर्णपत्रं भवतीति प्रायशः समवलोकनात् विशीर्णा म्रिये इति ज्ञापनार्थम्। केचिद्वासन्तिकमिदं रात्रौ स्फुटित-मिति कालस्मारकं मन्यन्ते। अत्र एषु भावप्रतिभटेषु भावं कं कथयितुं बोधकमूर्त्तिषु किमलिखदित्यभिसन्धिं आर्य्यः स्वामीत्युपाधिकः। निपुणं दक्षं तिलकं कामसूत्रादि-वर्णितपत्रच्छेदकविधिविषयं यस्य, स तथा, मल्लिनाथः नामतः, कवीन्द्रः पदवीवय पृच्छतीति ॥ १ ॥

ভয়ে একটি সর্প, তদুপরিস্থ গৌরীকান্ত শিব, পবনতনয় হনূমান্, এবং একটি চম্পকপুষ্প আঁকিয়া লিখিয়াছিল। তিলকশাস্ত্রে কুশল স্বামী মল্লিনাথকবীন্দ্র এইসকল বিষয়ের ভাব জিজ্ঞাসা করিতেছে, বল কেন এ সব লিখিল? সেই শ্লোক শুনিয়া পণ্ডিতসভা'শুদ্ধ' সকলেই চমৎকৃত হইয়া গিয়াছিল। সকলের সেই ভাব দেখিয়া কালিদাস বলিলেন,—রাজন্! মল্লিনাথকে শীঘ্র আহ্বান করান। তারপর রাজার আদেশ অনুসারে দ্বারপাল যাইয়া তাঁহাকে প্রবেশিত করিলে, কবি রাজাকে স্বস্তিবাক্যে আশীর্ব্বাদ করিয়া রাজার আজ্ঞায় উপবেশন

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

वर्णनेन स्लाघनीयोऽसि, विशिष्य तत्तद्भावप्रतिभटवर्णनेन।" तदा भवभूतिः प्राह,—"विशिष्यते इयं गाथा पंक्तिकण्ठो-द्यानवैरिणो वातात्मजस्य वर्णनादि"ति। ततः प्रीतेन राज्ञा तस्मै दत्तं सुवर्णानां लक्षं, पञ्च गजाश्च, दश तुरगाश्च दत्ताः। ततः प्रीतो विद्वान् स्तौति राजानम् ;—

"देव भोज ! तव दानजलौघैः, सोऽयमद्य रजनीति विशङ्के।
अन्यथा तदुदितेषु शिलागो-,भूरुहेषु कथमीदृग्प्रदानम् ? ॥"

देवेति। सचन्द्रः रजनी रत्नवान् रत्ना इति यावत्। तदुदितेषु तस्मात् प्रादु-र्भूतेषु, यद्वा तत् तस्येत्यर्थे, उ सम्बोधनार्थे, दितेषु छिन्नभिन्नेषु चैतन्यरहितेष्वित्यर्थः, यद्वा उदितेषु उदयप्राप्तेषु जातेष्वित्यर्थः, शिला च गौश्च, भूरुहाश्च तृणगुल्मलता-वनस्पतिप्रचालेषु तत् तस्य चन्द्रस्य ईदृग्प्रदानं अमितरश्मित्यागः कथमन्यथा सम्भवेत् ? चन्द्रस्य तव दानजलधिनौ रत्नत्वे तु संसर्गजगुणवत्त्वात्तत् सम्भवतीति भावः ॥ २ ॥

করিলেন। মল্লিনাথ উপবেশন করিলে তাঁহাকে রাজা বলিলেন,—বিদ্বন মল্লিনাথ কবে! তুমি উত্তমগাথা রচনা করিয়াছ। সেই কথা শুনিয়া তখন কালিদাস বলিলেন,—উত্তম আর কি বলিব ? তুমি বিদেশগতস্বামিক. যুবতীর চারিত্র্য বর্ণনায় শ্লাঘনীয় হইয়াছ। বিশেষতঃ একএকটি ভাবের প্রতিভট (অনুকরণক্ষম সৈনিকবিশেষ) বর্ণনায়। তখন ভবভূতি বলিলেন,—পঙ্ক্তিকণ্ঠ রাবণের উদ্যানশত্রু বায়ুনন্দনের বর্ণনায় এ গাথা আরও বিশেষত্ব প্রকাশ করিতেছে। মল্লিনাথের গাথারচনার নৈপুণ্যে রাজা সন্তুষ্ট হইয়া তাঁহাকে লক্ষ স্বর্ণমুদ্রা দিয়াছিলেন। আর পাঁচটি হস্তী ও দশটি ঘোটকও দিয়াছিলেন। সেই দানে প্রীত হইয়া বিদ্বান্ রাজাকে স্তব করিলেন,—

হে ভোজদেব ! আমি আজ সম্ভাবনা করি, এই চন্দ্র তোমার দানবারি দ্বারা দেহ ধৌত (শুভ্র, পরিষ্কার) করিয়া উদিত হয় ; অন্যথা কি করিয়া এই সকল জায়মান পর্ব্বত, পৃথিবী, ও ভূমিতে যাহা কিছু জন্মে, সে সকলের নিকটে ঈদৃশ

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततो लोकोत्तरं श्लोकं श्रुत्वा राजा पुनरपि तस्मै लक्षत्रयं ददौ ॥ २ ॥

ततो लिखति स्म भाण्डारिको धर्म्मपत्रे,—

"प्रीतः श्रीभोजभूपः सदसि विरहिणीगूढ़नर्म्मोक्तिपद्यं,
श्रुत्वा हैम्नाञ्च लक्षं दश वरतुरगान् पञ्च नागानयच्छत्।
पश्चात्तत्रैव सोऽयं वितरणगुणसद्वर्णनात् प्रीतचेता,
लक्षं लक्षञ्च लक्षं पुनरपि च ददौ मल्लिनाथाय तस्मै ॥"३ ॥

इति श्रीमद्राजराजेश्वरवल्लालसेनसूरिविरचिते भोजप्रबन्धे मल्लिनाथकविपरिचयप्रबन्धो नाम द्वादशः परिच्छेदः ॥ १२ ॥

प्रीत इति। सदसि सभायां विरहिण्या गूढ़ा गोपनीया नर्म्मोक्तिः 'क्रीड़ोक्तिविहारोक्तिर्वा भावप्रतिभटलिपिः, तद्वत् पद्यं चतुष्पदि श्लोकं। हैम्नां सुवर्णमुद्राणां अशीतिरत्तिकापरिमितानां। नागान् हस्तिनः। वितरणगुणस्य सद्वर्णनात् उपमेयाऽधिकस्य उपमानापकर्षेण साधुतया स्तवनात्। तस्मै पूर्व्वोल्लिखिताय, नान्यस्मै कवये इत्यर्थः ॥ ३ ॥

श्रीमन्महामहोपाध्यायपदवाक्यप्रमाणपारावारपारीण-भैरवचन्द्रविद्यासागरभट्टाचार्य्यसूरिसूनु-श्रीकृष्णविद्यारत्नभट्टाचार्य्यात्मज-श्रीगङ्गाचरणवेदान्तविद्यासागरभट्टाचार्य्यकृतौ भोजप्रबन्धटीकायां काव्यविलासे मल्लिनाथकविपरिचयप्रबन्धो नाम द्वादशः परिच्छेदः ॥ १२ ॥

অপরিমিত অভাবিত তাহার করুরাশির দান সম্ভবপর হয়? রাজা এই অপূর্ব্ব শ্লোক শুনিয়া আবারও তাঁহাকে তিনলক্ষ মুদ্রা দিয়াছিলেন। ২।

তাঁহাকে সমস্ত দেওয়া হইয়া গেলে ভাণ্ডারিক ধর্ম্মপত্রে লিখিল;—মল্লিনাথের শ্লোকে বিরহিণীর গূঢ় নর্ম্মোক্তি শ্রবণ করিয়া শ্রীমান্ ভোজরাজ প্রীতিসহকারে লক্ষ স্বর্ণ মুদ্রা, দশটি অশ্ব ও পাঁচটি হস্তী দান করিয়াছিলেন। পরে সেই সভাতেই মল্লিনাথের কৃত শ্লোকে বিতরণগুণের সদ্বর্ণনায় মনে অতিমাত্র প্রীত হইয়া সেই মল্লিনাথকে আরও তিন লক্ষ দান করিয়াছিলেন। ৩।

ইতি শ্রীমদ্রাজরাজেশ্বরবল্লালসেনসূরিবিরচিতে ভোজপ্রবন্ধে মল্লিনাথকবি-পরিচয়প্রবন্ধনামক দ্বাদশ পরিচ্ছেদ। ১২।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

अथ चरमश्लोकप्रबन्धः ।

ततः कदाचिद्भोजराजः कालिदासं प्रति प्राह,—"सुकवे ! त्वमस्माकं चरमग्रन्थं पठ।" ततः क्रुद्धो राजानं विनिन्द्य कालिदासः क्षणेन तं देशं त्यक्त्वा विलासवत्या सह एकशिलानगरं प्राप। ततः कालिदासवियोगेन शोकाकुलस्तं कालिदासं मृगयितुं राजा कापालिकवेषं धृत्वा क्रमेण एकशिलानगरं प्राप। ततः कालिदासो योगिनं दृष्ट्वा तं साम‍पूर्वं पप्रच्छ, "योगिन् ! कुत्र ते स्थितिरि"ति ? योगी वदति,—"सुकवे ! अस्माकं धारानगरे वसतिरि"ति। ततः कविराह,—"तत्र भोजः कुशली किम् ?" ततो योगी प्राह,—"किं मया वक्तव्यमि"ति ? ततः कविराह,—"तत्राऽतिशयवार्त्ताऽस्ति चेत्, सत्यं कथये"ति। तदा योगी प्राह—"भोजो दिवं गत" इति ।

ततस्तदनन्तरं स्वामिमल्लिनाथकवीन्द्रस्य गृहं प्रति प्रेषणानन्तरमित्यर्थः। चरमे शेषे विनाशे कृतं ग्रन्थम् अनुष्टुभ्छन्दः। यद्वा मरणसम्बन्धि छन्दः। यद्वा चरम एव ग्रन्थः श्लोकः, यस्मादुत्तरं कश्चित् श्लोकं ते श्रोतुं न पारयिष्यामः। कालिदासो हि सरस्वत्यवतारसन्मरणे सत्यं किञ्चिदवश्यं कथयिष्यति ; स्वतश्च न श्रोष्यामीत्यौत्सुक्यम्।

তারপর কোনও এক সময়ে ভোজরাজ কালিদাসের প্রতি বলিলেন,—সুকবে ! তুমি আমাদিগের মৃত্যুর পরের একটি শ্লোক করিয়া পাঠ কর। (সত্য কথা শুনিয়া মরি)। রাজার সেই কথায় মহাক্রুদ্ধ হইয়া রাজাকে নিন্দা করিলেন, এবং অল্প সময়ের মধ্যেই কালিদাস সে দেশ ত্যাগ করিয়া বিলাসবতীর সহিত একশিলানগরে গিয়া উপস্থিত হইয়াছিলেন। ক্রোধে অধীর হইয়া কালিদাস চলিয়া গেলে, কালিদাসের বিয়োগে রাজা শোকাকুল হইয়া তাঁহাকে অন্বেষণ করিবার জন্য কাপালিকের বেশ ধারণ করিয়া ক্রমে একশিলানগরে যাইয়া উপস্থিত হইয়াছিলেন। তারপর কালিদাস যোগীকে দেখিয়া তাঁহাকে প্রিয়বাক্যে জিজ্ঞাসা করিলেন,—হে

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ततः कविर्भूमौ निपत्य विलपति,—"देव! त्वां विनाऽस्माकं क्षणमपि भूमौ न स्थितिः, अतस्त्वत्समीपमहमागच्छामी"ति कालिदासो बहुशो विलप्य चरमश्लोकं कृतवान्,—

"अद्य धारा निराधारा निरालम्बा सरस्वती।
पण्डिताः खण्डिताः सर्वे भोजराजे दिवं गते॥" १॥

एवं यदा कविना चरमश्लोक उक्तस्तदैव स योगी भूतले विसंज्ञः पपात।

ततः कालिदासस्तथाविधं तमवलोक्य "अयं भोज एवे"ति

सामपूर्व्वं प्रियवचनपूर्व्वकं यथास्यात्, तथा। अतिशयवार्त्ता स्वभावातिरिक्तसंवादः। अद्येति। भोजराजे दिवं स्वर्गं गते प्राप्ते मृते सति, अद्य भोजाभावदिवसे धारा नाम नगरी निराधारा निराश्रया जाता, सरस्वती निरालम्बा अवलम्बनहीना विधवा वृत्ता, सर्व्वे पण्डिताश्च खण्डिताः निरानन्ताः हताः सम्वृत्ताः, अन्ये तु नामधारिणः सर्व्व एव इति भावः॥ १॥

যোগিন্! তোমার অবস্থিতি কোথায় হয়? যোগী বলিলেন,—হে সুকবে! আমাদিগের ধারানগরে বসতি। তারপর কালিদাস বলিলেন,—সেখানে ভোজ কুশলে আছেন কি? তাহার উত্তরে যোগী বলিলেন,—আমি আর কি বলিব? তাহা শুনিয়া কবি বলিলেন,—সেখানকার সংবাদ যদি অন্যরূপ অধিক কিছু থাকে, তবে সত্য করিয়া বল। তখন যোগী বলিলেন,—ভোজ স্বর্গে গিয়াছেন। সেই কথা শুনিয়া কবি ভূমিতে পড়িয়া প্রলাপ বকিতে থাকিলেন,—হায়, মহারাজ! তোমা ছাড়া আমাদিগের একক্ষণও থাকা অসম্ভব। এ হেতু তোমার নিকটে আমি আসিতেছি। এইরূপে কালিদাস বহু প্রকার বিলাপ করিয়া চরমশ্লোক করিয়াছিলেন,—আজ ধারা নিরাশ্রয় হইল, সরস্বতী আলম্বনহীন বিধবা হইল, আজ ভোজরাজ স্বর্গে গিয়াছেন, আজ পণ্ডিত সকল আর কেহই থাকিল না। পৃথিবী পণ্ডিতশূন্য হইল!॥ ১॥

এইরূপে যখন কালিদাস চরমশ্লোক পাঠ করিলেন, তখনই সেই যোগী হতচৈতন্য হইয়া ভূতলে পতিত হইয়াছিলেন। তারপর কালিদাস তাঁহাকে সেইরূপ দেখিয়া

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

निश्चित्य,—"अहह ! तत्रभवताऽहं वञ्चितोऽस्मि" इत्यभिधाय झटिति तं श्लोकं प्रकारान्तरेण पपाठ,—

"अद्य धारा सदाधारा सदालम्बा सरस्वती।
पण्डिता मण्डिताः सर्वे भोजराजे भुवं गते॥"

ततो भोजस्तमालिङ्ग्य प्रणम्य धारानगरं प्रति ययौ॥ २॥

इति श्रीमद्राजराजेश्वर-निःशङ्कशङ्करगौड़ेश्वर वल्लालसेनसूरिविरचिते भोजप्रबन्धे चरमश्लोकप्रबन्धो नाम त्रयोदशपरिच्छेदः॥१२॥

तत्रभवता पूज्येन त्वया। सदाधारा साध्वाश्रया, सदालम्बा साध्ववलम्बना सनाथा। मण्डिता अलङ्कृताः सम्मानेन, भुवं गते भुवि पतिते, जाते इति श्लेषः। अत्र केचित् "शैल" इत्यादि श्लोकं पठन्ति, तच्च अमूलत्वादुपेक्ष्यतेऽस्माभिः।

भोजप्रबन्धटीकेयं फाल्गुनाद्यदिने शनौ।
सम्पूर्णाऽष्टादशशतं षट्त्रिंशदधिके शके॥ इति।

श्रीमन्महामहोपाध्यायपदवाक्यप्रमाणपारावारपारीण-भैरवचन्द्रविद्यासागरभट्टाचार्य्य-सूरिसूनु-श्रीकृष्णविद्यारत्नभट्टाचार्य्यात्मज श्रीगङ्गाचरणवेदान्तविद्यासागरभट्टाचार्य्यस्य कृतौ भोजप्रबन्धटीकायां चरमश्लोकप्रबन्धो नाम त्रयोदशपरिच्छेदः॥ १३॥

अत्र सम्पूर्णो ग्रन्थः।

'ও—ইনি যে ভোজ' এইরূপ নিশ্চয় করিয়া দেখিয়া বলিলেন—হায়, হায়! মহারাজ! আপনি আমায় প্রবঞ্চনা করিলেন। এই বলিয়া তখনই সেই শ্লোক প্রকারান্তর করিয়া পাঠ করিলেন,—আজ ভোজরাজ ভূমিগত হইয়াছেন; সুতরাং আজ ধারানগরী সাধুর আশ্রিতা, সরস্বতী সাধুর অধীনা, আজ সকলপণ্ডিতই ভূষিত হইয়াছেন। তারপর ভোজ তাঁহাকে আলিঙ্গন করিয়া প্রণাম করিয়া ধারানগরে প্রতিগমন করিয়াছিলেন।

ইতি শ্রীমদ্রাজরাজেশ্বরবল্লালসেনসূরিবিরচিতভোজপ্রবন্ধে চরমশ্লোক-প্রবন্ধনামক ত্রয়োদশ পরিচ্ছেদ॥ ১৩॥

ভোজপ্রবন্ধ সম্পূর্ণ।

...ngamwadi Math, Varanasi
Acc. No. 5412
CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

SRI JAGADGURU VISHWARADHYA
JNANA SIMHASAN JNANAMANDIR
LIBRARY,
Jangamwadi Math, VARANASI,
Acc. No. ~~3087~~ 6087
5412 ~~3578~~
CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri

ইংরাজীভাষা।

তিন চারি মাসে ইংরাজীভাষা শিক্ষা করিবার সহজ উপায়।

শ্রীব্রজেন্দ্রকুমার সরকার বি, এ, প্রণীত।

এই পুস্তকের সাহায্যে শিক্ষকের বিনা উপদেশে ঘরে বসিয়া অল্পদিনের মধ্যে ইংরাজী ভাষা উত্তমরূপে শিক্ষা করা যায়। ইংরাজী ভাষা শিক্ষার পক্ষে এরূপ উৎকৃষ্ট পুস্তক এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। কাহারও নিকট কিছুমাত্র সাহায্য গ্রহণ না করিয়া এই পুস্তকের সাহায্যে ইংরাজী ভাষায় অধিকার লাভ করিতে পারা যায়। অর্থাৎ বর্ণপরিচয় হইতে আরম্ভ করিয়া ইংরাজীতে চিঠিপত্র লেখা কথাবার্ত্তা বলা প্রভৃতি যাবতীয় বিষয় অনায়াসে শিক্ষা করা যায়। বিদ্যালয়ের ছাত্রেরা এই পুস্তক হইতে বিশেষ উপকার লাভ করিতে পারিবেন। ছাত্রদিগের জ্ঞাতব্য অনেক বিষয় ইহাতে সন্নিবেশিত আছে। তিন চারি মাস কাল এই পুস্তক পাঠ করিলে ইংরাজীভাষায় মোটামুটি জ্ঞান জন্মিবে, তদ্বিষয়ে সন্দেহ নাই। প্রত্যেক লোকের এই পুস্তক একখানা ঘরে রাখা অবশ্যকর্ত্তব্য। মূল্যও অতি সুলভ [illegible] দশ আনা মাত্র।

প্রকাশক—

ফ্রেণ্ড এণ্ড কোং।

৫৯ নং ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।

CC.0- Jangamwadi Math Collection. Digitized by eGangotri